কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাঙ্গালা পুঁথিশালায় রক্ষিত

প্রাচীন পুঁথির পরিচয়

[A General Catalogue of Bengali Manuscripts in the Library of the University of Calcutta]

(দ্বিতীয় খণ্ড)

অধ্যাপক মণীন্দ্রমোহন বসু এম. এ.

ও

শ্রীপ্রফুল্লচন্দ্র পাল এম. এ.

পুঁথিশালাধ্যক্ষ, কলিকাতা বিশ্ববিদ্যালয়

কর্তৃক সম্পাদিত

কলিকাতা বিশ্ববিদ্যালয়

১৯৬৪

ভারতবর্ষে মুদ্রিত।
বিশ্ববিদ্যালয়ের প্রেসের সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীশিবেন্দ্রনাথ কাঞ্জিলাল কর্তৃক
৪৮ হাজরা রোড, কলিকাতা হইতে প্রকাশিত।

মূল্য—১০.০০

মুদ্রক :
শ্রীশৈলেন্দ্রনাথ গুহ রায়
শ্রীসরস্বতী প্রেস লিমিটেড, কলিকাতা-৯

"তোমার মহান কীর্তি বিমাতার পূজার মন্দিরে।
সমান সম্মানে তুমি প্রতিষ্ঠিলে বঙ্গজননীরে॥"

সেই বঙ্গজননীর প্রখ্যাত-কীর্তি সন্তান
আধুনিক বাঙ্গালার শিক্ষাসংগঠক

স্যার আশুতোষ মুখোপাধ্যায় কেটি.,

ডি. লিট., ডি. এল., সি-এস-আই, সরস্বতী, শাস্ত্রবাচস্পতি,
সম্বুদ্ধাগমচক্রবর্তীর জন্ম-শতবর্ষ-পূর্তি উপলক্ষ্যে

কলিকাতা বিশ্ববিদ্যালয়—পুঁথি সংগ্রহাগারের "বাঙ্গালা পুঁথির পরিচয়"
শ্রদ্ধার সহিত উৎসর্গীকৃত হইল

ভূমিকা

পুঁথিশালার ইতিহাস

ইংরাজ রাজত্বের পূর্ণ গৌরবের যুগে ইংরেজির পাশাপাশি একই পুজাবেদীতে মাতৃভাষা ও সাহিত্যের প্রতিষ্ঠা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন উপাচার্য স্যার আশুতোষের অপূর্ব কীর্তি। তাঁহার একান্ত আগ্রহেই কলিকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর বিভাগে বাঙ্গালা ভাষা ও সাহিত্যের শিক্ষা-ব্যবস্থা প্রথম প্রবর্তিত হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর বিভাগে বাঙ্গালা ভাষা ও সাহিত্যের শিক্ষা-ব্যবস্থা প্রচলিত হওয়ার পর বাঙ্গালা প্রাচীন গ্রন্থাদি পঠন ও পাঠনের ব্যবস্থা নির্দিষ্ট হয়। দুঃখের বিষয়, সে সময়ে স্নাতকোত্তর বিভাগে প্রাচীন বাঙ্গালা সাহিত্য-বিষয়ক যোগ্য গ্রন্থের একান্ত অভাব ছিল। তদানীন্তন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে উপযোগী প্রাচীন গ্রন্থাদি প্রকাশ করিবার জন্য আগ্রহ প্রকাশ করিতে থাকেন। তাঁহার অন্যতম উদ্দেশ্য ছিল বাঙ্গালা ভাষা ও সাহিত্য বিষয়ে ভাবী গবেষকদের গবেষণার সম্ভাবনা ও সম্ভার প্রসার করা। স্নাতকোত্তর শ্রেণীর (বাঙ্গালা) প্রথম প্রধান অধ্যাপক হইলেন ডঃ দীনেশ চন্দ্র সেন। স্যার আশুতোষের প্রেরণায় তিনিই প্রথম বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী লইয়া বাঙ্গালা প্রাচীন সাহিত্য গবেষণায় ব্রতী হ'ন।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্পর্শে আসিবার পূর্বে দীনেশচন্দ্র সেন মহাশয় তাঁহার ব্যক্তিগত প্রচেষ্টায় বাঁকুড়া পাত্রশায়র নামক স্থানের অধিবাসী রামকুমার দত্তের সহায়তায় প্রচুর বাঙ্গালা পুঁথি সংগ্রহ করিয়া আসিতেছিলেন। পরে রামকুমার দত্ত দীনেশবাবুর সুপারিশে বিশ্বকোষ-সম্পাদক প্রাচ্যবিদ্যামহার্ণব নগেন্দ্রনাথ বসুর অধীনে এই পুঁথি-সংগ্রহ কার্যে নিযুক্ত হ'ন।

কালক্রমে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা এম. এ. বিভাগ প্রবর্তনের পর ডঃ দীনেশচন্দ্র সেন মহাশয় বিশ্বকোষ-সম্পাদক নগেন্দ্রনাথ বসু মহাশয়কে বিশ্বকোষের সমগ্র প্রাচীন পুঁথিশালা বিশ্ববিদ্যালয়কে সমুচিত মূল্যে বিক্রয় করিবার জন্য অনুরোধ করেন। নগেন্দ্রবাবু রাজী হইলে স্যার আশুতোষের কাছে এই সংবাদটি প্রেরিত হইল। তিনি বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে তিন হাজার টাকার বিনিময়ে নগেন্দ্রবাবুর সমস্ত পুঁথি ক্রয় করিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে প্রাচীন বাঙ্গালা পুঁথিশালার প্রবর্তন হইল নগেন্দ্রবাবুর প্রাচীন পুঁথিগুলি দিয়া। লিপিবিদ্যায় পারদর্শী বসন্তরঞ্জন রায় মহাশয়কে এই পুঁথিশালার রক্ষণাবেক্ষণের ভার দেওয়া হইল। তিনিই সর্বপ্রথম সুদক্ষ কর্মচারীর সহায়তায় পুঁথির তালিকা প্রস্তুত করিতে থাকেন। ডঃ দীনেশচন্দ্র সেন মহাশয় এই পুঁথিগুলির উপর নির্ভর করিয়া একটি পুস্তক দুই খণ্ডে প্রকাশিত করেন,—পুস্তকটির নাম, Typical Selections from Old Bengali Literature.

নগেন্দ্রবাবুর সংগৃহীত পুঁথিগুলি দিয়া কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন পুঁথিশালার সূত্রপাত হইলে রামকুমারের পুত্র অবিনাশও এই সংগ্রহালয়ের জন্য বহু পুঁথি সংগ্রহ করিয়া দেন। ইহার পরে সনৎকুমার মুখোপাধ্যায় সাব্ ডেপুটি মহাশয় বীরভূম হইতে বিশ্ববিদ্যালয়ের জন্য অনেক পুঁথি সংগ্রহ করিয়া দেন। বিশ্ববিদ্যালয়ের সামান্য বেতনের করণিক হরিদাস পালিত বিশ্ববিদ্যালয়কে তাঁহার নিজস্ব সংগৃহীত সকল পুঁথি দান করেন। ইহার পর ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়ের রামতনু লাহিড়ী অধ্যাপক পদে অধিষ্ঠিত থাকাকালীন কাশিমবাজারের বর্তমান রাজকুমার শ্রীসোমেন্দ্রচন্দ্র নন্দী তাঁহার পারিবারিক গ্রন্থাগারে সংরক্ষিত সকল বাঙ্গালা পুঁথি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় বিনা সর্তে দান করেন। কাশিমবাজারের রাজকুমারের প্রদত্ত পুঁথিগুলির সংখ্যা দুই শতাধিক হইবে এবং বেশীরভাগ পুঁথিই বৈষ্ণবধর্ম-বিষয়ক। সম্প্রতি মৎ কর্তৃক "রসকল্পবল্লী" নামক যে বৈষ্ণব অলঙ্কার-গ্রন্থ কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশিত হইয়াছে, তাহার আদর্শ পুঁথি কাশিমবাজার রাজকুমার কর্তৃক প্রদত্ত পুঁথিগুলির অন্যতম।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমান রামতনু লাহিড়ী অধ্যাপক ডঃ শশিভূষণ দাশগুপ্ত মহাশয় প্রাচীন পুঁথিশালার পুষ্টি-সাধনে অভূতপূর্ব উৎসাহ ও আগ্রহ প্রদর্শন করিতেছেন। তাঁহার এক ছাত্র শ্রীসুনীতকুমার শেঠ তাঁহার নিজস্ব

সংরক্ষিত বাঙ্গালা পুঁথিগুলি বিনাসর্তে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় দান করিয়াছেন। এতদ্ব্যতীত তিনি উল্লেখযোগ্য পুঁথি বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালার জন্য ক্রয়ের ব্যবস্থা করিয়া দিয়াছেন। সম্প্রতি গোপীবল্লভপুরের গোস্বামীদের পারিবারিক গ্রন্থাগার হইতে মৎ কর্তৃক আনীত কতকগুলি পুঁথি কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত পুস্তকের বিনিময়ে আমাদের প্রাচীন পুঁথিশালার জন্য লাভ করিয়াছি।

সম্প্রতি আমাদের সংগ্রহশালার পুঁথির সংখ্যা ৭০০০-এর অধিক হইবে। ইহাদের মধ্যে প্রাচীন বাঙ্গালা পুঁথি ব্যতীত ওড়িয়া, সংস্কৃত ও নেপালী পুঁথিও আছে। সংস্কৃত পুঁথিগুলির মধ্যে বেশীর ভাগই বৈষ্ণবধর্ম সম্বন্ধীয় নিবন্ধ ও কড়চা। বিশ্ববিদ্যালয়-সংগৃহীত বাঙ্গালা পুঁথির মধ্যে রামায়ণ, মহাভারত ও বৈষ্ণব পদাবলীর সাধারণ সূচীর তিন খণ্ড বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, মণীন্দ্রমোহন বসু ও বসন্তকুমার চট্টোপাধ্যায়ের সম্পাদনে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত হয় (খ্রীঃ ১৯২৬—খ্রীঃ ১৯৩০)। ১৯৪০ সালে আর একখানি পুঁথির সংখ্যানুক্রমিক পরিচয়-তালিকা আংশিকভাবে প্রকাশিত হয়। বর্তমানে সেই তালিকা সম্পূর্ণ করা যাইতেছে। তালিকাটির বেশীর ভাগ ইংরাজিতেই সংকলিত হইয়াছিল।

বাঙ্গালা প্রাচীন সাহিত্যের সকল শ্রেণীর নিবন্ধই পুঁথিশালায় সংরক্ষিত হইয়াছে। রামায়ণ, মহাভারত, ভাগবতের অনুবাদ, মঙ্গল-কাব্যের সকল বিভাগের গ্রন্থ, বিজয়-কাব্য, জ্যোতিষ, অলঙ্কার, ঐতিহাসিক কাব্য, প্রাচীন দলিল দস্তাবেজ, ব্যাকরণ, লোকগীতি, লোকগাথা, হেঁয়ালী, প্রবচন, বৈষ্ণব পদাবলী, শ্রীচৈতন্যদেবের ও বৈষ্ণব আচার্যগণের জীবনচরিত, বৈষ্ণব ধর্মতত্ত্ব, বৈষ্ণব অলঙ্কার বিষয়ক নিবন্ধ প্রভৃতি পুঁথিশালায় সংরক্ষিত আছে।

প্রাচীন সাহিত্যের গবেষকগণ এই পুঁথিশালা হইতে প্রভূত পরিমাণে উপকৃত হইবেন, ইহা অনস্বীকার্য।

রামায়ণের পুঁথি

রামায়ণ, মহাভারতের পুঁথির সংখ্যা আমাদের সংগ্রহালয়ে সর্বাপেক্ষা অধিক। রামায়ণের ভিতর কৃত্তিবাসের ভনিতাযুক্ত পুঁথি সর্বাধিক। বাংলা দেশে কৃত্তিবাসের জনপ্রিয়তা যে সুদীর্ঘকাল হইতে প্রতিষ্ঠিত ছিল, তাহা পুঁথির পুষ্পিকায় মালিকদের নাম দেখিলে স্পষ্টই বুঝা যায়। যাহাদের বাটীতে কিছু বাঙ্গালা পুঁথি আছে, তাহাদের কাছে রামায়ণের দুই একটি পালা দেখা যাইবে।

কৃত্তিবাসের আত্মকাহিনী যাহা আমরা ডঃ দীনেশচন্দ্র সেনের "বঙ্গভাষা ও সাহিত্য" নামক গ্রন্থে দেখিতে পাই, তাহা সর্বপ্রথম নগেন্দ্রনাথ বসু মহাশয়ের বঙ্গের জাতীয় ইতিহাসের ১ম খণ্ডে ১৩০৫ সালে প্রকাশিত হয়। হারাধন দত্ত নগেন্দ্রবাবুকে এই আত্মকাহিনী-সম্বলিত পুঁথির পাতা দিয়াছিলেন। কৃত্তিবাসের এই আত্মবিবরণীতে তাঁহার জন্ম সালের যে ইঙ্গিত দেওয়া আছে, তাহা এই—

"আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস।
তথি মধ্যে জন্ম লইলাম কৃত্তিবাস॥"

কৃত্তিবাসের এই জন্মতারিখের সঠিক ব্যাখ্যা লইয়া বিদ্বদ্দের মধ্যে তর্কের শেষ নাই।

সম্প্রতি অধ্যাপক চিন্তাহরণ চক্রবর্তী মহাশয় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কৃত্তিবাসের পুঁথি সতর্কতার সহিত পর্যবেক্ষণ করিয়া যে বিবরণ প্রদান করিয়াছেন (সাহিত্য পরিষৎ পত্রিকা ৬৪।২৫৩-২৬২) যাহা পাঠ করিলে আত্মবিবরণীতে লিখিত জন্মতারিখের ইঙ্গিতটির সম্বন্ধে সকল বিতর্কের অবসান হইবে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কয়েকটি পুঁথিতে কৃত্তিবাসের আত্মবিবরণে উল্লিখিত জন্মতারিখের তুল্য কয়েকটি বিবরণ আমরা পাইতেছি রঘুবংশের রাজকুমারদের জন্ম তারিখের ইঙ্গিত স্বরূপ :—

(১) আদিত্যবার পঞ্চমী পুণ্য মাঘ মাস।
পুত্র প্রসবিল কন্যা রাত্রি অবশেষে॥

(ত্রিশঙ্কুর পুত্র কন্যাদের জন্ম)

(২) আদিত্যবার পঞ্চমী পুণ্যাহ মাঘ মাসে।
প্রসবিল পুত্র রাণী জন্ম বিষ্ণু অংশে ॥

(দশরথের জন্ম)

(৩) আদিত্যবার পুণ্যমাসি পুণ্য মাঘ মাসে।
প্রসব হইল রানী রাত্রি অবশেষে।

(অজাবৃত্তের পুত্র ভরতের জন্ম)

(৪) আদিত্যবার পৌর্ণমাসি প্রথম মাসে।
প্রসবিল রাজরাণী রাত্রি অবশেষে।

(ভরতের জন্ম)

এই সকল জন্মতারিখের সহিত কৃত্তিবাসের জন্মতারিখের মিল সুস্পষ্ট। ইহা হইতেই পরিস্ফুট যে শুভদিন বা শুভ মাসগুলি কবি বিশিষ্ট ব্যক্তিদের সহিত জড়াইয়া দিয়াছেন, কৃত্তিবাসের জন্মতারিখের সহিত তাহার মিল দেখা যায়। এ বিষয়ে অধ্যাপক চিন্তাহরণ চক্রবর্তীর যুক্তি এই যে কৃত্তিবাসের আত্মবিবরণীতে প্রদত্ত তাঁহার জন্মসময়টি বিশ্বাসযোগ্য নহে, যেহেতু পুঁথির মধ্যে অন্যত্র রঘুবংশের বিভিন্ন পুরুষের জন্মসময় ঐ একই থাকায় ইহার গূঢ় সঙ্কেত অন্য কিছু আছে বলিয়া মনে করার যথেষ্ট কারণ আছে। সঙ্কেতটি এইরূপ হইতে পারে যে, উহা কবির একান্ত পছন্দসই আদর্শ কোন তিথি, অথবা উহাই কবির প্রকৃত জন্মসময় যাহা বারংবার তিনি অন্যের ক্ষেত্রেও প্রয়োগ করিতেছেন। বিদগ্ধজন কৃত্তিবাসের জন্মদিন লইয়া যেরূপ বাদানুবাদ করিয়াছেন, বিশ্ববিদ্যালয়ের সংগৃহীত পুঁথিগুলির উপরি-উক্ত অংশবিশেষ পাঠ করিলে, তাঁহাদের মতের বিভিন্নতা, আশা করি, দূর হইবে।

১৩০৭ সালে ও ১৩১০ সালে হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্ হইতে কৃত্তিবাসের অযোধ্যাকাণ্ড ও উত্তরকাণ্ড সম্পাদন করিয়া প্রকাশিত করেন। কিন্তু এই বিষয়ে তিনি আর অগ্রসর হইতে পারেন নাই। ১৩৪৩ সালে নলিনীকান্ত ভট্টশালী মহাশয় রামায়ণের আদিকাণ্ডের এক সংস্করণ সম্পাদিত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে তাহা প্রকাশিত হয়। দুর্ভাগ্যের বিষয়, হীরেন্দ্রনাথ দত্ত ও নলিনীকান্ত ভট্টশালী কৃত্তিবাসের রামায়ণের অপরাপর কাণ্ড সম্পাদন করিতে যে অগ্রসর হইতে পারেন নাই তাহার মূল কারণ কৃত্তিবাসের নামে প্রচলিত একই পালায় বিভিন্ন পুঁথির পাঠের গরমিল। বিভিন্ন পুঁথির পাঠ মিলাইয়া নলিনীবাবু কৃত্তিবাসের আদিকাণ্ডের যে সংস্করণ প্রকাশিত করিয়াছেন তাহার মধ্যে মূল পাঠের সঙ্গে যে সকল পাঠান্তর সংযুক্ত করিয়া দিয়াছেন, তাহাদের মধ্যে সামঞ্জস্য অপেক্ষা অসামঞ্জস্যই অধিক দেখা যায়। এই অবস্থায় কৃত্তিবাসের মূল পাঠ ঠিক করা বিশেষ দুরূহ।

বিশ্ববিদ্যালয়ের পুঁথিগুলির মধ্যেও এইরূপ বিভিন্ন পাঠ দেখিতে পাওয়া যায়। এস্থলে ১৩নং পুঁথির সহিত অন্যান্য পুঁথির পাঠ মিলাইয়া দেখান হইতেছে।

(ক) ১৩নং পুঁথিটির গোড়ার দিকে নারায়ণের বর্ণনা, লক্ষণ প্রভৃতি তাঁহার সেবায় নিযুক্ত, দেবগণের উপস্থিতিতে জগতে রামনামের প্রচারের অভাব ও অধর্মের অভ্যুত্থান দেখিয়া নারদ চ্যবন-পুত্রের নাম করিয়া ব্রহ্মাকে আশ্বাস দিলেন যে অচিরে রামনাম জগতে প্রচারিত হইবে।

(খ) এই পুঁথির সহিত ৪নং পুঁথির প্রারম্ভের দিকের কোন মিল নাই, ৪নং পুঁথিতে দেখা যায় যে ব্রহ্মা সরস্বতীকে পৃথিবীতে অবতীর্ণ হইয়া রামভক্তের কণ্ঠে থাকিয়া রামনাম প্রচারের জন্য অনুরোধ জানাইতেছেন; ব্রহ্মার অনুরোধে সরস্বতী বাল্মীকি মুনিকে কবিত্বলাভের বর দিয়াছেন। এদিকে নারদমুনিও বাল্মীকিকে রাম-চরিত শুনাইয়া আসিয়াছেন। একদিন এক ব্যাধ পক্ষিমিথুনের মধ্যে একটিকে নিধন করিয়া ফেলিলে, বাল্মীকি মুনির মুখ হইতে ভাবাবেগে শ্লোক উচ্চারিত হইয়া তাঁহার কবিত্বশক্তি প্রকাশ হয়। ইহার পর বাল্মীকি মুনি রামায়ণ-কাহিনী রচনা করিতে আরম্ভ করেন।

(গ) ১৩নং পুঁথিতে দশরথের সন্তান-লাভের প্রসঙ্গে এইরূপ আছে যে দশরথ অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান করিয়া পুত্রসন্তান লাভ করেন। ১৭নং পুঁথিতে এইরূপ আছে যে কৌশল্যার পুত্রজন্ম ব্যাপারে কৈকেয়ী মর্মাহত হইয়া পড়েন এবং মন্থরা কৈকেয়ীকে এইরূপে প্ররোচিত করে যে তাঁহার গর্ভে সন্তান হইলে সেই রাজা হইবে। ১৭নং পুঁথির পাঠ এইরূপ,—

মর্ম বুঝি মন্থরা কহিছে জোড় হাতে।
এখনি তনয় হবে তোমার গর্ভেতে॥
প্রকারেতে ছত্রদণ্ড ধরাইব তায়।
মোর ঠাঁই আছে রাণী অনেক উপায়॥ ১৭।৪৫ক

(ঘ) অহল্যা-উদ্ধার প্রসঙ্গে দেখা যাইবে,—যে ১৩নং পুঁথির সহিত অন্য কোন পুঁথির বিশেষ মিল নাই। ১৭নং পুঁথির পাঠে দেখা যায় যে অহল্যা "রামের পদরেণু" পাইয়া মুক্তিলাভ করেন এবং পরে অহল্যা রামকে তাহার পাপের বিষয় জ্ঞাত করাইলেন। ৩নং পুঁথিতে অহল্যা উদ্ধার, গঙ্গা-আনয়ন-কাহিনী ও গঙ্গা পার হওয়ার কথা আছে। ৪নং পুঁথিতে ভগীরথ কর্তৃক গঙ্গা আনয়নের বৃত্তান্ত বিস্তারিতভাবে বর্ণিত রহিয়াছে।

অধ্যাপক চিন্তাহরণ চক্রবর্তী মহাশয় কৃত্তিবাসের রামায়ণ পুঁথির, বিশেষ করিয়া, আদিকাণ্ডের পুঁথির পাঠ আলোচনা করিয়া এইরূপ অভিমত প্রকাশ করেন—(সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ৬৫।২৩২)

"পুঁথিগুলির মধ্যে যে যে অংশে কাহিনীগত মিল রহিয়াছে, তাহা মিলাইতে গিয়া হতাশ হইতে হইয়াছে। পাঠের মিল খুব কমই আছে। খুঁটিনাটি বিষয়ে কাহিনীগত পার্থক্য যথাস্থানে কিছু-কিছু উল্লিখিত হইয়াছে। এগুলি কৌতুককর, সন্দেহ নাই। পুরাণ-কাহিনীর বিবর্তনের ইতিহাসে ইহাদের মূল্য অস্বীকার করিবার উপায় নাই।"

(ঙ) দ্বিজ গঙ্গানারায়ণের কয়েকটি খণ্ডিত রামলীলার পুঁথি[১] পাওয়া গিয়াছে। কবির পিতার নাম সুবেণ, ইনি কৃত্তিবাসের খুল্লতাত ভ্রাতা লক্ষীধরের পৌত্র।

(চ) কবিচন্দ্রের রামায়ণ—কবিচন্দ্রের রচিত রামায়ণের অযোধ্যাকাণ্ড বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে রহিয়াছে, তাঁহার ভনিতা এইরূপ পাওয়া যায়,—"সীতার বুঝিয়া মন প্রভু দিল সায়। রামলীলা রামায়ণ কবিচন্দ্র গায়॥" (ক ৩১)

(ছ) গঙ্গাদাস সেনের উত্তরকাণ্ডের[২] যতটুকু অংশের পুঁথি আমাদের সংগ্রহে রহিয়াছে, তাহা পাঠ করিয়া জানা যায় যে কবি শুধু বাল্মীকির ভাব সংগ্রহ করিয়াছেন তাহা নহে, তাঁহার রচনায় জৈমিনি ভারতের ছাপও রহিয়াছে।

(জ) দ্বিজ শঙ্কর ও শঙ্করদাস ভনিতায় রামায়ণের[৩] অযোধ্যা, কিষ্কিন্ধ্যা ও লঙ্কাকাণ্ডের কিছু অংশ আমরা এই সংগ্রহে পাইতেছি। শঙ্কর সমগ্র রামায়ণ রচনা করিয়াছিলেন বলিয়া বোধ হয়। শঙ্করের উপাধি বন্দ্যোপাধ্যায়, পিতার নাম বিজয়রাম ও গোবিন্দ তাঁহার পিতামহের নাম। কবি নিজেকে ভবানীশঙ্কর নামেও অভিহিত করিয়াছেন।

(ঝ) লক্ষ্মণ কবির রামের যুদ্ধ[৪]-পালার পুঁথি পাওয়া যাইতেছে। লক্ষণের রচিত সমগ্র রামায়ণের পুঁথি পাওয়া যায়। লক্ষণ বন্দ্যোপাধ্যায়ের নামে মহাভারত পাওয়া যায়, তবে রামায়ণ-রচয়িতা লক্ষণ ও লক্ষণ বন্দ্যোপাধ্যায় এক ব্যক্তি কি না, তাহা বিচার-সাপেক্ষ। দ্বিজ ভবানীনাথের "লক্ষণের দিগ্‌বিজয়"[৫] পুঁথি আমাদের সংগ্রহে রহিয়াছে। তাঁহার কিঞ্চিৎ পরিচয় যাহা তিনি এই গ্রন্থে রাখিয়া গিয়াছেন, নিম্নে তাহা উদ্ধৃত হইল—

জএছন্দ নরপতি রসিক সুজন অতি
সভাসদ ভবানি ব্রাহ্মণ।

---

২ গঙ্গাদাস সেন কবি রচিলেক সর্ব। ১ ক ২৭৩১
ব্যাসমুনি যাকা জান অষ্টাদশ পর্ব॥ ক ২১৪৮
২ ক ২০৩, ৩ ক ৭৪, ৪ ক ২৮৪, ৫ ক ২৪৬-৭

তাকে বোলে পদবন্দ কর অতি স্বচ্ছন্দ
তরিতে পারেক লোক জত।

(ঞ) জগদ্রামের রামায়ণ—জগদ্রাম রায় তাঁহার পুত্র রামপ্রসাদ রায়ের সাহায্যে একটি সম্পূর্ণ রামায়ণ রচনা করেন। গ্রন্থটি "অদ্ভুত রামায়ণ" নামেই পরিচিত। আদি, অযোধ্যা, অরণ্য, কিস্কিন্ধ্যা, সুন্দরা, লঙ্কা, পুষ্কর ও উত্তরকাণ্ডে ইহা বিভক্ত। পুত্র রামপ্রসাদ রায় লঙ্কা ও উত্তরকাণ্ড বিস্তারিতভাবে লিখিয়াছিলেন।

(ট) মেদিনীপুর জেলার সাহাপুর পরগণার অন্তর্গত কোলকুড্যা গ্রাম নিবাসী কমললোচন দত্ত একটি রামায়ণ[১] রচনা করিয়াছিলেন। বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে কবির স্বহস্তে লিখিত অরণ্য, সুন্দরা, লঙ্কা ও উত্তরকাণ্ড পাওয়া যায়। উত্তরকাণ্ডের শেষে কবির মাতাপিতার নাম ও গ্রন্থ রচনার কাল পাওয়া গিয়াছে—

মাতা পদ্মাবতী পিতা কর্ত্তারাম দত্ত।
কমললোচন নাম জাতিএ কায়স্থ।

ইতি গ্রন্থ সমাপ্তি ১২৪৯ সালে, তারিখ ১৮ই শ্রাবণ রবিবার বৈকালে; স্বাক্ষর শ্রীকমললোচন দত্ত।

(ঠ) শিবরামের 'লক্ষ্মণের শক্তিশেল'[২]—নামে একটি পালা পাওয়া গিয়াছে।

(ড) দ্বিজ পঞ্চাননের উত্তরকাণ্ডের[৩] পুঁথির যে খণ্ডটি আমাদের রহিয়াছে, তাহার বিষয়বস্তুর সহিত কৃত্তিবাসের উত্তরাকাণ্ডের খুবই মিল দেখিতে পাওয়া যায়।

(ঢ) হরিচরণের প্রণীত রামায়ণের অন্তর্ভুক্ত কতকগুলি সঙ্গীতের সন্ধান পাওয়া যায়, সেগুলি মধুকণ্ঠের ভনিতাযুক্ত। "শুকপরীক্ষিত সংবাদে" নিম্নলিখিতরূপ কবির পরিচয় পাওয়া যায়,—

দ্বিজ মিশ্রী রামকান্ত কামদেব মিশ্রীতাত
রমাকান্ত-সুত দাশরথী।
মুনিরাম তার সুত কৃষ্ণ ভজে অবিরত
সদাকাল নারায়ণে মতি।

(ণ) দ্বিজ মানিকচন্দ্রের লঙ্কাকাণ্ড[৪] পালা, রামচন্দ্রের সুন্দরকাণ্ড[৫] পালা ও রঘুনন্দনের গয়াপালা[৬] পাওয়া গিয়াছে। ভিখুন দাস ওরফে কৃপারাম দাসের একখণ্ড অরণ্যকাণ্ড[৭] পুঁথিও মতিরামের একটি কুম্ভকর্ণের[৮] পালাও আছে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে "রায়বার" সম্বন্ধীয় অনেকগুলি পুঁথি রহিয়াছে। রায়বার অর্থ রাজদ্বারে রাজা, রাজপরিবারবর্গের ও তাঁহার পূর্বপুরুষদিগের সম্বন্ধে প্রশংসাসূচক চারণদের গীত। কালক্রমে রায়বারের অর্থ পরিবর্তিত হয়। বর্তমানে রায়বারের অর্থ রাজদ্বারে ব্যক্তিবিশেষের দৌত্য। মাগধ, চারণ, ভট্ট বা ভাট প্রভৃতি শব্দ একই অর্থে প্রযুক্ত হয়। প্রাচীন মঙ্গল-কাব্যেও যে সকল কাহিনী পাওয়া যায়, তাহাতে ভাট বা চারণদের কথা আছে। এই ভাট বা চারণেরা রাজাদের কার্যে স্থানান্তরে দৌত্যকার্যে প্রেরিত হইত জানা যায়।

বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে অঙ্গদের রায়বারের পুঁথি সকলের থেকে বেশী। কৃত্তিবাস ও ফকিররাম বিদ্যাভূষণের "অঙ্গদের রায়বার"[৯], জয়রামপুর-নিবাসী রামচন্দ্রের "খোট্টার রায়বার"[১০], কাশীরামের "কালনেমির রায়বার"[১১], দ্বিজ তুলসীর "অঙ্গদ রায়বার,"[১২] খোশাল শর্মার "খোট্টা অঙ্গদ রায়বার"[১৩] ও কাশীনাথের "কালনেমির

১ ক ৩২৪৩-৪৬, ২ ক১৯৩, ৩ ক ২০৫, ৪ ক ১৯১, ৫ ক ৯৯, ৬ ক ৬৭, ৭ ক ৬৫, ৮ ক ২৭০৬
৯ ক ২২৯, ১০ ক ২২৫১, ১১ ক ১৯৪-২০৯, ১২ ক ১৯৫, ১৩ ক ২০৮, ৩৪০২
খোশাল শর্মার খোট্টা অঙ্গদ রায়বার হইতে কিয়দংশ উদ্ধৃত হইল,—

প্রভুজিকে যেমজি দেখকে হনুন হোয়ে সখা।
বহুন পানি কিস্কে কুদরত গড় তোড়ে জা লঙ্কা।
ওজক ওজবর সিরদার সুন্দর বির বালিকা বেটা।
লোনো কাম্বে ঝোতি খোলে তাহে পালপাট্টী।

রায়বার"[1] পুঁথি রহিয়াছে। এই সকল পুঁথিমধ্যে ফকিররাম বিদ্যাভূষণের "অঙ্গদের রায়বার" প্রাচীনতম। লেখক জাতিতে ব্রাহ্মণ,—মায়ের নাম দেবকী ও পিতার নাম রামভক্ত ছিল।

মহাভারতের পুঁথি

পূর্ববঙ্গে আবির্ভূত কবি সঞ্জয়, কবীন্দ্র পরমেশ্বর ও শ্রীকর নন্দীর মহাভারতের অসংখ্য পুঁথি বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে রহিয়াছে। কবি সঞ্জয় ভারতীয় প্রাদেশিক ভাষার মধ্যে সর্বপ্রথম বাঙ্গালা ভাষায় মহাভারত রচনা করেন। শ্রীহট্টস্থিত লাউড়ের এক ব্রাহ্মণ-বংশে সঞ্জয়ের জন্ম। কবি অদ্বৈতাচার্যের উত্তর পুরুষ। কবি জৈমিনির আদর্শে মহাভারত রচনা করিয়াছিলেন। জৈমিনির উল্লেখও এই গ্রন্থে দেখা যায়—

জএমুনি কহিল কথা ভারত অন্তর।
শুনিআ রাজার রোগ খণ্ডিলেক সব॥ (ক ২০৩০)

পুঁথিশালায় সংগৃহীত সঞ্জয়ের পুঁথিগুলিকে[2] ছয়টি শ্রেণীতে বিভক্ত করা যায়—(১) আদ্যন্ত সঞ্জয়ের রচিত মহাভারত (২) "বাইশা" মনসামঙ্গলের ন্যায় বিভিন্ন কবির রচিত মহাভারতের অংশবিশেষের সঙ্কলন (৩) পাঠকদের ব্যবহারের জন্য অনুলিখিত দুই বা এক পর্বের পুঁথি (৪) পুঁথিগুলি পাঠকদের ব্যবহৃত এবং তাঁহাদের দ্বারা সংক্ষিপ্ত সংস্করণ (৫) মিশ্রিত কবিকৃতির পুঁথি (৬) সঞ্জয়ের কোন কোন উপাখ্যানের জনপ্রিয়তার নিদর্শনরূপ এক একটি উপাখ্যান-সর্বস্ব পুঁথি। সঞ্জয়ের পুঁথিগুলি পূর্ববঙ্গ ও আসামের নানা স্থানে অনুলিখিত। প্রাচীনতম পুঁথিটির তারিখ ১১১৭ বঙ্গাব্দ।

রাস্তি খানের পুত্র পরাগল খান ছিলেন হোসেন সাহের সেনাপতি এবং প্রাদেশিক শাসনকর্তা। চট্টগ্রামে ইঁহার বাস ছিল। এই পরাগল খানের অনুরোধে কবীন্দ্র পরমেশ্বর মহাভারতের এক সংক্ষিপ্ত সংস্করণ রচনা করেন। পরমেশ্বরের রচনায় সঞ্জয়ের বিশেষ প্রভাব লক্ষিত হয়। পরমেশ্বরের মহাভারত গ্রন্থটিকে পরাগলী মহাভারত নামে সর্বত্র অভিহিত হইতে দেখা যায়। আমাদের পুঁথিশালায় পরাগলী মহাভারতের অনেকগুলি পুঁথি আছে।

লস্কর পরাগল খানের মতে তাঁহার পুত্র নসরৎ খান বা ছুটি খান তাঁহার পিতার মতই মহাভারত-কাহিনীর

বাবা অঙ্গদ তুম্ত সাথো শুনতো মেরি বাত।
রাওনাপ দস্তক হোয়ে তেরে হাওলাত॥
বহুত খুব করকে অঙ্গদ সিরপর দিয়া হাথ।
গর্দন পকড়কে সিরলাও হুকুম হোয় রঘুনাথ॥
ফকরামে কুচ সরম্বাদ নাহি সিতা দেখনে যাও।
জর্দর দেখকে তবয়ার খাস্তো খবর লেকে আও॥

১ ক ১২৪

২ ক ২২১৭ (বিরাট পর্ব খণ্ডিত), ৬১৩০ আদি, ভীষ্ম, কর্ণ ও স্বর্গারোহণ
ক ৬১৩৩ (সভাপর্ব খণ্ডিত), ৬১৪৯ (আদি, সভা, বন, ভীষ্ম, দ্রোণ খণ্ডিত)
ক ৬১৫০ (বন, বিরাট, উদ্যোগ), ৬১৫৪ (দ্রৌপদীর যুদ্ধ), ৬১৫৫ (আদিপর্ব)
ক ৬১৫৭ (দানপর্ব), ৬১৬২ (গদাপর্ব), ৬১৬৩ (দ্রোণপর্ব), ৬১৬৭ শান্তি ও অশ্বমেধ (খণ্ডিত), ৬১৭০ (সভাপর্ব), ৬১৭২ (আদি খণ্ডিত)
ক ৬১৭৩ (বিরাট খণ্ডিত), ৬৬০৩ অষ্টাদশ পর্ব।

সঞ্জয় মহাভারত-এর একটি পূর্ণাঙ্গ সংস্করণ মুনীন্দ্রকুমার ঘোষ, এম.এ. কর্তৃক সম্পাদিত ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ডি. ফিল ডিগ্রীর জন্য অনুমোদিত হইয়াছে।

৩ শ্রীযুত পরাগল খান মহামতি। খাঁবিদ্যাভূষন বীর অনাথের গতি॥
কুতূহলে ভারতের পুস্তক কাহিনী। কোন মতে পাণ্ডবেরা হারাইলা রাজধানী॥

একজন অনুরাগী ছিলেন। শ্রীকর (বা শ্রীকরণ) নন্দী ছুটি খানের অনুরোধে অশ্বমেধ-পর্ব সমাপন করিয়াছিলেন। এই অশ্বমেধ পর্ব জৈমিনি-ভারত অবলম্বন করিয়া রচিত হইয়াছিল। শ্রীকর নন্দীর অশ্বমেধ-পর্ব[১] আমাদের সংগ্রহে আছে।

ব্যাসদেবের মহাভারতের অনুসরণে ভাষায় মহাভারতের প্রণয়ন চেষ্টা চলে। ভাষায় মহাভারত রচনা যাঁহারা করিয়াছিলেন তাঁহারা প্রায় সকলেই ব্যাসদেবকে আদর্শ করিয়া মহাকাব্যের বিষয়বস্তু ভাষান্তরিত করিবার প্রয়াস পাইয়াছিলেন। তবে ব্যাসদেবের শিষ্য জৈমিনির আদর্শে অনেক প্রাচীন বাঙ্গালী কবি মহাভারতের বিশেষ—বিশেষ পর্ব লিখিয়াছিলেন।

(৴০) সারলা দাসের "বিরাটপর্ব"—পঞ্চদশ শতাব্দের শেষভাগে উড়িষ্যার রাজা কপিলেন্দ্র দেবের সময় সারলা দাস উড়িয়া ভাষায় মহাভারত প্রণয়ন করেন। আমাদের সংগ্রহে "সারলা কবি উৎকলীয় ব্রাহ্মণ" এই নামে বাঙ্‌লায় "বিরাটপর্বের" যে পুঁথি রহিয়াছে, তাহার সহিত উৎকল কবি সারলার রচনার কোনও মিল নাই। কোনও বঙ্গভাষাভিজ্ঞ উৎকল কবি এইরূপ "বিরাটপর্বে"র রচনা করিয়া থাকিতে পারেন।

(৵০) দৈবকীনন্দনের "কর্ণপর্ব্ব"—দৈবকীনন্দন নিমাইয়ের একটি "কর্ণপর্ব" পুঁথি রহিয়াছে, উহার ভনিতা এইরূপ আছে,—

নিমাঞির বল চিন্তমণি দামোদর।
তুহারে করহ দয়া দেব হরিহর॥
বংশীবদন-পদ চিন্তিয়া অন্তরে।
নিমাঞি গাইল ইহা ভারথ ভিতরে॥ ক ২৮০৭, পৃ ১৮ ক
রাধাকান্থ চরণ ভাবি নিরন্তর।
কর্ণ পর্ব্ব বিরচিল দৈবকী-কোঙর॥ ক ২৮০৭, ১৮ পৃঃ

"গোপালবিজয়" রচয়িতা দৈবকীনন্দন সিংহ—ইনিই মহাভারতের "কর্ণপর্বের" রচয়িতা কি না তদ্বিষয়ে সন্দেহ আছে।

(৶০) পুঁথিশালায় দ্বিজ অভিরামের "অশ্বমেধপর্বের" একটি পুঁথি রহিয়াছে। কবি বৈষ্ণব ছিলেন। শ্রীকর নন্দীর[১] পরবর্ত্তী কালেই, এমন কি, চৈতন্যের তিরোভাবের পর তিনি মহাভারত রচনা করিয়াছিলেন। গ্রন্থের সূচনায় শ্রীচৈতন্য ও তাঁহার পরিকরবর্গের বন্দনা করিয়া কবি তাঁহার কাব্য আরম্ভ করিয়াছেন দেখা যায়। "অশ্বমেধপর্ব" পাঠ করিলে জানা যায় যে কবির আদর্শ ব্যাসদেবের মহাভারত নহে, কবি জৈমিনির মহাভারতকে অবলম্বন করিয়া তাঁহার "অশ্বমেধপর্ব" প্রণয়ন করেন।[২]

(।০) কাশীরামদাসের পূর্বে নিত্যানন্দ ঘোষের রচিত মহাভারতের বিভিন্ন পর্বের পুঁথি পাওয়া যাইতেছে। কাশীরামের পূর্বে যে নিত্যানন্দ ঘোষ মহাভারত রচনা করিয়াছিলেন তাহার ইঙ্গিত আমরা পাকুড়ের রাজা পৃথ্বীচন্দ্রের "গৌরীমঙ্গলে" এইরূপ পাই,—অষ্টাদশ পর্ব ভাষা কৈল কাশীদাস। নিত্যানন্দ কৈল পূর্বে ভারত প্রকাশ॥ নিত্যানন্দের মহাভারত "বিজয় পাণ্ডব কথা" নামে পরিচিত।

---

* * * * * * * *

১ বনবাসে বঞ্চিলেক দ্বাদশ বৎসর। কোন কর্ম্ম করিল তা বনের ভিতর॥
বৎসরেক আছিলা সবে অজ্ঞাত বসতি। কোন মতে পৌরসে পাইল বসুমতী॥
সব কথা কহ মোরে সংক্ষেপ করিয়া। দিনেক দিতে পারি পাঁচালি রচিয়া॥
তাঁহার আদেশ মালা মস্তকে ধরিল। কবীন্দ্র পরমেশ্বর দাস পাঁচালি রচিল॥
দেশী ভাষায় এহি কথা রচিল পয়ার। সংসারোক কীর্ত্তি মোর জগৎ সংসার॥
তাহার আদেশ মালা মস্তক ধরিয়া। শ্রীকর নন্দী কহিলেক পয়ার রচিয়া॥ (মূ গ্রন্থ, ৭পৃঃ)

২ রামচন্দ্র খানের অশ্বমেধপর্বের একখানি পুঁথি বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে আছে। কবি চৈতন্যদেবের সমসাময়িক হইতে পারেন।

(৳০) কাশীরাম বা কাশীদাস সম্বন্ধে আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিতে নিম্নলিখিত বিবরণ পাই,—

ইন্দ্রানি নামেতে দেশ পুর্বাপর স্থিতি।
দ্বাদশ তীর্থেতে জথা দেবি ভাগীরথি॥
কাএস্ত কুলেতে জন্ম প্রিয়ঙ্কর নামে।
প্রিয়ঙ্কর দাস পুত্র সুধাকর নামে॥
তস্য পুত্র কমলাকান্ত কৃষ্ণদাস পিতা।
কৃষ্ণদাসানুজ গদাধর জ্যেষ্ঠ ভ্রাতা॥ ক ২৩০৫

এই প্রিয়ঙ্করের ঊর্দ্ধ পুরুষদের নাম গদাধর দাসের 'জগৎ মঙ্গল' গ্রন্থে[১] পাই।

কাশীদাসী মহাভারত বলিতে যে সমগ্র রচনা আমরা পাই, তাহা কাশীরামের নহে। কাশীরাম মহাভারতের অংশবিশেষ রচনা করিয়া পরলোক গমন করেন। এই বিষয়ে বিশ্ববিদ্যালয়ের একটি পুঁথিতে ইঙ্গিত আছে,—

কায়স্থ কুলেতে ধন্য ছিল কাশীদাস।
চারি পর্ব্ব ভারতের করিল প্রকাশ॥
আদি সভা বিরাটাদি স্থজিত পাঁচালি।
ইহা শুনি সর্বলোক ধন্য ধন্য বলি॥
পূর্বে বনপর্ব আরম্ভিঞাছিল পুঁথি।
কালবশে মৃত্যু তার হৈল উপনীতি॥
অগস্তি আখ্যান করি হৈল কৃষ্ণপ্রাপ্তি।
বনের বিচিত্র কথা নহিল সমাপ্তি॥ ক ২৭২৪

আরও একটি পুঁথিতে[২] কাশীরামদাসের বনপর্বের অসমাপ্তির কথা পাই, বনপর্বের শেষাংশ এইরূপ,—

পূর্ব্বে তিহো আরম্ভ করিলা এই পুঁথি।
কালবশে মৃত্যু তার হইল দৈবগতি॥
আগস্ত উপাখ্যান করি হইল কালপ্রাপ্ত।
বনের বিচিত্র কথা নহিল সমাপ্ত॥ [১৬৫ খ]

উপরি-উক্ত পুঁথিগুলির অনুচ্ছেদগুলি পাঠ করিলে জানা যায় যে কবি কাশীদাসের জন্ম কায়স্থ কুলে। তিনি মহাভারতের চারিটি পর্ব সম্পন্ন করিতে না করিতেই অকালে পরলোক গমন করেন। চারিটি পর্বের মধ্যে বন পর্বটির অন্তর্গত অগস্ত্য উপাখ্যান পর্যন্ত কাশীরামদাস সমাপ্ত করিয়া গিয়াছেন।

কিন্তু বনপর্বের অন্তর্গত "অগস্ত্য উপাখ্যান" পর্যন্ত কাশীরাম লিখিয়াছিলেন। এই সংবাদ ছাড়াও মহাভারতের আর একটি পুঁথির পাঠে[৩] নিম্নলিখিত অতিরিক্ত সংবাদ মিলে,—

---

(১) "তাহাতে শাণ্ডিল্য গোত্র দেব দৈত্যারি।
দামোদর পুত্র তার সদা সেবে হরি॥
যুবরাজ শুভরাজ তাহার নন্দন।
তাহার নন্দন হইল মীনকেতন॥
তাহার নন্দন হইল নাম ধনঞ্জয়।
তাহা হইতে হইল এই তিনটি তনয়॥
যদুপতি বনপতি দেব নরপতি।
যদুপতির শুকপুত্র প্রতিষ্ঠিত মতি॥
প্রিয়ঙ্কর হরেশ্বর কেশব সুন্দর।"—"জগৎ মঙ্গল"

(২) শ্রীঅক্ষয় কয়ালের সংগ্রহ

তবে বহুবিধি স্তুতি করি ভৃগুরাম।
হতবীর্য্য বনে গেল বন্দিয়া শ্রীরাম॥
মুনি বলে কহিলাঙ অগস্ত্য আখ্যান।
শুনি যুধিষ্ঠির রাজা হরষ বিধান॥
কাশীদাস কহে এই অমৃত সমান।
কর্ণ পথে সাধু নর সদা কর পান॥
এতবধি বনপর্ব কাশীদাস কৈল।
অবধান করি সভে একান্তে শুনিল॥
না হইতে বনপর্ব কথা সমাধান।
কাশীদাস করিলেন স্বর্গের পয়ান॥
শেখরতনয় জিত বিচারিয়া মনে।
বনপর্ব্ব অবশেষ করিল রচনে॥

উপরি-উক্ত পুঁথির পাঠে জানা যায় যে কাশীরাম দাস বনপর্বের অন্তর্গত "যুধিষ্ঠির-মুনি সংবাদে" "অগস্ত্য উপাখ্যান" পর্যন্ত লিখিয়াছিলেন, এবং এই অগস্ত্য উপাখ্যানের অন্তর্গত রামচন্দ্র কর্তৃক পরশুরামের পরাজয় বৃত্তান্ত কাশীরামের রচনার অন্তর্বর্তী ছিল। বনপর্বের অবশিষ্ট অংশ শেখরতনয় জিত সম্পন্ন করিয়াছিলেন।

অতিরিক্ত একটি পুঁথির পাঠে উপরি-উক্ত পাঠের সমর্থন পাওয়া যায়; তাহা বনপর্বের শেষাংশে অবিকল এইরূপ,—

পূর্বে তিহো আরম্ভ করিলা এই পুঁথি।
কালবশে মৃত্যু তার হইল দৈবগতি॥
আগস্ত উপাখ্যান করি হইল কালপ্রাপ্ত।
বনের বিচিত্র কথা নহিল সমাপ্ত॥

শতবর্ষ ধরিয়া এইরূপ ধারণা প্রচলিত আছে যে, কাশীরাম দাস আদি, সভা, বন ও বিরাটপর্বের কিয়দংশ রচনা করেন। উপরি-উক্ত মহাভারতের অনুচ্ছেদগুলি পাঠে আমরা এ বিষয়ে সুনিশ্চিত হইলাম যে কাশীরাম দাস আদি, সভা ও বনপর্বের অগস্ত্য উপাখ্যান পর্যন্ত রচনা করেন। তবে আমাদের কৌতূহল হয় যে, কবি কাশীরাম দাস আদি, সভা ও বিরাটপর্ব সম্পন্ন করিয়া কেন বিরাট পর্বের পূর্ববর্তী বনপর্ব পরে রচনা করিতে গেলেন?

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কোন-কোন পুঁথিতে এইরূপ পাঠ পাওয়া গিয়াছে যে কাশীদাস মহাভারতের তিনটি মাত্র পর্ব লিখিয়াছিলেন। পুঁথিগুলির অংশবিশেষের পাঠ এইরূপ,—

(১) ধন্য ছিল কায়স্থ কুলেতে কাশিদাস।
তিন পর্ব ভারতের করিল প্রকাশ॥
আদি সভা বনের যে রচিল পাঁচালি।
যাহা শুনি সর্বলোক ধন্য ধন্য বলি। ক ৩০১৮

(২) আদি সভা বনের জে করিয়া পাঁচালী।
যাহা শুনি সর্বলোক ধন্য ধন্য বলি॥ ক ১৮৩৪

আমাদের দৃঢ় বিশ্বাস কাশীদাস নিঃসন্দেহে আদি, সভা ও বনপর্বের "অগস্ত্য উপাখ্যান" পর্যন্ত রচনা করেন। তিনি বনপর্বের পূর্বে বিরাটপর্বেরও রচনা করিয়াছিলেন, কারণ প্রচলিত ধারণা ও বেশীর ভাগ পুঁথিতে উল্লিখিত রহিয়াছে যে কাশীরাম আদি, সভা, বন ও বিরাট এই চারি পর্বের মধ্যে বনপর্বের শেষাংশ সম্পূর্ণ করিয়া যাইতে পারেন নাই।

কাশীরাম দাস সম্বন্ধে এইরূপ জানা যায় যে, হরিহরপুরের অভিরাম মুখুটির সাহায্যে তিনি মহাভারত রচনা

করিতে সক্ষম হইয়াছিলেন। ক ১৮৩৫ সংখ্যক পুঁথি হইতে আমরা জানিতে পারি যে কবি "দাস" উপাধি দ্বারা পরিচিত কিন্তু তাঁহার প্রকৃত উপাধি ছিল "দেব"—

"কাশিদাস দেব কহে শুন হে সংসার।
ইহা বিনা পৃথিবীতে সুখ নাহি আর॥ ক ১৩৮৩

যাহা হউক, সমগ্র মহাভারতের ভিতর কাশীরাম দাস ভনিতা ব্যতীত শেখরতনয় জিত, জিতঘটক প্রভৃতি ভনিতাও পাওয়া যায়। দ্বৈপায়ন দাসেরও ভনিতা বিরল নয়। কাশীরাম দাসের বিরাটপর্বের পর অবশিষ্ট কে বা কাহারা রচনা করিয়াছিলেন তাহাই এখন আমাদের প্রশ্ন। শেখরতনয় জিত প্রভৃতি ব্যক্তিগণ কি অবশিষ্টাংশ সমাপ্ত করিয়াছিলেন ?

সম্প্রতি একটি বন-পর্বের পুঁথির শেষভাগে পুঁথিলেখককে নিম্নলিখিত বিবরণ দিতে দেখা যায়,—

ভারত-পঙ্কজ পর্ব শ্রেষ্ঠ আরণ্যক।
আদি সভা বিরাট বন করিল লিখক॥
এই চারি পর্ব পুস্তক কাশীদাসি।
উদ্যোগ আদি ছয় পর্ব শিবরাম ঘোষি॥
ঐষীক আদি আট পর্ব চাহিয়া বেড়াই।
তাহার নিমিত্তে সদা ঈশ্বর ধেয়াই॥[1]

এই বিবৃতি পাঠে জানা যায় যে আদি সভা বিরাট বন—এই চারিটি পর্ব কাশীদাস রচনা করিয়াছিলেন, উদ্যোগ হইতে পরবর্তী ছয় পর্ব শিবরাম ঘোষ রচনা করিয়াছিলেন। পুঁথিলেখক ঐষিক হইতে আর আটটি পর্ব অন্বেষণ করিয়া বেড়াইতেছেন।

পুঁথিশালায় সংগৃহীত আশ্চর্যপর্ব নামে একটি পুঁথিতে (ক ১৩৬২) দ্বৈপায়ন দাসের ভনিতা এইরূপ পাওয়া যায়—

সর্ব্ব দুঃখ তরে সে নাহিক সংশয়।
পয়ার প্রবন্ধে দ্বৈপায়ন দাস কয়॥

দ্বৈপায়ন দাস যে কাশীদাসের পুত্র, এইরূপ একটি ভনিতাও পাওয়া যায়,—'দ্বৈপায়ন দাস কহে কাশীর নন্দন'।

আশ্চর্যপর্বের উপাখ্যান অংশ সম্পূর্ণ নূতন, ব্যাসদেবের মহাভারতের সহিত ইহার কোনও সংযোগ নাই। কুরুক্ষেত্র-যুদ্ধের পর নাগগন কর্তৃক যুধিষ্ঠির, দ্রৌপদী প্রভৃতিকে বন্দী করিয়া পাতালে প্রত্যাবর্তন কাহিনী এই পুঁথিতেই পাওয়া যায়—ব্যাসদেবের মহাভারতে এ কাহিনী নাই।

(৷৵০) কৃষ্ণানন্দ বসুর লিখিত একটিমাত্র শান্তিপর্বের পুঁথি পাওয়া গিয়াছে (ক ২৬৯৭), পুঁথিটি নাতিদীর্ঘ ৫৫ পত্রে সমাপ্ত হইয়াছে।

(৷৶০) জৈমিনির ভারতের আদর্শে রচিত দ্বিজ কৃষ্ণরামের অশ্বমেধপর্বের পুঁথি পাওয়া যাইতেছে। (পুঁথি নং ক ২৮৬৯, পত্র ৭৯)

(৷৷০) ১২০৫ সালে নকল করা একটি স্বর্গারোহণ পর্বের পুঁথি (ক ২৬২৪) পুঁথিশালায় রহিয়াছে। যদুবংশের ধ্বংসের সম্পূর্ণ বিবরণের পর হইতে গ্রন্থটি আরম্ভ হইয়াছে।

স্বর্গারোহণ পর্বের লেখকের নাম জয়স্তিদেব।

(৷৷৵০) রাজেন্দ্রদাসের "শকুন্তলা উপাখ্যান"[2] যাহা পাওয়া গিয়াছে, তাহা খণ্ডিত। সঞ্জয়ের মহাভারতের অংশ-বিশেষের সহিত ইহার মিল আছে।

---

১ শ্রীঅক্ষয়কুমার কয়ালের পুঁথি

২ ক ৩১৫৫

(৷৵০) ব্যাসদেবের আদর্শে গঙ্গাদাস সেন একটি মহাভারত রচনা করিয়াছিলেন। আমাদের সংগ্রহে একটি খণ্ডিত পুঁথি[১] আছে।

(৷৶০) বিষ্ণুপুরের রাজা গোপালসিংহের অনুরোধে শঙ্কর কবিচন্দ্র একটি মহাভারত[২] আরম্ভ করিয়াছিলেন, কিন্তু এই কাজ তিনি সম্ভবত সম্পন্ন করিয়া যাইতে পারেন নাই। শেষ পর্বে তাঁহার পুত্রের ভনিতা পাওয়া যায়।

মনসা-মঙ্গলের পুঁথি

সর্পকুলের দেবতা মনসাদেবী। বঙ্গদেশে এই মনসা পূজা বহুকাল হইতে চলিয়া আসিতেছে। সাধারণ লোকের ভিতর এই পূজা প্রচলিত ছিল, পরে কালক্রমে উচ্চশ্রেণীর সমাজের ভিতরও ইহার পূজা বিস্তারলাভ করে।

বেহুলা ও লখীন্দরের গল্পে মনসাদেবীর মাহাত্ম্য প্রচার ও প্রতিষ্ঠা করার কথা আছে। মনসামঙ্গলের সকল কবিই এই বেহুলার কাহিনীকে আশ্রয় করিয়া মঙ্গলকাব্য রচনা করিয়াছেন। কেতকাদাস-ক্ষেমানন্দ রচিত মনসামঙ্গলের বিশেষ প্রচার এক সময়ে ছিল বলিয়া মনে হয়। পুঁথিশালায় ক্ষেমানন্দের পুঁথির[৩] প্রাচুর্য দেখা যায়। কেতকাদাস-ক্ষেমানন্দ দুই ব্যক্তি ছিলেন কি—এক ব্যক্তি ছিলেন, তাহা লইয়া বিশেষ বাদানুবাদ রহিয়াছে। আমাদের মতে ক্ষেমানন্দ ছিল ব্যক্তির নাম, কেতকাদাস তাঁহার পদবী ছিল। দ্বিজ ক্ষমানন্দ বা ক্ষেমানন্দের নামে আর একটি মনসামঙ্গলের সন্ধান পাওয়া যায়, পুঁথিটি পুঁথিশালায় আছে ক ৪৫৭৪।

বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে রসিক মিশ্রের মনসামঙ্গলের দুইটি পুঁথি আছে (ক ২০৭১, ক ২৫১০)। পুঁথিটির একটি পালা সম্পূর্ণ ও অপরটি খণ্ডিত। ইহার পৈত্রিক নিবাস বর্ধমান জেলার অন্তর্গত বোনভূম পরগণায় কাঁকুটনন্দন গ্রামে; পরে ইনি বাঁকুড়া জেলার আখড়াশালে বাস করেন। পিতার নাম প্রসাদ ও পিতামহের নাম মহেশ। শ্রীকবিবল্লভ ও শ্রীকবিকঙ্কণ—এই দুই-টি উপাধি রসিকের পাওয়া যায়।

বিশ্ববিদ্যালয়ের সংগ্রহভুক্ত নারায়ণদেবের পদ্মাপুরাণ পুঁথি[৪] চারিটি হইবে। পুঁথিগুলিতে বিভিন্ন মনসামঙ্গলের প্রভাব ও বিভিন্ন কবির বা গায়েনের ভণিতা দৃষ্ট হয়, ইহাতে নারায়ণদেবের রচনার প্রকৃত অংশ খুঁজিয়া পাওয়া কঠিন।

কবির পরিচয় কোনও পুঁথিতে এইরূপ আছে—

> নারায়ণদেবে কয় জন্ম মগধ।
> মিশ্র পণ্ডিত নহে ভট্ট বিশারদ॥
> জাতি শুধু জন্ম মোর কায়স্থের ঘর।
> মৌদ্গোল্য গোত্র মোর গাঁই গুণাকর॥
> পিতামহ উদ্ধব, নরসিংহ মোর পিতা।
> মাতামহ প্রভাকর, রুক্মিণী মোর মাতা।
> পূর্বপুরুষ মোর অতি শুদ্ধ মতি।
> রাঢ় ত্যজিয়া মোর বোরগ্রাম[৫] বসতি॥

অসমিয়া ভাষায় নারায়ণদেবের মনসামঙ্গলের অসমাপ্ত পুঁথি পাওয়া যায়। খ্রীষ্টীয় শতক পঞ্চদশের শেষভাগ বা ষোড়শ শতাব্দের প্রথমদিকে কবি নারায়ণদেব আবির্ভূত হইয়াছিলেন, এইরূপ মনে করা হয়।

ময়মনসিংহ জেলার অন্তর্গত কিশোরগঞ্জ মহকুমার পাটবাড়ী গ্রামে বংশীদাসের নিবাস ছিল। কবির পিতার নাম যাদবানন্দ, পিতামহের নাম হৃদয়ানন্দ, মাতার নাম অঞ্জনা।

---

১ ক ২১১৮ ২ ক ৩৪৭
৩ ক ৩৩১৫, ১৪১৮, ৪৪৪০, ৫৫৩৩, ২৫৯৭, ৪১৫৩, ৪১৫৭, ২০৯৮, ১৯৮৪, ২৩২৯, ৩৪৪৭, ২০২৭, ৪৪৪৮-ক, ৫৫১৪, ২৪৮৯, ৪১০০, ৪৪৩২, ৫৫৩৪ ৪ ক ৩১০৮, ৩১২২, ৩১৩৭, ৩৩২৪ ৫ ময়মনসিংহ জেলার অন্তর্গত কিশোরগঞ্জ মহকুমায় অবস্থিত বোরগ্রাম।

বংশীদাসের মনসামঙ্গল কাব্যটির পূর্ববঙ্গে বিশেষ প্রচার ছিল বলিয়া মনে হয়। বংশীদাসের বর্ণনাভঙ্গী অতি সহজ ও সরল, এই কারণে কাব্যটি যেমন লোকপ্রিয়তা অর্জন করে, তেমনি উহার প্রসারও বাড়ে। চাঁদ-সদাগরের ইষ্টদেবতা মহাদেব নহেন, চণ্ডী। ইহাই বংশীদাসের কাব্যের বৈশিষ্ট্য।

আমাদের পুঁথিশালায় ৩টি বংশীদাসের মনসামঙ্গলের পুঁথি[১] আছে। বংশীদাসের কন্যা চন্দ্রাবতীর রচনা বলিয়া একটি রামায়ণের পালা পাওয়া গিয়াছে। পূর্ববঙ্গ-গীতিকায় চন্দ্রাবতী ও জয়ানন্দের কাহিনীটি চন্দ্রাবতী-পালায় পাওয়া যায়। বংশীদাসের কন্যা চন্দ্রাবতীর প্রেমের কাহিনী এই পালায় রহিয়াছে।

জীবনকৃষ্ণ মৈত্রের কাব্যটির দেবখণ্ড ও বণিকখণ্ড পাওয়া যায়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় এই লেখকের তিনটি পুঁথি আছে (১) ক ২৮১৭, (২) ক ৩১৮০ ও (৩) ক ৬১১৩। জীবনকৃষ্ণ মৈত্রের পিতার নাম অনন্ত, মাতা স্বর্ণমালা, উপাধি কবিভূষণ, বাড়ী করতোয়া তীরে লাহিড়ীপাড়া গ্রামে। কাব্যটির রচনাকাল ১৬৬৫ শকাব্দ বা ১৭৪৪ খ্রীষ্টাব্দ।

সম্প্রতি শ্রীপীযূষকান্তি মহাপাত্রের সৌজন্যে গুণচন্দ্রের মনসামঙ্গলের একখানি পুঁথি এই পুঁথিশালায় অন্তর্ভুক্ত হইয়াছে।

পূর্ববঙ্গের মনসামঙ্গলের ভিতর গায়েনের প্রক্ষেপ এত বেশী যে প্রকৃত রচয়িতার লিখিত অংশ খুঁজিয়া পাওয়া কঠিন।

আমাদের সংগ্রহাগারে বিপ্র জানকীনাথ,[২] বৈদ্য জগন্নাথ,[৩] ষষ্ঠীবর,[৪] গঙ্গাদাস সেন,[৫] বর্ধমান দাস,[৬] গুণানন্দ খান[৭] প্রভৃতি ভনিতায় পূর্ববঙ্গের লেখকদের মনসামঙ্গল রহিয়াছে।

চণ্ডীমঙ্গলের পুঁথি

'কালকেতু ফুল্লরা' ও 'ধনপতি সদাগর—লহনা খুল্লনার' সম্পূর্ণ লৌকিক দুইটি কাহিনী, চণ্ডীর মাহাত্ম্যরূপে চণ্ডীমঙ্গলে স্থান লাভ করিবার পূর্বে ব্রতকথারূপে সাধারণের নিকট প্রচারিত ছিল।

নিপুণ কবিদের হাতে পড়িয়া দুইটি উপাখ্যান সুষ্ঠু ও সুন্দর মঙ্গলকাব্য রূপে পরিণত হইয়াছিল। চণ্ডীমঙ্গলে এই কাহিনী দুইটির প্রধান প্রবর্তক যে মাণিক দত্ত ছিলেন তাহা এক প্রকার অবিসংবাদিত সত্য।

এই কথা ষোড়শ শতাব্দীর কবি শ্রীকবিকঙ্কণ মুকুন্দরামের গ্রন্থে উল্লিখিত আছে—

> মাণিক দত্তেরে আমি করিয়ে বিনয়।
> যাহা হইতে হৈল গীত-পথ পরিচয়॥
> বন্দিনু গীতের গুরু শ্রীকবিকঙ্কণ।
> প্রণাম করিয়া মাতা-পিতার চরণ॥

মুকুন্দরাম কর্তৃক এইরূপ উল্লেখ দেখিয়া মাণিক দত্তকে ত্রয়োদশ শতাব্দীর কবি বলিয়া অনেকে ধরিয়া লইয়াছেন, কিন্তু এ বিষয়ে যথেষ্ট সন্দেহের অবকাশ রহিয়াছে। গীতের গুরু শ্রীকবিকঙ্কণ বলরাম কবিকঙ্কণকে উদ্দেশ করিয়া বলা হইতেছে বলিয়া মনে অনেকে করেন। বিশ্ববিদ্যালয়-সংগ্রহে মাণিক দত্ত ভনিতায় দুর্গামঙ্গলের একটি মাত্র পুঁথি রহিয়াছে। এই পুঁথিটি প্রাচীন মাণিক দত্তের রচনা কি না, তদ্বিষয়ে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। ডঃ আশুতোষ ভট্টাচার্য মাণিক দত্তের উপর যে মন্তব্য করিয়াছেন তাহা নিম্নে উদ্ধৃত করিলাম—

"অতএব মনে হয় মুকুন্দরামের পূর্ববর্তী কবি মাণিক দত্তের কোন জীর্ণ ভিত্তি অবলম্বন করিয়াই বর্তমান

---

১ ক ৩১৩৫, ৩০২৭, ৩০২৮

২ ক ১৩৫০ ৩ ক ২০৩৮ ৪ ক ৩১৩২ ৫ ক ১১৭০, ৩০৫৭

৬ ক ৩১৪২ ৭ ক ১১৮৯

কাব্যখানি রচিত হইয়াছিল। যদিও ইহা হইতে মুকুন্দরাম-বন্দিত মাণিক দত্তের পূর্ণাঙ্গ পরিচয় পাইবার উপায় নাই, তথাপি চণ্ডীমঙ্গল কাহিনীর একটি স্বতন্ত্র ঐতিহ্যের ধারা যে মূলতঃ ইহাতে অনুসৃত হইয়াছে, তাহা সহজেই বুঝিতে পারা যায়। সম্ভবতঃ প্রাক্‌চৈতন্যযুগের মাণিক দত্তই এই ধারাটির প্রবর্ত্তক।"

অন্যত্র তিনি এইরূপ বলেন,—

"মুকুন্দরামের চণ্ডীর বহুল প্রচারের ফলে পরবর্ত্তীকালে এই মাণিক দত্তের কাব্যেও মুকুন্দরামের অনেক পদ আসিয়া গিয়াছিল। পরবর্ত্তী গায়েনগণ মাণিক দত্তের পদের মধ্যে মুকুন্দরামের পদেরও যোজনা করিয়া লইত, তাহাতেই মাণিক দত্তের পুঁথির মধ্যে অনেক স্থলেই মুকুন্দরামের পদের সহিত পরিচয় ঘটে। মাণিক দত্তের কাব্যে একটি পদ পাওয়া যায়,—

মাণিক দত্ত রচিয়া মাণিক দত্ত কৈল।
রঘুর রচনা কবিকঙ্কণ হইল॥

ইহার অর্থ এই হয় যে, মাণিক দত্তের রচিত পদ মাণিক দত্ত নিজে গান করিতেন, কিন্তু তাহার মধ্যে রঘু নামক কোন গায়েন কবিকঙ্কণের রচনা সংযোগ করিয়াছিল। অবশ্য পদটিও যে প্রক্ষিপ্ত, তাহা বলাই বাহুল্য। ইহা হইতেও মূল কবির রচনা-বিকৃতিতে গায়েনদিগের যথেচ্ছচারিতার সুস্পষ্ট ইঙ্গিত পাওয়া যায়।" মাণিক দত্তের দুর্গামঙ্গল "ভবানীমঙ্গল" নামে অভিহিত হইতে দেখা যায়।

দ্বিজ মাধবের "চণ্ডীমঙ্গল" কাব্যের দুইটি উল্লেখযোগ্য পুঁথি বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে রহিয়াছে, ক ১১৩৫ সংখ্যক পুঁথিটি ১৬৯৯ শকাব্দে নকল করা হইয়াছে ও আর একটি পুঁথির সংখ্যা ক ৬১১৭।

চণ্ডীমঙ্গল কাব্যগুলির মধ্যে মুকুন্দরামের গ্রন্থ সর্বাধিক পঠিত। বর্দ্ধমান জেলার অন্তর্গত দামুন্যা গ্রামে মুকুন্দরামের বাটী ছিল। ডিহিদার মামুদ শরিফের অত্যাচারে ইনি মেদিনীপুর জিলার অন্তর্গত আড়রা গ্রামের ব্রাহ্মণ জমিদার বাঁকুড়া রায়ের আশ্রয়ে গমন করেন। বাঁকুড়া রায়ের পুত্র রাজা রঘুনাথের সভাসদ রূপে তিনি চণ্ডীমঙ্গল কাব্য সম্পন্ন করেন। কবির পিতামহের নাম জগন্নাথ মিশ্র, পিতা হৃদয় মিশ্র, জ্যেষ্ঠ সহোদর কবিচন্দ্র।

অন্যান্য প্রাচীন পুঁথি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে যাহা আছে, (ক-৬১৪১), সেই সকল পুঁথিতে গ্রন্থরচনার প্রথমে ও শেষে দুইবার করিয়া কবির ঐরূপ আত্মপরিচয় আছে।

সন-তারিখযুক্ত মুকুন্দরামের চণ্ডীমঙ্গলের প্রাচীনতম পুঁথি বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালার সংগ্রহে রহিয়াছে (ক ১০৮৪)।

কৃষ্ণমঙ্গলের পুঁথি

মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়—ভাগবতের দশম স্কন্ধের ভাবানুবাদ। ভাগবত ব্যতীত ভবিষ্যপুরাণ ও ব্রহ্মবৈবর্ত্তপুরাণ হইতেও কবি উপাদান সংগ্রহ করিয়াছেন। ভাগবতে অবর্ণিত বিষয় দানলীলা, নৌকাবিলাস প্রভৃতি শ্রীকৃষ্ণবিজয় গ্রন্থে দেখা যায়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় ১৩৬০ সংখ্যক ও ৬৮ সংখ্যক পুঁথিতে দানলীলা, নৌকালীলা, ভারখণ্ড প্রভৃতি বিষয় শ্রীকৃষ্ণবিজয় কাব্যে স্থান পাইয়াছে।

পরমানন্দের কৃষ্ণলীলা বিষয়ক একটি পুঁথি[১] আমাদের পুঁথিশালায় রহিয়াছে। কবির পিতার নাম দুর্লভ। চৈতন্যের প্রভাব এই নিবন্ধে দেখা যায়। ইহা কেবল দশম স্কন্ধের ভাবানুবাদ নহে, ভাগবতের সকল স্কন্ধেরই স্থূল ভাবানুবাদ ইহাতে লক্ষিত হইয়া থাকে।

কলিকাতার উত্তরে বরাহনগরে গদাধর পণ্ডিতের শিষ্য রঘুনাথ পণ্ডিতের নিবাস ছিল। ভাগবতাচার্য রঘুনাথ পণ্ডিত "কৃষ্ণপ্রেমতরঙ্গিণী" নামে একটি গ্রন্থ প্রণয়ন করেন। গ্রন্থটি ভাগবতের মূলানুসারী সমগ্র অনুবাদ। কলিকাতা বিশ্ববিদ্যালয় পুঁথিশালায় ইহার প্রায় ১৪টি পুঁথি আছে[২]।

১ ক ১০২৭ ২ ক ৯৭৩, ৯৭৪, ৯৭৬-৭৮, ১০০২, ৩১২৫, ৩১৪৮, ৪১৮৯, ১০৩১, ৯৭৫, ২১৫৯, ৫৯৯৭

দ্বিজ মাধবের কৃষ্ণমঙ্গলের উল্লেখ 'রাধাকৃষ্ণরসকল্পবলী'তে দেখা যায়। ভাগবতের অনুসারে লেখা হইলেও গ্রন্থটিতে লৌকিক দানখণ্ড, নৌকাখণ্ড প্রভৃতি পালা দেখা যায়। ইনি চৈতন্যের সমসাময়িক। কৃষ্ণমঙ্গলের কয়েকটি পুঁথি[১] এই সংগ্রহে রহিয়াছে।

দুঃখী শ্যামদাসের গোবিন্দমঙ্গল[২] কাব্যটির বিশেষ প্রচার ছিল বলিয়া মনে হয়। ইনি মেদিনীপুর জেলার অন্তর্গত কেদারকুণ্ড পরগণার মধ্যে হরিহরপুর গ্রামের অধিবাসী ছিলেন। দুঃখী শ্যামদাসের পিতার নাম শ্রীমুখ ও মাতার নাম ভবানী। শ্রীমদ্ভাগবতের প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্কন্ধের আংশিক ও দশম স্কন্ধের প্রায় সমগ্র অংশের অনুবাদ এই গ্রন্থে রহিয়াছে।

দৈবকীনন্দন সিংহ "গোপালবিজয়" রচনা করিয়াছিলেন। কবির পিতার নাম চতুর্ভুজ, মাতার নাম হীরাবতী। "রসকল্পবল্লী" নিবন্ধে "গোপালবিজয়ের" উল্লেখ আছে। গ্রন্থমধ্যে কবিশেখরের ভনিতা পাওয়া যাইতেছে, পদাবলী-রচয়িতা কবিশেখর এই কবিশেখর কি না তদ্বিষয়ে যথেষ্ট বিচারের অবকাশ রহিয়াছে।

গোপালবিজয়ের কয়েকটি উল্লেখযোগ্য পুঁথি আমাদের পুঁথিশালায় রহিয়াছে। ৯৬০, ৯৬১ ও ৯৬৩ সংখ্যক পুঁথিগুলি দ্রষ্টব্য। ৯৬০ সংখ্যক পুঁথির শেষে "শাকে গজাব্ধি শরচন্দ্রমিতে" ইত্যাদি গ্রন্থরচনার তারিখের সঙ্কেত রহিয়াছে, অর্থাৎ ১৫৪৮ শক বা ১৬২৬ খ্রীষ্টাব্দে গ্রন্থটি সুসম্পন্ন হইয়াছিল, এইরূপ ইঙ্গিত পাওয়া যায়।

দ্বিজ হরিদাসের "মুকুন্দমঙ্গল" গ্রন্থটি ভাগবতের দশম স্কন্ধের ভাবানুবাদ। আমাদের পুঁথিশালায় এই নিবন্ধের একখানি পুঁথি[৩] আছে।

অভিরামদাসের "গোবিন্দ বিজয়ের" অনেকগুলি পুঁথি[৪] রহিয়াছে। এই পুঁথিগুলির মধ্যে দুইটি অখণ্ডিত এবং ষোলটি খণ্ডিত পুঁথি। শঙ্কর—কবিচন্দ্রের গোবিন্দমঙ্গলে অভিরাম দাসের কাব্যের উল্লেখ পাওয়া যায়। অভিরাম দাস শ্রীমদ্ভাগবতের প্রথম, দ্বিতীয় এবং দশম স্কন্ধের অনুবাদ করিয়াছিলেন। তাঁহার কাব্যে লৌকিক কাহিনীর প্রভাব নাই। তিনি যথাযথভাবে শ্রীমদ্ভাগবতকে অনুসরণ করিয়াছেন। কবি বিষ্ণুপুরের অধিবাসী ছিলেন বলিয়া অনুমান করা যায়। সপ্তদশ শতাব্দের শেষভাগে কবি বর্তমান ছিলেন বলিয়া মনে হয়। কাব্যমধ্যে কবি নিম্নলিখিত ভনিতা বহুবার ব্যবহার করিয়াছেন—

"গোবিন্দ পদারবিন্দ মকরন্দময়।
গোবিন্দবিজয় অভিরামদাস কয়॥"

* * *

"গোবিন্দ পদারবিন্দ মধুলুব্ধমতি।
অকিঞ্চন অভিরামদাসের ভারতী॥"

একটি পুঁথিতে[৫] উগ্রসেনকে মথুরার রাজারূপে বরণ করিবার কাহিনী পর্যন্ত অভিরামের ভনিতা আছে। তাহার পর কবিচন্দ্রের ভনিতা পাওয়া যায়। কবিচন্দ্রের ভনিতায় নন্দবিদায়ের কাহিনী বর্ণিত হইয়াছে। পুঁথিও সেইখানেই শেষ হইয়াছে।

অভিরাম গোবিন্দবিজয় গ্রন্থে দানলীলা ও নৌকালীলা বর্ণনা করেন নাই। বংশীচুরির যে কাহিনীটুকু পাওয়া যায়, তাহা রাসলীলা অনুষ্ঠানের পর বর্ণিত হইয়াছে দেখা যায়।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় অভিরামদাসের গোবিন্দবিজয়ের দুইটি বৃহৎ পুঁথি রহিয়াছে। তন্মধ্যে ১৭৫৭ সংখ্যক পুঁথিটি ২০০ পত্রে শেষ হইয়াছে, ও ৯৪৫ সংখ্যক পুঁথিটি ২০০ পত্রের পর খণ্ডিত অবস্থায় পাওয়া যায়।

---

১ ক ৯৬৮, ৯৭২ ২ ক ৬১০৬ ৩ ক ১০০৫

৪ কাব্যটি শ্রীপীযূষকান্তি মহাপাত্র সম্পাদনা করিয়াছেন। ৫ ক ৯৩৯

কবিচন্দ্রের "গোবিন্দমঙ্গল"[1]। কবির সম্পূর্ণ নাম শঙ্কর চক্রবর্ত্তী, কবিচন্দ্র তাঁহার উপাধি। গোবিন্দ-মঙ্গল ব্যতীত কবির ভনিতায় ভাগবতামৃত, শ্রীকৃষ্ণমঙ্গল ও রাধিকামঙ্গল প্রভৃতি নামের উল্লেখ পাওয়া যায়।

ভবানন্দের "হরিবংশ"। গ্রন্থটির নাম "হরিবংশ" হইলেও প্রকৃতপক্ষে সংস্কৃত হরিবংশের সহিত ভবানন্দের হরিবংশের কোনও প্রকার মিল নাই। যদিও ভবানন্দ লিখিয়াছেন,—

সত্যবতীসুত ব্যাস নারায়ণ অংশ।
সংক্ষেপে রচিল পুণ্যশ্লোক হরিবংশ॥
সেই শ্লোক বাখান করিয়া পদবন্ধে।
লোক বুঝিবারে বলে দীন ভবানন্দে॥

ভবানন্দের এই উক্তির সহিত তাঁহার রচনার কোন সঙ্গতি নাই।

শ্রীকৃষ্ণকীর্ত্তনের সহিত হরিবংশের অনেক বিষয়ে মিল রহিয়াছে সত্য, যথা, আদিরসাত্মক ভাব হরিবংশে যেমন বর্তমান শ্রীকৃষ্ণকীর্ত্তনেও তেমন দেখা যায়। আমাদের বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে অনেকগুলি হরিবংশের পুঁথি[2] সংগৃহীত হইয়াছে।

"হরিবংশ" নামে আর একটি গ্রন্থের সংবাদ পাই। এই গ্রন্থটি শ্রীকৃষ্ণবিলাস নামেও অভিহিত। ইহাতে শ্রীকৃষ্ণের লীলা-কাহিনী বর্ণিত আছে, অন্যত্র এই নামের পুঁথি[3] আর কোথাও পাওয়া যায় না। "হরিবংশে"র লেখকের নাম ঘনশ্যাম, ইনি শ্রীকৃষ্ণকিঙ্কর নামেও পরিচিত ছিলেন। ইনি জয়গোপাল দাসের শিষ্য ছিলেন।

মনসামঙ্গল কাব্যের রচয়িতা বংশীদাস শ্রীকৃষ্ণের লীলা অবলম্বনে আর একটি নিবন্ধ রচনা করেন, নিবন্ধের নাম "শ্রীকৃষ্ণগুণার্ণব"। ইহার দুইটি পুঁথি[4] বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে আছে।

ইহা ব্যতীত প্রাণনারায়ণ ও রামসুন্দরের "ক্রিয়াযোগসার", "ভবিষ্যপুরাণ", "একাদশী-ব্রত-মাহাত্ম্য," "তুলসীমাহাত্ম্য", "অক্রূরাগমন" প্রভৃতি দেবতার মাহাত্ম্যজ্ঞাপক নিবন্ধ এই পুঁথিশালায় আছে।

ধর্ম্মমঙ্গলের পুঁথি

ধর্ম্মমঙ্গল কাব্যগুলির মধ্যে রূপরামের গ্রন্থের প্রচার ও প্রসার বঙ্গদেশের রাঢ় অঞ্চলে সর্বাধিক ঘটিয়াছিল। বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে রূপরামের "ধর্ম্মমঙ্গলের" কয়েকটি পালা[5] আছে। সীতারাম দাসের ধর্ম্মমঙ্গল কাব্যগুলির ন্যূনাধিক ১৪টি বিভিন্ন পালার পুঁথি[6] আছে, কবি ১০০৪ মল্ল সালে এই "ধর্ম্মমঙ্গল" কাব্যটি রচনা করিয়াছিলেন। ইহার নিবাস ছিল সুখসাগর, এবং পিতার নাম দেবীদাস।

অষ্টাদশ শতাব্দীর ধর্ম্মমঙ্গল কাব্যগুলির মধ্যে ঘনরামের "ধর্ম্মমঙ্গল" বিশেষ উল্লেখযোগ্য। ঘনরামের পিতার নাম ছিল গৌরীকান্ত, মাতা সীতা, নিবাস বর্ধমান। ধর্ম্মমঙ্গলের নিবন্ধটি বঙ্গবাসী প্রেস হইতে প্রকাশিত হয়। দুঃখের বিষয় বাংলায় বিভিন্ন পুঁথিশালায় কোথায়ও ঘনরামের ধর্ম্মমঙ্গলের সম্পূর্ণ পুঁথি পাওয়া যায় না। বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে কেবলমাত্র বিচ্ছিন্ন কয়েকটি পালার পুঁথি আছে। নিম্নে পালাগুলির নাম উল্লেখ করিলাম,—(১) ফলানির্মাণ পালা, (২) হরিশ্চন্দ্রের পালা, (৩) বাঘজন্ম পালা, (৪) সুরিক্ষার পালা, (৫) ইছাই বধ পালা। এই কয়েকটি পালার মধ্যে ফলানির্মাণ পালা ও ইছাই বধ পালা সম্পূর্ণ, বাকী পালাগুলি খণ্ডিত।

---

১ ক ১০৮৪ ২ ক ২৪৭৫, ২৫০৪, ৬১০০ ৩ ক ৪৭৫২

৪ ক ৫০১৬, ৫৩২১ ৫ ক ৩৬৩৮ আখড়ার পালা (সম্পূর্ণ) ১২৪১ সাল, ক ৫৭১০, ক ৫১১৮, ক ৩১১৮, আদিপালা পৃঃ ১-৮, সম্পূর্ণ

৬ ক ২৪৬০, ক ২৪৩৩, ক ২৪৩৯, ক ২৪৭১-৭৪, ২৪৭৬, ৫৫১৪, ৫৫১৫, ক ৫৬০১-০৭

মল্লরাজ গোপালসিংহের রাজত্বকালে জীবন বাঁড়ুজ্যের পুত্র রামচন্দ্র বাঁড়ুজ্যে "ধর্ম্মমঙ্গল" কাব্য ১০৩৮ সালে বা ১৭৩২ খ্রীষ্টাব্দে সম্পন্ন করিয়াছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় যে কয়েকটি রামচন্দ্রের লিখিত ধর্ম্মমঙ্গল পাই তাহার সবগুলিই খণ্ডিত। এক-একটি পুঁথি ধর্ম্মমঙ্গলের এক-একটি পালা। আখড়া পালা,[১] কলানির্মাণ পালা,[২] গৌড়যাত্রা পালা,[৩] জামতি পালা,[৪] মায়ামুণ্ডপালা,[৫] হরিশ্চন্দ্র পালা,[৬] হাকন্দ পালা,[৭] অঘোর-বাদল পালা,[৮] জাগরণ পালা,[৯] পশ্চিম উদয় পালা,[১০] বাঘজন্ম,[১১] প্রভৃতি যে সকল পালা পাওয়া গিয়াছে, তাহার মধ্যে আখড়া পালা ও হরিশ্চন্দ্র পালার পুঁথি ৩টি করিয়া আমাদের সংগ্রহে আছে।

রামচন্দ্র[১২] একটি "ধর্ম্মপুরাণ"ও লিখিয়াছিলেন। এই ধর্ম্মপুরাণটি বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্ কর্তৃক ময়ূরভট্টের রচিত বলিয়া প্রকাশিত হইয়াছে। সাহিত্য-সংহিতায় ৯ম খণ্ডের পরিশিষ্টে "কানাড়ার-সম্বন্ধ" পালা অবধি প্রকাশিত হইয়াছিল। রামচন্দ্রের "ধর্ম্মমঙ্গল" কেহ যদি সম্পাদন করিয়া প্রকাশ করিতে চাহেন, তবে সাহিত্য সংহিতার এই অংশটি তাঁহার প্রয়োজনে আসিতে পারে।

নরসিংহ বসুর ধর্ম্মমঙ্গলের পুঁথি আমাদের এই সংগ্রহশালায় তিন চারিটি[১৩] হইবে।

নরসিংহ বসুর প্রণীত "ধর্মমঙ্গলে" আমরা লেখকের বিস্তৃত পরিচয় ও ধর্ম্মমঙ্গল প্রণয়ন করিবার কারণও জানিতে পারি।

নরসিংহের পিতামহ মথুরা বসু বর্দ্ধমানের মহারাজা কীর্ত্তিচন্দ্রের[১৪] সময়ে বর্দ্ধমানের অন্তর্গত শাঁখারীতে বসবাস করিতে শুরু করেন। নরসিংহের পিতার নাম ঘনশ্যাম ও মাতার নাম নবমল্লিকা। অল্পবয়সেই তিনি পিতৃহীন হইয়া পড়েন। তাঁহার তিন পুত্র ছিল।

ধর্ম্মমঙ্গল কাব্যটির রচনাকাল ১৬৩৬ শকাব্দ।

রামনারায়ণের "ধর্ম্মমঙ্গলের" অন্তর্ভুক্ত "ইছাই বধ" পালার পুঁথি[১৫] আমাদের সংগ্রহশালায় আছে। লেখকের ভনিতা এইরূপ,—"রামকৃষ্ণাত্মজ গায় রামনারায়ণ"।

ধর্ম্মমঙ্গলের অন্যতম রচয়িতা দ্বিজ ক্ষেত্রনাথের[১৬] "লাউসেন চুরি" নামক একটি মাত্র পালা পাওয়া গিয়াছে।

কালিকামঙ্গলের পুঁথি

"বিদ্যাসুন্দর কাহিনী" কালিকামঙ্গলের অন্তর্ভুক্ত। এই মঙ্গলকাব্যের প্রতিপাদ্য বিষয় পৌরাণিক দেবী কালিকার পূজা প্রতিষ্ঠা ও তাঁহার মহিমা কীর্ত্তন। "দেবী কালিকা" সম্পূর্ণ পৌরাণিক দেবী হইলেও যে আখ্যায়িকা অবলম্বনে তাঁহার পূজা ও মহিমা স্থাপনের চেষ্টা করা হইয়াছে, তাহা সম্পূর্ণ লৌকিক।

---

১ আখড়া পালা—ক ৪৮৩৩, ৫৮৫৪, ৫৮৬১; ২ কলানির্ম্মাণ পালা—ক ৪৮৩৪, ৩ গৌড়যাত্রা পালা—ক ৫৮৬৮, ৪ জামতি পালা—ক ৫৮৫৭, ৫ মায়ামুণ্ড পালা—ক ৫৮৫০, ৪৮৬০, ৬ হরিশ্চন্দ্র পালা—ক ৫৮৫৫, ৫৮৫৬, ৫৯৯৩, ৭ হাকণ্ড পালা—ক ৫৮৬৩, ৮ অঘোর বাদল পালা—ক ৫৮৬৫ ৯ জাগরণ পালা—ক ৫৮৫৪, জাগরণ নবখণ্ড ৫৮৯০, ১০ পশ্চিম উদয় পালা—ক ৫৮৫৯, ১১ বাঘজন্ম—ক ৪৮৩৯

১২ দুর্জনসিংহ-সুত গোপাল সিংহ খ্যাত বৈষ্ণব প্রহ্লাদ সমান। তস্য দেশে বাস ধর্ম্মের ইতিহাস দ্বিজ রামচন্দ্র গান।

*　　*　　*　　*

মল্লরাজ্যে বাস করি মল্লের লিখি শাক। হাজার আটত্রিশ সালে হইল পুস্তক।

১৩ ক ৩২২৪, ৩২২৫, ৩২২৬

১৪ অধিকারী দেশের শ্রীকীর্ত্তিচন্দ্র রায়।
জগজনে যাহার যশের গুণ গায়।

১৫ ক ২৪৪৪ ১৬ ক ১৬৫১

বঙ্গদেশে প্রচলিত বিদ্যাসুন্দর কাহিনীর উদ্ভব প্রসঙ্গে কয়েকটি কথা আমাদের মনে আসে। এই বিদ্যাসুন্দর কাহিনীটির বিশ্লেষণ করিলে বিভিন্ন কয়েকটি স্তরের সন্ধান পাওয়া যায়,—

কাহিনীর প্রথম স্তর—নায়ক কর্তৃক চৌর পঞ্চাশতের শ্লোকগুলির উচ্চারণে তাঁহার বন্ধন-মুক্তি ও বিদ্যাসুন্দর কাহিনীতে চৌরপঞ্চাশতের শ্লোকবিশেষের প্রভাব। কোটালগণ কর্তৃক সুন্দর ধৃত হইয়া বধ্যভূমিতে নীত হইলে নায়ক সুন্দর বিদ্যাকে স্মরণ করিয়া "চৌরপঞ্চাশৎ"-এর শ্লোক উচ্চারণ করিতে আরম্ভ করেন। বাঙ্গলাদেশে প্রচলিত সংস্কৃত বিদ্যাসুন্দর গ্রন্থটিতে দেখা যায় যে সুন্দর এই পঞ্চাশৎ শ্লোকেই অভীষ্ট দেবতার স্মরণ করিতেছেন এবং এই স্মরণ করার ফলেই সুন্দরের বন্ধন-দশা মুক্ত হইয়াছে। বিদ্যাসুন্দর কাহিনীর দ্বিতীয় স্তর—বিদ্যা ও সুন্দরের সুড়ঙ্গ পথে গোপন মিলন ও তাহাদের ভোগবিলাস। তৃতীয় স্তর—নায়ককে কাহিনীর সর্বত্র চোর এই আখ্যায় অভিহিত করা হইয়াছে। চতুর্থ স্তর—মালিনীর সহযোগিতায় বিদ্যা ও সুন্দরের গোপন মিলন সম্ভবপর করিয়া তুলিবার জন্য মালিনী চরিত্রের অবতারণা। পঞ্চম স্তর—বিদ্যাসুন্দর কাহিনীতে মঙ্গল-কাব্যের বৈশিষ্ট্যগুলির অবতারণা।

দেবী কালিকার পুজা প্রতিষ্ঠাকল্পে ভূতলে বিদ্যা ও সুন্দরের জন্মলাভ, বিদ্যা ও সুন্দরের গোপন পরিণয়ে দেবী কালিকার সাহায্য দান, যাত্রাপথে বিপদ হইতে উদ্ধার ও সুন্দরের আসন্ন মৃত্যুদণ্ড হইতে মুক্তিলাভ—সবই দেবীর কৃপায় সম্ভবপর হইয়া উঠিতেছে।

বাঙ্গলা ভাষায় লিখিত যে দুইটি প্রাচীনতম বিদ্যাসুন্দরের পুঁথি পাওয়া গিয়াছে তাহার একটি দ্বিজ শ্রীধর কবিরাজের ও একটি সাবিরিদ খানের। মুন্সী আবদুল করিম যতটুকু পুঁথির পত্র পাইয়াছিলেন, তাহা তিনি প্রকাশিত করিয়া গিয়াছিলেন। সম্প্রতি আহমদ শরীফ উহার বাকী অংশ সম্পাদিত করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের "সাহিত্য" পত্রিকায় (১ম বর্ষ, ১ম সংখ্যা ১৩৬৪) প্রকাশিত করিয়াছেন। এই দুইটি নাটপালা-ই পূর্ববঙ্গে রচিত হইয়াছিল।

শ্রীধর কবিরাজ গৌড়ের নবাব হুসেন শাহার পুত্র, নাসির শাহের রাজত্বকালে এবং তাহার পুত্র ফিরোজ শাহার যুবরাজ থাকাকালীন বিদ্যাসুন্দর নাটপালা রচনা করেন। নসরত শাহা গৌড়ের সিংহাসনে ১৫২৬ খ্রীঃ হইতে ১৫৩১ খ্রীঃ পর্যন্ত অধিষ্ঠিত ছিলেন। আমাদের অনুমান ষোড়শ শতাব্দের তৃতীয় পাদের ভিতরেই এই নাটপালা রচিত হইয়া থাকিবে।

ষোড়শ শতাব্দের শেষের দিকে গোবিন্দদাস নামক এক ব্যক্তি ১৫১৭ শক বা ১৫৯৫-৬ খ্রীষ্টাব্দে একটি সম্পূর্ণাঙ্গ কালিকামঙ্গল রচনা করেন। গোবিন্দদাসের কালিকামঙ্গল গ্রন্থটি অতি বৃহৎ। উহা চারিভাগে বিভক্ত—১ম ভাগে দেবীমাহাত্ম্য প্রচার, ২য় ভাগে সুরথ রাজার ও সমাধি বৈশ্যের উপাখ্যান, ৩য় ভাগে বিক্রমাদিত্য উপাখ্যান ও ৪র্থ ভাগে বিদ্যাসুন্দর উপাখ্যান। গোবিন্দদাসের এই বিদ্যাসুন্দর উপাখ্যান পরবর্তী যুগে সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দে বিশেষ পল্লবায়িত হইয়া উঠে।

সপ্তদশ শতাব্দে প্রাণরাম চক্রবর্তী, বলরাম কবিশেখর ও কৃষ্ণরাম বিদ্যাসুন্দর কাব্য রচনা করিয়াছিলেন। বলরাম কবিশেখরের একটি উল্লেখযোগ্য পুঁথি আমাদের সংগ্রহে আছে। বঙ্গীয় সাহিত্য-পরিষদ্ হইতে অধ্যাপক চিন্তাহরণ চক্রবর্তী মহাশয় বলরাম কবিশেখরের একটি মূল্যবান সংস্করণ প্রকাশিত করেন। শ্রদ্ধেয় চক্রবর্তী মহাশয় সংস্কৃত-সাহিত্য পরিষদের একটি মাত্র পুঁথির পাঠ লইয়া পূর্বোক্ত সংস্করণ প্রকাশ করেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এই খণ্ডিত পুঁথির সহিত পূর্বোক্ত মুদ্রিত গ্রন্থটির পাঠ মিলাইলে, অনেক সঠিক পাঠের সন্ধান পাওয়া যাইতে পারে। বলরাম কবিশেখরের গ্রন্থটিতে রচনার কালের কোনও ইঙ্গিত নাই।

কাশীজোড়ের রাজা লক্ষ্মীনারায়ণের সভাসদ পদে অধিষ্ঠিত থাকাকালীন তিনি এই "কালিকামঙ্গল" সম্পাদন করেন। রাজা লক্ষ্মীনারায়ণ ১৬৬৯-১৬৯২ খ্রীষ্টাব্দ কাল পর্যন্ত রাজত্ব করেন। আমাদের অনুমান কালিকামঙ্গল এই সময়ের ভিতর রচিত হইয়া থাকিবে। মঙ্গলকাব্যের ভনিতায় জানা যায় যে বলরামের পিতার নাম আচার্য দেবীদাস, পিতামহের নাম শ্রীচৈতন্য ও মাতার নাম কাঞ্চনী। কবির পদবী চক্রবর্তী ও উপাধি কবিশেখর।

বলরামের বিদ্যাসুন্দর গ্রন্থে[1] অন্যান্য কবিদের তুলনায় অনেক নূতন বিষয়ের অবতারণা আছে। স্বয়ং কালিকা কর্তৃক সুন্দরকে শুক পক্ষী প্রদানের কথা কোনও বিদ্যাসুন্দর গ্রন্থে নাই, জগন্নাথ পুরীধামের উৎপত্তির বিবরণ, পাণ্ডবগণের উড়িষ্যা আগমন ও মায়াসরোবর দর্শন, স্নান ব্যপদেশে সুন্দরকে সরোবর-তীরে বিদ্যার প্রথম দর্শন, এই প্রথম দর্শনে পদ্মের উপর খঞ্জন বসিয়া থাকিতে দেখিয়া বিদ্যা ও সুন্দরের ইঙ্গিতে আলাপ কোনও বিদ্যাসুন্দরের কবির রচনায় পাওয়া যায় না। অন্যান্য বিদ্যাসুন্দর কাব্যের ন্যায় কালিকা দেবী শুধু নীরব দ্রষ্টা ন'ন, বিদ্যা ও সুন্দরের অনেক ঘটনার নিয়ামকও বটে। যে মুহূর্তে তিনি সুন্দরকে বিদ্যাপ্রাপ্তির বিষয়ে আশীর্বাদ করেন, সেই মুহূর্তে তিনি বিদ্যাকে স্বপ্নযোগে সুন্দরের গুণাগুণ জানাইয়া দেন। সুন্দরের শুভাশুভ সকল দায়িত্বের ভার দেবী কালিকার উপর ন্যস্ত রহিয়াছে, দেবীর ইঙ্গিতে তাহা ঘটিতেছে। অন্যান্য বিদ্যাসুন্দরের তুলনায় কবি বলরামের রচনা অশ্লীলতা দোষে দুষ্ট নহে, কাব্যে ভক্তি-ভাবেরই প্রাধান্য লক্ষ্য করা যায়।

আলোচ্য কাব্যের ভাষাগত প্রাচীনতা, বর্ণবিন্যাস-প্রকরণ, বৈদেশিক শব্দের অল্পতা, ব্রজবুলীর প্রভাব প্রভৃতি লক্ষ্য করিলে এই সিদ্ধান্তে আসিতে হয় যে, ইহা কৃষ্ণরামের রচনার পূর্ববর্তী এবং সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে রচিত হইয়া থাকিবে।

খ্রীষ্টীয় অষ্টাদশ শতাব্দে কালিকামঙ্গল রচনার শ্রেষ্ঠকাল এবং সর্বাপেক্ষা ফলপ্রসূ কাল বলা যায়, তাহার প্রধান কারণ এই সময়েই আমরা ভারতচন্দ্র, রামপ্রসাদ, নিধিরাম, মধুসূদন কবীন্দ্র ও রাধাকান্ত প্রভৃতি মনস্বী লেখকদের বিদ্যাসুন্দর কাব্যের সহিত পরিচিত হই।

ভারতচন্দ্রের রচনা-কাল অষ্টাদশ শতাব্দের মধ্যভাগ।
আমাদের সংগ্রহালয়ে ভারতচন্দ্রের সম্পূর্ণ ও খণ্ডিত পুঁথি[2] বহু রহিয়াছে। ভারতচন্দ্রের ন্যায় রামপ্রসাদের রচনা তত লোকপ্রিয়তা অর্জন করিতে পারে নাই বলিয়া উক্ত গ্রন্থের পুঁথিরও তেমনি অভাব দেখা যায়। "শকাব্দা ষোড়শ শত জলনিধি বসু" অর্থাৎ ১৬৭৮ শক বা ১৭৫৬-৫৭ খ্রীষ্টাব্দে নিধিরাম কালিকামঙ্গল কাব্য প্রণয়ন করেন, ইহার ১১ বৎসর বাদে শাকে গ্রহ বসু ঋতু বিধুর গণনে অর্থাৎ ১৬৮৯ শক বা ১৭৬৮-৬৯ খ্রীষ্টাব্দে রাধাকান্ত শ্যামামঙ্গল পরিসমাপ্ত করেন।

কবি রাধাকান্ত কলিকাতার বাসিন্দা, কাশ্যপ গোত্রীয় ব্রাহ্মণকুলে জন্ম গ্রহণ করেন। পিতার নাম রামনাথ মিশ্র, পিতামহ শ্রীবল্লভ ও অগ্রজের নাম দেবীরাম মিশ্র। আমাদের সংগ্রহালয়ে রাধাকান্তের কালিকামঙ্গল কাব্যের দুইটি পুঁথি[3] পাওয়া গিয়াছে, ইহা অন্যত্র পাওয়া যায় না।

ভারতচন্দ্র বা রামপ্রসাদের ন্যায় কাব্যটি অলঙ্কার-সমন্বিত নয়, তবে সহজ, সরল বলিয়া কাব্যটি প্রাণস্পর্শী। কাহিনী গতানুগতিক হইলেও অনেক নূতন ঘটনা সংযোজিত দেখা যায়।

আমাদের সংগ্রহালয়ে মধুসূদন চক্রবর্তীর দুইটি পুঁথি আছে, যাহা অন্যত্র কোন প্রাচীন সংগ্রহালয়ে পাওয়া যায় না।

এই বিদ্যাসুন্দর গ্রন্থে বেশীর ভাগ ভনিতায় পাই 'কবীন্দ্র', কচিৎ 'কবিচন্দ্র'ও আছে, 'মধুসূদন কবীন্দ্র' এই নামটি গ্রন্থের ভনিতায় দু-একটি স্থল ছাড়া আর কোথায়ও নাই। গ্রন্থটিতে এইরূপ ভণিতা পাওয়া যায়,—

(১) ঘটকচক্রবর্তীসুত কৃষ্ণচন্দ্র-পদে রত
শ্রীযুতঘটকচূড়ামণি।

---

১ বিষ্ণুদাসের বংশ বিনয়নে করে অংশ
ধন্য রাজা লক্ষ্মীনারায়ণ।
হইয়া ত সভাবন বন্দিয়া কালিকাপদ
শ্রীকবিশেখর সুবচন॥ ক ২৫৫৯, পৃঃ ২ক
বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে বলরামের কালিকামঙ্গলের দুইটি পুথি আছে, ক ২৫৫৯, ৬২৬৫

২ ক ২৬০০,২৬৫২,২৬৭২,২৭৯৫,৩২১৭,৬০৭৫ ৩ ক ৩১৭৩, ক ৩১৮১

তাহার অনুজ কহে কালীপদে সরোরুহে
রক্ষ রক্ষ নগেন্দ্রনন্দিনি ॥
(২) রামচন্দ্র অলি পরমানন্দ।
তাহার অনুজ কহে কালীপদ-সরোরুহে

ইহা হইতে জানা যায় যে ইহার পিতার উপাধি ঘটক চক্রবর্তী ও অগ্রজের নাম রামচন্দ্র ঘটক চূড়ামণি।

পূর্ববর্তী নিবন্ধগুলিতে বিদ্যার সমাগমের প্রশ্ন, উষা ও অনিরুদ্ধ উপাখ্যান, বিদ্যার মানভঞ্জন, নারীগণের আক্ষেপ, সুন্দরের পুত্রসন্তানলাভ প্রভৃতি বর্ণিত বিষয়গুলির যেরূপ বিস্তারিতভাবে বর্ণনা দেখিতে পাই, মধুসূদনের কাব্যটিতে[১] সেরূপ দেখি না।

দ্বিজ কালিদাস[২] ও কালিদাসের[৩] নামে পুঁথিশালায় কালিকামঙ্গল ও কালিচরিত পুঁথি পাইতেছি, অন্যত্র ইহা কালিকাবিলাস নামে পরিচিত। গ্রন্থটির কালিকাবিলাস[৪] নাম থাকিলেও ইহা শিবমাহাত্ম্য জ্ঞাপক[৫]।

সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় বিদ্যাসুন্দর উপাখ্যানের একটি পূর্ণাঙ্গ সংস্কৃত ভাষায় রচিত পুঁথি[৬] সংগৃহীত হইয়াছে। পুঁথিটি ৫৪৬ শ্লোক সমন্বিত, পুঁথিটির পরিশিষ্টে পাওয়া যায় "সমস্তমহীমণ্ডলাধিপমহারাজ-বিক্রমাদিত্যনির্দেশলব্ধশ্রীমন্মহাপণ্ডিতবররুচিবিরচিতং বিদ্যাসুন্দরপ্রসঙ্গকাব্যম্ সমাপ্তম্"কাব্যের প্রারম্ভে নবম শ্লোকে পাই,—

বররুচি নামা সুকবিঃ শ্রুত্বা বাক্যং নৃপেন্দ্রস্য
বিদ্যাসুন্দরচরিতং শ্লোকসমূহৈস্তদারেভে।

পুঁথিতে চরিতকাব্য, উপাখ্যান, বা আদিরসাত্মক খণ্ডকাব্যের মর্যাদা দেওয়া হইয়াছে। কাব্যটি মিশ্র-প্রকৃতির এইরূপ অনুমান করা যায়।

পুঁথিখানি খুব বেশী প্রাচীন নহে, লিপিবিজ্ঞানের দৃষ্টিভঙ্গী হইতে বলা যায়, ইহা অষ্টাদশ শতকের অনুলিপি।

এই পুঁথিখানি পাওয়া যাওয়ায় কতকগুলি ব্যাপারেও সমর্থন মিলিয়াছে এবং অপরপক্ষে কতকগুলি রহস্যের উদ্ভব হইয়াছে। প্রথমতঃ বিক্রমাদিত্য বলিতে সাহসাঙ্ক মহারাজ যাহাকে বুঝান হইয়াছে, তাহাকে কেন্দ্র করিয়া একদা সভাকবি বিহ্লণ "বিক্রমাঙ্কদেবচরিতম্" লিখিয়াছিলেন; কিন্তু এই বিদ্যাসুন্দর উপাখ্যানের কবি আপনাকে বররুচি নামে পরিচায়িত করায় বররুচি ও বিহ্লন এক হইয়া যাইতেছে। সুতরাং একদা মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী যে দ্বিতীয় বররুচির সন্ধানে ব্যাপৃত হইয়াছিলেন, ইনি সেই বররুচি। A. B. Keith-এর মতে প্রাকৃত বৈয়াকরণ বররুচিই সাহসাঙ্কের সভাকবি বররুচি এবং ইনি একাদশ শতাব্দে জীবিত ছিলেন। প্রসিদ্ধ "চৌরপঞ্চাশৎ" অর্থাৎ "অদ্যাপি" দিয়া ন্যূনাধিক যে ৫০টি শ্লোক চৌর কবির নামে প্রচলিত আছে, তাহা এই বররুচি-রচিত বিদ্যাসুন্দর কাব্যে পাওয়া যাইতেছে। ফলতঃ সাহসাঙ্কের সভাকবি বররুচি এইরূপ উল্লেখ এই পুঁথিতে পাওয়া যাওয়ায় এবং তাহার সহিত চৌরপঞ্চাশৎ থাকায় এই কাব্য মধ্যে বররুচি ও বিহ্লন এক হইয়া গিয়াছে।

---

১ ক ৬২৬১ শ্রীশ্রী জয়কালিকা ব্রতকথা
ক ৫১৮৩
২ ক ৩৪৮৯, ৩ ক ১৮১০ ৪ ব-সা-প ১, ১৩৭-৫৫ পৃঃ
৫ মঙ্গলকাব্যের ইতিহাস—পৃঃ ১৪৮
৬ ১৯২২ খ্রীষ্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ কর্তৃক আহূত দ্বিতীয় প্রাচ্যবিদ্যাসম্মেলনে (Second Oriental Conference) অধ্যাপক শ্রীশৈলেন্দ্রনাথ মিত্র এই পুঁথিটির উপর নির্ভর করিয়া The long lost Vidyasundara নামক একটি প্রবন্ধ পাঠ করেন, এবং যথা সময়ে উক্ত প্রবন্ধটি সম্মেলনের কার্যবিবরণীতে প্রকাশ লাভ করে।

শিবমঙ্গলের পুঁথি

সংগ্রহশালায় রতিদেবের মৃগলুব্ধ পুঁথি ৩টি আছে[১]। মুচুকুন্দরাজার কাহিনী বিভিন্ন পুরাণে—হরিবংশ, ব্রহ্মপুরাণ, বৃহন্নারদীয় পুরাণ প্রভৃতিতে দেখা যায়। পৌরাণিক রাজা মুচুকুন্দের সহিত ভদ্রসেন ও রত্নাবলীর কাহিনী জড়িত করিয়া প্রথম কোন কবি মৃগলুব্ধ উপাখ্যান রচনা করিয়াছিলেন তাহা আমাদের অজ্ঞাত। মৃগলুব্ধ পুঁথিতে কবির পরিচয় এইরূপ আছে,—

> পিতা গোপীনাথ বন্দম মাতা বসুমতী।
> জন্মস্থল সুচক্রদণ্ডী চক্রশালা খ্যাতি॥
> জ্যেষ্ঠ দুই ভাই বন্দম রামনারায়ণ।

সপ্তদশ অষ্টাদশ শতাব্দে শিবের মাহাত্ম্যসূচক রচনা যাহা পাইতেছি, তাহার মধ্যে উল্লেখযোগ্য রামেশ্বর ভট্টাচার্যের শিব-সঙ্কীর্তন বা শিবায়ন[২]। এই রামেশ্বরের প্রণীত "সত্যনারায়ণ পাঁচালী"ও দেখা যায়।

দ্বিজ সৃষ্টিধরের "মহেশমঙ্গল" কাশীখণ্ড অবলম্বনে রচিত গ্রন্থটি আমাদের পুঁথিশালায় রহিয়াছে।

সূর্যমঙ্গল বা সূর্যের পাঁচালীর পুঁথি

সূর্যের পাঁচালী বা ব্রতকথা সম্বন্ধে কয়েকটি পুঁথি রহিয়াছে—এক মালাধরের, দ্বিতীয় কালিদাসের, আর তৃতীয়টি রাজকিশোর শর্মাচৌধুরীর। সকল পাঁচালীতে 'রুমনা ও ঝুমনা' ব্রাহ্মণের দুই কন্যার কাহিনীই স্থান পাইয়াছে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন পুঁথিশালায় দুইখানি জিতাষ্টমী ব্রতকথা[৩] (বা জীমূতমঙ্গলের) পুঁথি আছে। একখানি মধুসূদনের ও অপরখানি শম্ভুরামের।

সূর্যপুত্র জীমূতবাহনের কাহিনীতে বৈচিত্র্য আছে। সূর্যের ঔরসে এক ব্রাহ্মণ-বিধবার গর্ভে জীমূতবাহনের জন্ম। বাল্যবন্ধুরা তাহার জন্ম লইয়া ব্যঙ্গ করিলে সূর্যের আশীর্বাদে জীমূতবাহন মানবসমাজে পূজাধিকার লাভ করেন। ঐ কাহিনী ছাড়াও শম্ভুরামের কাব্যে মগধের পালা ও জাগরণ পালা নামে আরও দুইটি কাহিনী পাওয়া যায়। এই কাহিনীগুলির সহিত শঙ্কর কবিচন্দ্রের জীমূতবাহনের রাজার উপাখ্যানের কোনও সম্পর্ক নাই। শেষোক্ত কাহিনীতে মহাভারতের শিবিরাজার মতন জীমূতবাহনের আত্মদানের বর্ণনা আছে। এই প্রসঙ্গে Adyar Library Bulletin-এর পঞ্চবিংশ খণ্ডে প্রকাশিত অধ্যাপক চিন্তাহরণ চক্রবর্তীর The Story of Jimutavahan in Eastern India প্রবন্ধ দ্রষ্টব্য। শম্ভুরামের রচনার কিঞ্চিৎ অংশ নিম্নে উল্লেখ করিতেছি,—

> কেশপাকা কেশী বুড়ী খুসখুস কাশে।
> দেখিয়া বুড়ীর রঙ্গ ছুঁড়ি বস্তা হাসে॥
> দ্বিজ শম্ভুরাম বলে না হাস দুখিনী।
> হাসিলে কান্দিতে হয় সর্বলোকে জানি॥
> উষ্টিক শিরেতে জষ্টিক করেতে কিরণে মুষ্টিক মারে।
> দৃষ্টি নাহি হয় সৃষ্টি ডুব্যা রয় বানবৃষ্টি থরে থরে॥
> তর্জিয়া গর্জিয়া উঠিছে ভঙ্গিয়া লম্ফিয়া ঝম্পিয়া পড়ে।
> দন্তের কড়মড়ি ঢালের খড়খড়ি প্রলয় যেমন ঝড়ে॥

ইত্যাদি

---

১ মৃগলুব্ধ—ক ২৪৪০, ৬০৬৯, ৬১০৪

২ রামেশ্বরের শিবায়ন—ক ৩৫০১, ৩৫০২, ৪৪৬২, ৫৯২০, ৬২৬৭, ৪৯৫৮
মংস্যধরার পালা—ক ২৪৪৬,—৭,—৮,—৯,—৫০

৩ ক ৬১০৪, ৫০৬৯

গঙ্গামঙ্গলের পুঁথি

গঙ্গামঙ্গল সম্বন্ধে জয়রামদাসের[১] ও শঙ্কর আচার্যের[২] লেখা পাওয়া যায়। জয়রামদাসের নিবন্ধের নাম বিষ্ণুপদ-তীর্থমালা।

গঙ্গাবন্দনা[৩] অযোধ্যারাম কবিচন্দ্রের ভনিতায় পাওয়া গিয়াছে।

ষষ্ঠীমঙ্গলের পুঁথি

পুঁথিশালায় ষষ্ঠীমঙ্গল[৪] নামে একটি বৃহৎ মঙ্গলকাব্য আছে, গ্রন্থটির লেখক রামধন চক্রবর্তী। ডঃ সুকুমার সেনের অনুমান দাশরথি রায়ের অনুজের নাম রামধন, ইনি এই মঙ্গলকাব্যের রচয়িতা হইতে পারেন।

শীতলামঙ্গলের পুঁথি

শীতলামঙ্গলের কয়েকটি উল্লেখযোগ্য পুঁথি আমাদের সংগ্রহে রহিয়াছে। এইগুলির রচনাকাল অষ্টাদশ শতাব্দের মধ্যে। শঙ্কর (ক ৩৫০০), নিত্যানন্দ চক্রবর্তী (ক ১২৭৭),—প্রভৃতির পুঁথি পাওয়া গিয়াছে।

কপিলামঙ্গলের পুঁথি

কপিলামঙ্গল[৫] কাব্যটির রচয়িতা কাশীনাথ। নিবন্ধটি একটি ব্রতকথা বিশেষ। ভাগবত পুরাণে উল্লিখিত ব্রহ্মার গরুচুরি বর্ণনা এই মঙ্গলকাব্যের প্রধান উপকরণ।

লক্ষ্মীব্রতকথা

লক্ষ্মীর ব্রতকথা সম্বন্ধে কয়েকটি পুঁথি আমাদের সংগ্রহে আছে। শঙ্কর[৬], দ্বিজ বসন্ত[৭], ধনঞ্জয়[৮], যাদব দাস[৯] প্রভৃতি লেখকের পুঁথি উল্লেখযোগ্য।

অন্যান্য মঙ্গলকাব্যের পুঁথি

সারদামঙ্গল[১০] কাব্যের দুইটি মাত্র পুঁথি আমাদের সংগ্রহে আছে। সারদা অর্থাৎ দেবী সরস্বতী বা বিদ্যামাহাত্ম্য জ্ঞাপক কাহিনী বিশেষ জনপ্রিয়তা অর্জন করিতে পারে নাই, এই পুঁথির স্বল্পতা ইহার অন্যতম কারণ। কবির নাম দয়ারাম, পিতার নাম জগন্নাথ, পিতামহ পরীক্ষিৎ এবং প্র-পিতামহের নাম রমেপ্রজিৎ। মেদিনীপুর জেলার অন্তর্গত কাশীজোড়ায় কবির বাসভূমি ছিল।

সুবাহু নামক রাজার পুত্র লক্ষ্মীধর কিভাবে সরস্বতীর বরে পণ্ডিত হইয়া রাজকন্যাদের বিবাহ করিয়া দেশে প্রত্যাবর্তন করিলেন, সারদামঙ্গল-কাহিনীতে তাহাই বিবৃত হইয়াছে।

বিভিন্ন লেখকের মধ্যে শ্রেষ্ঠ রায়মঙ্গল কাব্য নিমিতাবাসী কবি কৃষ্ণরামের। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যে পুঁথিটি[১১] রহিয়াছে তাহা শেষের দিকে খণ্ডিত।

রায়মঙ্গল কাব্যে ব্যাঘ্রদেবতা দক্ষিণরায়ের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। কাহিনীটির সারমর্ম এই, পিতার সন্ধানে বড়দহের পুষ্পদত্ত সমুদ্রযাত্রা করিতেছিলেন, পথের মধ্যে খনিয়া নামক স্থানে গিয়া দক্ষিণরায় ও বড় খাঁ গাজীর উদ্দেশে পূজা করিলেন। পরে নৌকাপথে তুরঙ্গনগরের রাজত্বে গিয়া উপস্থিত হইলেন। এই স্থলে তুরঙ্গনগরের

১ ক ২৪৫৭, ২ ক ১৩৫৫, ৩ ক ১৪৯৩
৪ ক ৩২১৫, ৫ ক ৫০৭৮ ৬ ক ৩৪৫৭, ৩৭২০ ৭ ক ১৭৯৭, ৮ ক ৩৫৭৯, ৯ ক ২৮৫৭
১০ ক ৩৭৮০, ক ৩০১০ ১১ ক ১৭৯৮

রাজা পুষ্পদত্তকে বন্দী করিতে উদ্যত হইলে দক্ষিণরায় তাঁহার বরপুত্রকে রক্ষা করেন এবং দক্ষিণরায়ের আদেশে তুরঙ্গনগরের রাজা পুষ্পদত্তকে আপন কন্যার সহিত বিবাহ ও তাহার পিতাকে সসম্মানে মুক্তি দিলেন।

কেহ-কেহ বলেন—দক্ষিণরায় ঐতিহাসিক ব্যক্তি ছিলেন। দক্ষিণ সুন্দরবন-অঞ্চলে তাঁহার বিশেষ প্রভাব প্রতিপত্তি ছিল। বড় খাঁ গাজি ব্রাহ্মণ-নগরের রাজা মুকুট রায়ের কন্যাকে একপ্রকার বলপূর্বক বিবাহ করিতে উদ্যত হইলে দক্ষিণরায় তাহাকে বাধা দেন। যুদ্ধে হারজিতের কোনও আভাস না দেখা যাওয়ায় উভয়ে সন্ধি স্থাপনা করেন। মজিলপুরের দক্ষিণ-পূর্বে খনিয়া শাসন স্থানের লোকেরা আজিও দক্ষিণরায় ও বড় খাঁ গাজির যুদ্ধস্থল দেখাইয়া দেয়। দক্ষিণরায় থাকিতেন খাড়ি নামক স্থানে (খাড়ি পল্লী জয়নগর হইতে ১০।১১ মাইল দক্ষিণ-পূর্বে অবস্থিত একটি অতি প্রাচীন স্থান।) আর বড় খাঁ গাজীর আস্তানা ছিল ময়দা পরগণার চণ্ডীপুর পল্লীতে। এই মুসলমান পল্লীর মধ্যে এখনও অতি জীর্ণ অবস্থায় বড় খাঁ গাজীর ও তাহার বিবি চম্পার সমাধি আছে।[১]

পূর্বে দক্ষিণ ২৪ পরগণায় দক্ষিণরায় নামে এক অতি প্রভাবশালী ব্যক্তি ছিলেন পরে তিনি আপামর জনসাধারণের নিকট বিশেষ শ্রদ্ধার পাত্র হইয়া উঠেন।

বৈষ্ণব পদাবলী

বিশ্ববিদ্যালয়ের প্রাচীন পুথিসংগ্রহালয়ে পদাবলী সংগ্রহের প্রাচুর্য্য কম নহে। বিভিন্নযুগের বিভিন্ন পদকর্তার পদাবলীর পুঁথি যথেষ্ট রহিয়াছে।

মিথিলার সভাকবি বিদ্যাপতি ঠাকুর হরগৌরী-বিষয়ক পদাবলী ব্যতীত রাধাকৃষ্ণলীলা-বিষয়ক যে পদগুলি রচনা করিয়াছিলেন, নিঃসন্দেহে তাহা পরবর্তীকালীন ও অধিকতর মাধুর্যমণ্ডিত এবং পরিণত। ইহার কাব্যসুষমা ইহার লোকপ্রিয়তার কারণ হইয়া উঠিয়াছিল। খ্রীষ্টিয় পঞ্চদশ-ষোড়শ শতকের যে সকল বাঙ্গালী ছাত্র মিথিলায় স্মৃতি ও ন্যায় পড়িতে যাইতেন, তাহারা এই সকল পদবন্ধ বাংলাদেশে বহন করিয়া লইয়া আসেন। প্রথমদিকে বাঙালী গায়েনেরা বাঙলা বৈষ্ণবপদাবলীর সহিত মিলাইয়া-মিশাইয়া গাহিতেন। ইহার ফলে মৈথিলের ধ্বনি-মাধুর্য বাঙালীর মনকে আকৃষ্ট ও প্রভাবিত করিয়াছিল। এই প্রভাবের ফল সপ্তদশ শতকে ব্রজবুলির গোবিন্দদাসের আবির্ভাবে মূর্ত। মৈথিল শব্দ বা পদ বাঙালীর মুখে বিকৃত হইতে-হইতে শেষ পর্যন্ত যে একটি কৃত্রিম ভাষার-সৃষ্টি করিল তাহাতে মৈথিল অংশ সর্বাধিক, কিছু অবহট্ট ও কিছু বাঙ্গালা রহিয়া গেল।

বিদ্যাপতির ভাষা মোটামুটিভাবে প্রাচীন মৈথিল হইলেও তাহার পদাবলীতে অবহট্ট ও ভোজপুরী শব্দ কিছু-কিছু পাওয়া যায়। দেবতায় লৌকিক ভাব সমর্পণে তিনি যে অপূর্ব শিল্পবোধের পরিচয় দিয়াছেন, তাহাই তাঁহার প্রতিভার শ্রেষ্ঠ পরিচায়ক।

শ্রীখণ্ডের কবি কবিরঞ্জনকে ছোট বিদ্যাপতি বলিয়া অভিহিত করিবার প্রধান হেতু তাঁহার পদে বিদ্যাপতির ন্যায় শব্দ ও অর্থ-অলঙ্কারের প্রাচুর্য। বাঙালী পদকর্তা গোবিন্দদাস, রামগোপালদাস, রায়শেখর, বল্লভ ও ভূপতিনাথের বহুসংখ্যক পদ স্বয়ং বিদ্যাপতির রচনা বলিয়া আধুনিক কালে অনেক সম্পাদক বিভ্রমে পড়িয়াছেন। বাঙালী কবি গোবিন্দদাসের পদে ব্রজবুলীর প্রভাব সর্বাধিক বলিয়া অনেকে আবার গোবিন্দদাস কবিরাজের পদাবলী মৈথিল কবির রচনা বলিয়া প্রতিপাদন করিবার চেষ্টা করিতেছেন। পদাবলী-সাহিত্যের শুরু চৈতন্যপূর্বযুগ হইতে

বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় বিদ্যাপতির পদের যে সকল পুঁথি পাওয়া গিয়াছে, সেগুলির সংখ্যা এইরূপ,—

৩২৮, ৩০, ৩১, ৩৩, ৩৪, ৪২, ৪৩, ২০৮১, ২০৯৬, ২৪৯২, ২৫১৪, ২৮৪৬, ৩৪০৬, ৩৪০৯, ৩৫২৯, ৩৬৬৫, ৩৭৪৭, ৪০১১, ৪১২১, ৪১৬০, ৪২৪৮, ৪২৫৭, ৪২৬৭, ৪৪৭৫, ৪৫২৩, ৪৫২৮, ৪৫৩১, ৪৫৩৬, ৪৫৩৯, ৪৫৫১, ৪৫৫৪, ৪৫৬৮, ৫৭০১, ৪২৫২, ৫১৫৮, ৬০৮১

চণ্ডীদাসের পদাবলীর পুঁথি—ক ২৮৭-২৯৪, ৩২৫, ৩২৭, ৩২৯, ৩৩০, ৩৩১, ৩৩৮, ২৫৮১, ২৩৮৯, ২৩৯৫-৬, ২৫৭২, ২৫৩৪, ৩৫৩৬, ৩৮১২, ৪০১৫, ৪০৩০, ৪১২৩, ৪১৪৪, ৪১৬০, ৪১৬৬, ৪১৬৭, ৪২০২, ৪২০০, ৪২৭০, ৪৩০৮, ৪৩৮৭, ৪৩৯৫, ৪৪১৪, ৪৫১১, ৪৫৩৫-৭, ৪৫৫১

১ সাপ্তাহিক ২৪ পরগণা, শারদীয় ১৩৬৬—২৪ পরগণার পীর গাজী বিবি

হইলেও যে পুঁথি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় রক্ষিত আছে, তাহাদের লিপির বিবর্তিত রূপ হইতে সিদ্ধ হয় যে ২৫০ বৎসরের অধিক প্রাচীন পুঁথি নাই। সংগৃহীত পদাবলী-সাহিত্যের মধ্যে চণ্ডীদাস, গোবিন্দদাস ও বিদ্যাপতির ভনিতা সর্বাধিক পাওয়া যায়। বলা বাহুল্য বিদ্যাপতি একাধিক ছিলেন, চণ্ডীদাসও তাই। ইহার উপর জটিলতার সৃষ্টি হইয়াছে, লিপিকর ও অনুলিপিকরদের দ্বারা। প্রায়ই তাহারা একই পদকে নানা বিকৃতরূপে লিখিতেন। ইহার ফলে একপদ নানাভাবে শোনা যাইত। বিদ্যাপতির বিখ্যাত পদ "আজু রজনী হাম ভাগে গোঙায়লুঁ পেখলুঁ পিয়ামুখচন্দা"—ইহার অন্তত তিন-চারিটি বিকৃত অনুসরণ হইয়াছিল।

মোটামুটি ভাবে বলিতে গেলে গোবিন্দদাস কবিরাজ ব্রজবুলির কবি এবং চণ্ডীদাস খাঁটি বাঙ্গালার কবি। তথাপি গোবিন্দদাস কবিরাজ যে খাঁটি বাঙ্গালায় পদ রচনা করেন নাই, এবং চণ্ডীদাস, যে কোন চণ্ডীদাসই হউক না কেন, কৃত্রিম ব্রজবুলিতে পদবন্ধ রচনা করেন নাই, এমন কোন নির্দিষ্ট সীমারেখা টানা যায় না।

অনন্ত বড়ু চণ্ডীদাসকে বাদ দিলে প্রশ্ন হয় প্রাক্‌চৈতন্যযুগে আরও কোন বাশুলিসেবক চণ্ডীদাস উদ্ভূত হইয়াছিলেন কি না। পূর্ববর্তী সম্পাদকগণ যাহাকে আদি চণ্ডীদাস বলিয়া ধরিয়া লইয়াছিলেন, তিনি প্রকৃতই প্রাক্‌চৈতন্যযুগের ব্যক্তি কি না, এবং তাঁহারই পদাবলী শ্রীকৃষ্ণচৈতন্য আস্বাদন করিতেন কি না প্রশ্ন হয়। প্রাক্‌-চৈতন্যযুগে, অন্ততঃ একথা নিশ্চিত, ব্রজবুলির মত মিশ্রভাষার অস্তিত্ব ছিল না; যে পদাবলী প্রচলিত ছিল, তাহা হয় খাঁটি বাঙ্‌লার নয়ত খাঁটি মৈথিলীর। এ ক্ষেত্রে আমরা ধরিয়া লইতে পারি যে শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু যে চণ্ডীদাসের খাঁটী বাঙ্‌লা পদাবলী আস্বাদন করিতেন, অন্ততঃ তাহা তাঁহার সময়ে সমধিক প্রচলিত ছিল। প্রাক্তন সম্পাদকগণ এই চণ্ডীদাসের পদবন্ধ[1] সহজিয়া ভাবে অনুপ্রাণিত ছিল বলিয়া মনে করেন। ভাষা পরীক্ষায় প্রাচীন বলিয়া অনুমিত হইলেও শ্রীকৃষ্ণ-চৈতন্য-আস্বাদিত পদবন্ধ বলিয়া উহাদের সংশয়াতীতরূপে গ্রহণ করা যায় না। মনে হয় কোন অনুলিপিকর এই বিরুদ্‌ সৃষ্টি করিয়াছিলেন তাঁহাকে প্রথম চণ্ডীদাস প্রমাণ করিতে। সুতরাং এই বিরুদটিকে প্রক্ষেপ ধরিয়া লইলে পদবন্ধ দুইটি শ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভুর সময়ে প্রচলিত সহজিয়া ভাবের পদাবলী যাহা তিনি প্রায় আস্বাদন করিতেন, এরূপ অনুমান করা চলে।

দ্বিজ ও দীন চণ্ডীদাস ভণিতাযুক্ত পদগুলিকে চৈতন্যের পরবর্তী যুগে রচিত বলিয়া ধরা হয়। এই দুটি ভনিতা ছাড়া ক্ষীণ চণ্ডীদাস ও হীন চণ্ডীদাস ভনিতাযুক্ত পদও পাই। হিসাব করিয়া দেখিতে গেলে অন্তত ছয়টি ভনিতাযুক্ত চণ্ডীদাসের পদবন্ধ পাওয়া যায়। ইহার ফলে চণ্ডীদাসকে লইয়া এক সমস্যার সৃষ্টি হইয়াছে। আমাদের মনে হয় চণ্ডীদাস একাধিক ছিলেন বটে, কিন্তু ছয়জন ছিলেন কি না সন্দেহ আছে। "বাশুলী সেবক"ও "চণ্ডীদাস"—এই দুইটি উপাধি বা বিরুদ্‌, প্রকৃত ব্যক্তির নাম নয়। কেবল একজনের নাম অনন্ত বড়ু পাওয়া যাইতেছে। বাকী চণ্ডীদাসের নাম রহস্য-যবনিকার অন্তরালবর্তী ও অন্ধকারে সমাচ্ছন্ন। দ্বিজ চণ্ডীদাসই "দীন" "হীন" "ক্ষীণ" ভনিতা ব্যবহার করিতেন কি না, তাহার নির্দিষ্ট প্রমাণ আজিও পর্যন্ত হস্তগত হয় নাই। "দীন, হীন, ক্ষীণ চণ্ডীদাস" বৈষ্ণব বিনয়ের পরিচায়ক হইতে পারে। যদি তাহা হয় তবে চৈতন্য-পরবর্তীযুগে আরও একজন চণ্ডীদাসের অস্তিত্ব মানিয়া লইতে হয়। অনুসন্ধানে দেখা গিয়াছে যে দ্বিজ চণ্ডীদাস ভণিতাযুক্ত পদবন্ধের সংখ্যা অত্যন্ত অল্প, এবং দ্বিজ চণ্ডীদাস বাশুলীসেবক বটে—কিন্তু "দীন, ক্ষীণ, হীন চণ্ডীদাস" ভনিতাযুক্ত পদবন্ধে বাশুলীর উল্লেখ নাই। বঙ্গীয় সাহিত্য-পরিষদ্‌ গ্রন্থাগারে দীন চণ্ডীদাসের রচিত 'শ্রীকৃষ্ণের জন্মলীলা'র এক খানি পুঁথি সংরক্ষিত আছে, সুতরাং দীন চণ্ডীদাস যে কেবলমাত্র সহজিয়া ভাবের পদ রচনা করিতেন এমন কথা মনে করা যায় না। সহজিয়া ভাবের পদ ছাড়া তিনি কিছু রাগাত্মিকা পদ, "রাধিকার কলঙ্ক-ভঞ্জন", "শ্রীনির্যাস" ও "সুবলমিলন" বিষয়ের পদবন্ধ, রচনা করিয়াছিলেন।

প্রাচীন বৈষ্ণব-পদকর্তাদিগের পদসম্ভার বিশ্ববিদ্যালয়ের সংগ্রহ ব্যতীত অন্যত্র পুঁথিশালায় দুর্লভ। বৈষ্ণব-পদাবলীর উপর কেহ যদি কাজ করিতে চাহেন, তিনি একমাত্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন পুঁথিশালার উপর নির্ভর করিতে পারেন। এস্থলে বিভিন্নযুগের[2] বৈষ্ণব-পদকর্তাদিগের নামগুলি উল্লিখিত হইল;—

১ ক ২০৮৯ ২ History of Brajabuli Literature by Dr. Sukumar Sen ও বাঙ্গালা সাহিত্যের ইতিহাস-১ম-পূর্বার্ধ ডঃ সুকুমার সেন

চৈতন্যদেবের সমসাময়িক পদকর্তা

যশোরাজ খান, রামানন্দ রায় (উড়িষ্যার রাজা প্রতাপরুদ্রের মন্ত্রী), মুরারি গুপ্ত, নরহরি সরকার (শ্রীখণ্ডের), বাসুদেব ঘোষ (শ্রীচৈতন্যদেবের পরিকর), মাধব ঘোষ (বাসুদেবের ভ্রাতা), গোবিন্দ ঘোষ (বাসুদেবের ভাই), রামানন্দ বসু (শ্রীকৃষ্ণবিজয়-রচয়িতা মালাধর বসুর ভাই), রঘুনাথ দাস ও বংশীবদন দাস।

ষোড়শ শতাব্দের পদকর্তা

নয়নানন্দ, বৃন্দাবন দাস (চৈতন্যভাগবত-রচয়িতা), দৈবকীনন্দন দাস (বৈষ্ণব-বন্দনা রচয়িতা), শিবানন্দ চক্রবর্তী (গদাধরের শিষ্য), শিবানন্দ সেন, যদুনন্দন চক্রবর্তী, মাধব দাস (শ্রীকৃষ্ণমঙ্গলের রচয়িতা), পুরুষোত্তম দাস (সদাশিব কবিরাজের পুত্র, নিত্যানন্দ প্রভুর শিষ্য ও সেবক), পরমানন্দ দাস (কবিকর্ণপুর, শিবানন্দ সেনের পুত্র), লোচন দাস (চৈতন্যমঙ্গল-রচয়িতা), জ্ঞানদাস ও বলরাম দাস।

ষোড়শ শতাব্দের শেষভাগের পদকর্তা

শ্রীনিবাস ভট্টাচার্য, নরোত্তম ঠাকুর, গোবিন্দদাস কবিরাজ, গোবিন্দদাস চক্রবর্তী, গোবিন্দদাস ভট্টাচার্য, রাধাবল্লভ চক্রবর্তী, নৃসিংহ ভূপতি, নৃপ উদয়াদিত্য, বল্লভ চৌধুরী, কবিশেখর, কবিরঞ্জন, রায়শেখর, কবিবল্লভ ও দিব্যসিংহ (গোবিন্দদাস কবিরাজের পুত্র)

সপ্তদশ শতাব্দের প্রথমভাগের পদকর্তা

গতিগোবিন্দ (শ্রীনিবাস আচার্যের পুত্র), ঘনশ্যাম দাস বা কবিরাজ (দিব্যসিংহের পুত্র, গোবিন্দদাস কবিরাজের পৌত্র), যদুনন্দন দাস (হেমলতাদেবীর শিষ্য), জগদানন্দ দাস, রতিপতি ঠাকুর, রামগোপাল দাস, পীতাম্বর দাস ও তরুণীরমণ

পদাবলী-সংকলন

শ্রীনিবাস আচার্যের বৃদ্ধ-প্রপৌত্র রাধামোহন ঠাকুর "পদামৃতসমুদ্র" নামে একটি পদ-সংকলন গ্রন্থ প্রণয়ন করেন। পদামৃতসমুদ্রের কয়েকটি পুঁথি[১] বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে রহিয়াছে। বৈষ্ণবদাসের গীতকল্পতরু বা পদকল্পতরুর[২] দুইটি খণ্ডিত পুঁথিও আছে। বৈষ্ণবদাসের প্রকৃত নাম গোকুলানন্দ সেন। নিমানন্দ দাসের "পদরসসার" সঙ্কলন গ্রন্থটি সুবৃহৎ। এই সংকলন গ্রন্থটি আমাদের সংগ্রহে[৩] আছে। অষ্টাদশ শতাব্দের প্রথম পাদে নটবর নামে এক পদকর্তা রসকলিকা[৪] নামে একটা পদসঙ্কলন-গ্রন্থ প্রণয়ন করেন। ইহার একখণ্ড পুঁথি বিশ্ববিদ্যালয়ের সংগ্রহে আছে।

লৌকিক দেবদেবীবিষয়ক পুঁথি

স্থানীয় লৌকিক দেবদেবীর কাহিনীকে আশ্রয় করিয়া, ছোটখাট ব্রতকথার অনুরূপ গাথা বিশ্ববিদ্যালয়-সংগ্রহে প্রচুর স্থান পাইয়াছে। পরমানন্দ দাসের ক্ষীরগ্রামের যোগাদ্যা-দেবীর বন্দনা[৫], রামকৃষ্ণের তারকেশ্বরের বন্দনা[৬], জগদানন্দদাসের,[৭] লোচন দাসের,[৮] পরমানন্দ দাসের,[৯] মদনমোহন বন্দনা আমাদের সংগ্রহে প্রচুর রহিয়াছে। জগন্নাথের বন্দনা বিভিন্ন লেখকের পাওয়া যায়,—হরগোবিন্দের,[১০] রঘুনাথের,[১১] রামের,[১২] কৃত্তিবাস[১৩] ও দয়াময় দাসের[১৪] নিবন্ধ পাওয়া গিয়াছে। এই শ্রেণীর পুঁথি অন্য কোন সংগ্রহালয়ে দেখি নাই।

এই বন্দনা শাখায় ব্রাহ্মণ-বন্দনা নামে একটি ছড়া পাওয়া গিয়াছে। ছড়াটির লেখক ভবানী মিত্র।[১৫] পুরাণে ব্রাহ্মণের যে সমস্ত শক্তির প্রকাশ লিখিত আছে, এবং ব্রাহ্মণকে যে ভাবে প্রাচীন সাহিত্যে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করা হইয়াছে লেখক সেই ধরনের নানা ঘটনা এই পুঁথিতে পরিস্ফুটিত করিয়াছেন।

ইহার কয়েকটি পঙ্ক্তি উদ্ধৃত হইল।

---

১ ক ৩৪৫—৮, ৩৯১৯,৫৪১২—১৩ ২ ক ৪০৬৭,৬১১০ ৩ ক ৩২৩ ৪ ক ১১২৩
৫ ক ৫২০৫ (লিপি—১২৩৬ সাল) ৬ ক ৪৪৫৯ (লিপি—১২৫৫ সাল) ৭ ক ৩৪৯০ ৮ ক ৪২৩৭, ক ১৯৩৩
৯ ক ৫২০৪ ১০ ক ৪৬৫৯ ১১ ক ১৫০২ ১২ ক ২৬৩৮ ১৩ ক ২৮৩১, ৩২০২,
১৪ ক ১৫০৫, ১৫০৬ ১৫ ক ১৯১৬

ব্রাহ্মণ বর্ণের গুরু বেদে অগ্রগন্য।
প্রাণান্তে প্রাণান্তে না করিহ মন্য॥
যদুবংশ ধ্বংস হইল ব্রাহ্মণের রোষে।
সপ্তসিন্ধু শুকাইল ব্রাহ্মণ গণ্ডুষে।
ব্রাহ্মণের শাপে হইল অহল্যা পাষাণ।
ব্রাহ্মণের শাপে হইল দারু ভগবান॥
ব্রাহ্মণের পদচিহ্ন ঈশ্বরের বুকে।
ঈশ্বর আপনি তাহা ব্রাহ্মণের মুখে॥

গণিতের ছড়া

খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দে আর্যাছন্দ বিবর্তিত হয়। সম্ভবত শুভঙ্কর সংস্কৃতজ্ঞ ছিলেন, তাই তিনি তাঁহার বাংলা সূত্রগুলি আর্যা ছন্দে লিপিবদ্ধ করেন। মাত্রার দিক হইতে দেখিলে সংস্কৃতের আর্যাছন্দের ছাপ এই ছন্দোবন্ধের উপর পড়িয়া থাকিবে। এই কারণে সম্ভবত গণিতের ছড়াগুলির আর্যা নাম হইয়া থাকিবে। ক ৩৪৯৭

এই সংগ্রহশালায় গণিত-বিষয়ক ছড়াগুলিতে এক শুভঙ্করের নাম পাওয়া গিয়াছে। বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালায় প্রাচীনতম শুভঙ্করের আর্যার পুঁথি রহিয়াছে।

সত্যনারায়ণের ব্রতকথা

সত্যনারায়ণ-পূজা সর্বভারতীয়, বাংলাদেশে মুসলিম প্রভাবে "সত্যপীরে" পরিণত হওয়া অসম্ভব নয়। মুসলমান জনসাধারণের জন্য হিন্দু কবিগণ সত্যনারায়ণ বা সত্যপীর উভয় আখ্যায় কাহিনী রচনা করিয়া থাকিবেন। ইহা বিজেতার প্রতি বিজিতের আপোষ-মনোভাবের পরিচায়ক হইতে পারে। সত্যনারায়ণ-পূজায় যে ব্রতকথা পড়া হয় ইহাই ইহার মূল উপকরণ, সেই কথায় "সিন্নি" ও "মোকাম" শব্দের উল্লেখ আছে। আমাদের মনে হয়, খ্রীষ্টীয় ১৫শ বা ১৬শ শতকে সারা ভারতবর্ষ জুড়িয়া হিন্দুদিগের সত্যনারায়ণ ও মুসলমানদিগের অল্ হকের সমন্বয়ে এক মিশ্র পূজার উৎপত্তি হইয়াছিল। বোধ হয় ইহার মৌলিক প্রেরণা মধ্যযুগীয় সাধুসন্ত, কবীর, দাদুদয়াল ও নানক প্রভৃতির ধর্মবিষয়ক অভিমত ও শিক্ষা হইতে আসিয়াছিল। প্রদেশ-ভেদে ইহার রূপবৈচিত্র্য দেখা যাইলেও অর্থাৎ কোথাও ইনি শ্রীসত্যনারায়ণ, কোথাও বা অলখ নিরঞ্জন, মূলত ইহা হিন্দু ও মুসলমানের সাম্প্রদায়িক প্রীতির নিদর্শন।

হিন্দীভাষায় সত্যনারায়ণের পাঁচালী স্কন্দপুরাণের অন্তর্ভুক্ত রেবাখণ্ড হইতে সংগৃহীত। কর্ণাট দেশে সত্যনারায়ণের সম্বন্ধে কাহিনী প্রচলিত আছে। বাঙ্গলা ও উড়িষ্যার প্রান্তসীমায় কবি কর্ণের ষোল পালা[1] ব্যতীত আর কয়েকটি পালা পাওয়া যায়। কাঁথি নিহার প্রেসে ইহা মুদ্রিত হইয়াছে।

বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় বল্লভদাসের মদনসুন্দরের (ক৩৪৯৮), দ্বিজ রঘুরামের বাঘাম্বরের পালা[2] (ক ৫৩০৫, ৫৮৪৬), শঙ্কর ও কৃষ্ণবিহারীর ফাসিয়াড়ার পালা (ক ৫৫৫৬ ও ৫৯২৪) প্রভৃতি বিচিত্র সত্যপীরের পালা রহিয়াছে।

অন্যান্য লেখক, দ্বিজ হরিদাস[3], বিজয় ঠাকুর[4], শিবরাম রাজা[5], দেবকী নন্দন[6], গঙ্গারাম[7], শিবনারায়ণ[8] ও বিদ্যাপতির[9] সত্যনারায়ণ পাঁচালী আমাদের সংগ্রহে রহিয়াছে। শঙ্কর[10] (কিঙ্কর), ফকিররাম[11], কৃষ্ণবিহারী[12] প্রভৃতির ভনিতায় সত্যনারায়ণের নিবন্ধও বিশ্ববিদ্যালয়ের সংগ্রহালয়ে রহিয়াছে।

---

১ কাঁথি নিহার প্রেসে ইহা মুদ্রিত হইয়াছে, উড়িয়া লিপিতে এই ষোল পালাটি উড়িয়া কটক প্রেসে বহুবার মুদ্রিত হইয়াছে।

২ ক ৫৩০৫ ৩ ক ৫২২৭ ৪ ক ৫২২১, ৫ ক ৫০৭৪ ৬ ক ৪১৬৩

৭ ক ৪১৬৪ ৮ ক ৩৮১০ ৯ ক ২০৭৭ ১০ ক ৩৪৯২, ক ৪৭০৫ ১১ ক ১৪২৩

১২ ক ৫৯২৪

লৌকিক কাহিনীর পুঁথি

লোকের মুখে-মুখে চলে আসা কাহিনী, ছড়া, হেঁয়ালী প্রভৃতি সপ্তদশ শতাব্দের শেষভাগে এবং অষ্টাদশ শতাব্দের প্রারম্ভে পাঁচালীর আকারে লিপিবদ্ধ করিবার চেষ্টা দেখা যায়। এই লৌকিক কাহিনীগুলি সম্পূর্ণ ধর্মবিবর্জিত অবস্থায়ই দেখিতে পাওয়া যায়। আমাদের পুঁথিশালায় বত্রিশ সিংহাসন, বিক্রমাদিত্য-ভোজকন্যা প্রভৃতি আখ্যায়িকা-সম্বলিত যে সকল পুঁথি পাওয়া গিয়াছে, তাহাদের সহিত সংস্কৃত বিক্রমাদিত্য-বেতাল কাহিনীর কোনও সংযোগ নাই। এই সকল কাহিনীর পুঁথি[১] যাহা আমাদের সংগ্রহাগারে রহিয়াছে, তাহার মূল সব প্রচলিত লৌকিক কাহিনীকে আশ্রয় করিয়া গড়িয়া উঠিয়াছে।

কাশীশ্বরের 'চোরচক্রবর্তী,'[২] কবি কর্ণের 'বেঙ্গম-বেঙ্গমী'র[৩] উপাখ্যান, মদন ঘোষের 'ব্যাঙ্গ কাহিনী'[৪] আমাদের সংগ্রহালয়ে আছে।

পীর-গাথা

মাণিক পীরের গান বা মাণিক পীরের ছড়া এই নামে আমাদের সংগ্রহে দুই-একটি গাথা আছে; পুঁথি প্রাচীনতম, লিপিকাল—১০৮৩ সন শকাব্দ (১৭৭৫ খ্রীঃ)। এই পীর-মাহাত্ম্য-জ্ঞাপক ছড়া বা গানের পালাটি গাহিতে গাহিতে মুসলমান গায়কেরা গৃহে গৃহে ভিক্ষায় বাহির হয়। 'সখিসেনার গান[৫]' নামে ছড়া আমাদের সংগ্রহশালার পুঁথিতালিকায় লিপিবদ্ধ আছে।

বাণের ছড়া

বাণের[৬] ছড়ার লেখক 'দ্বিজ নফর' ও নদীর পাঁচালীর লেখক চণ্ডীচরণের[৭] পুঁথি আমাদের পুঁথিশালায় রহিয়াছে। বাণের ছড়ার বিষয়ে লালমোহন[৮] ও নরসিংহ দাসের[৯] রচনা, ও লেখকের নামহীন দামোদরের বাণের কবিতার পুঁথি আমাদের সংগ্রহে রহিয়াছে।

বাংলার ঐতিহাসিক তথ্য উক্ত ছড়াগুলিতে মিলিতে পারে।

উল্লেখযোগ্য ইতিহাস-আশ্রিত ছড়া

মহারাষ্ট্র পুরাণ[১০] নামে আমাদের পুঁথিশালায় একটি উল্লেখযোগ্য পুঁথি রহিয়াছে। পুরাণের আবরণে অষ্টাদশ শতাব্দে বাংলায় বর্গীর আক্রমণের কাহিনী যথাযথ ভাবে এই মহারাষ্ট্র পুরাণে বিবৃত হইয়াছে। ঐতিহাসিকগণ গঙ্গারামের এই গ্রন্থে বর্ণিত বিবরণগুলির বিশেষ স্বীকৃতি দিয়া থাকেন। বালাজি বাজিরাওয়ের মহারাষ্ট্রে অধিনায়ক থাকাকালীন ভাস্কর বাংলাদেশ আক্রমণ করেন। মারাঠা সৈন্যদের নিষ্ঠুর অত্যাচারের কাহিনী মহারাষ্ট্র পুরাণে যাহা বিবৃত হইয়াছে, তাহা অক্ষরে অক্ষরে সত্য। মহারাষ্ট্র পুরাণ একটি ঐতিহাসিক দলিল বলিলে কিছু অতিরিক্ত বলা হয় না।

শ্রীচৈতন্যের জীবনী-কাব্য

শ্রীচৈতন্যের জীবনী-সম্বলিত প্রথম উল্লেখযোগ্য কাব্যটির নাম বৃন্দাবনদাসের রচিত শ্রীচৈতন্যভাগবত। শ্রীবাসের জ্যেষ্ঠ ভ্রাতা নলিনী পণ্ডিতের কন্যা নারায়ণী বৃন্দাবনদাসের মাতা। বৃন্দাবনের জন্মব্যাপারে যে রহস্যপূর্ণ উক্তি সাধারণের মধ্যে আজিও প্রচারিত, তাহার কতটুকু সত্য, এ বিষয় বিচার-সাপেক্ষ।

---

১ ক ১৬৪১ বিক্রমাদিত্য উপাখ্যান, ক ১৭১৩ (বিক্রমাদিত্য ও ভোজকন্যার কাহিনী পুস্তকাকার পৃষ্ঠা-১০০), ক ৪০১৭ (বিক্রমাদিত্য রায়বার কাহিনী পৃঃ ২-৬), ক ৬৬৫৬ (বত্রিশ সিংহাসন-পুত্তলীর কথা, পৃঃ ১-১৯)

২ ক ৩২১৫ ৩ ক ৫৯২৪ ৪ ক ৫২২৫

৫ ক ১৪২৩ ফকিররাম, ক ১৮৭৬ পৃঃ ১—১১ লেখক অজ্ঞাত, ক ১৮০৮ (পৃঃ ১—২৬ সম্পূর্ণ, লেখক অজ্ঞাত), ক ৫৬২২ সখিসেনার উপাখ্যান (পৃঃ ১—২, অসম্পূর্ণ)

৬ বাণের ছড়া বা কবিতা—ক১৮৭৭, ১৯৮২—৮৩, ৭ ক ১০৮৬, ১৪০২ ৮ ক ৩৩৭৭ ৯ ক ৩৭৪৬

১০ ক ১৭৮৪, পত্র ৮, লিপি—খ্রীঃ১৭৫১-২। পুষ্পিকা ইতি মহারাষ্ট্র পুরাণে প্রথম কাণ্ডে ভাস্কর পরাভব। শকাব্দা ১৬৭২ সন, ১১৫৮ সাল

বৃন্দাবনদাসের শ্রীচৈতন্যচরিত কাব্যটি পূর্বে শ্রীচৈতন্যমঙ্গল নামেই পরিচিত ছিল, পরে লোচনদাসের চৈতন্য-চরিত কাব্যটি ঐ একই নামে প্রচারিত হইতেছে দেখিয়া তিনি কাব্যটির নাম পরিবর্তন করিয়া "চৈতন্যভাগবত" নাম রাখেন।

বৃন্দাবনদাসের কাব্যের সূচনা শ্রীচৈতন্যের তিরোভাবের অল্পকাল পরেই আরম্ভ হইয়াছিল বলিয়া বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত গ্রন্থটি বিশেষ তথ্যসম্বলিত বলিয়াই মনে হয়। কৃষ্ণদাস কবিরাজ বৃন্দাবনদাসের গ্রন্থটির প্রতি বিশেষ শ্রদ্ধাপরায়ণ ছিলেন তাহা নিম্নলিখিত উক্তি পাঠ করিলে বুঝা যায়,—

ভাগবতে কৃষ্ণলীলা বর্ণিলা বেদব্যাস।
চৈতন্যমঙ্গলে ব্যাস বৃন্দাবনদাস॥

বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালায় প্রায় ৪০-এর অধিক চৈতন্যভাগবতের পুঁথি আছে এবং আদিলীলার সংখ্যা বেশী হইবে।

কৃষ্ণদাস কবিরাজের "চৈতন্য-চরিতামৃত" গ্রন্থটি বিশেষ প্রচারিত ছিল বলিয়া মনে হয়; ইহার কারণ, চৈতন্য-চরিতামৃতের পুঁথির আধিক্য সকল পুঁথিশালায় দেখি। এক কলিকাতা-বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় দেড়শর বেশী চৈতন্য-চরিতামৃতের পুঁথি রহিয়াছে। বৃন্দাবনদাসের চৈতন্যভাগবতে শ্রীচৈতন্যের অন্ত্যলীলা বিশেষভাবে বর্ণিত হয় নাই বলিয়া কৃষ্ণদাস ভক্তগণের চিত্তক্ষুধা মিটাইবার জন্য চৈতন্যচরিতামৃত কাব্যটির সূচনা করেন। ইহা একাধারে কাব্য, ইতিহাস ও বৈষ্ণব-দর্শন।

চৈতন্য-চরিতামৃত গ্রন্থটির আদিলীলায় সতেরটি পরিচ্ছেদ, মধ্যলীলায় মোট পঁচিশটি পরিচ্ছেদ এবং অন্ত্যলীলা বিশটি পরিচ্ছেদে বিভক্ত।

এই গ্রন্থের আদিলীলার পঞ্চম পরিচ্ছেদে কৃষ্ণদাস সংক্ষেপে আপনার পরিচয় দিয়াছেন। বর্ধমান জেলার কাটোয়ার নিকটবর্তী ঝামটপুর গ্রামে কৃষ্ণদাসের জন্ম। তিনি আজীবন অকৃতদার ছিলেন,—স্বপ্নে বৃন্দাবনে যাওয়ার আদেশ পাইয়া তিনি সর্বস্ব ত্যাগ করিয়া বৃন্দাবনে চলিয়া আসেন, এবং এইখানেই তিনি চৈতন্য-চরিতামৃত গ্রন্থ প্রণয়ন করেন।

লোচনের চৈতন্যমঙ্গল কাব্যটি চৈতন্যভাগবত বা চৈতন্যচরিতামৃতের তুলনায় বিশেষ ছোট। চারিটি খণ্ডে মঙ্গলকাব্যটি বিভক্ত—সূত্রখণ্ড, আদিখণ্ড, মধ্যখণ্ড ও শেষখণ্ড। আমাদের পুঁথিশালায় লোচনের চৈতন্যমঙ্গল কাব্যের পুঁথি প্রায় শতাধিক আছে।

চৈতন্যমঙ্গলের সম্পূর্ণ-পুঁথি ব্যতীত লোচনের নামে যে সকল মঙ্গলকাব্যের পালা রহিয়াছে—তাহার মধ্যে সন্ন্যাসখণ্ডের পালা সর্বাপেক্ষা বেশী। লোচনের সন্ন্যাসখণ্ড পালা শ্রোতাদের বেশী মুগ্ধ করিত বলিয়া—সন্ন্যাস-খণ্ডের পালার প্রচলন অধিক হইয়া থাকিবে।

জয়ানন্দের চৈতন্যমঙ্গল বৈষ্ণব-সমাজে বিশেষ প্রসিদ্ধ বা লোকপ্রিয়তা অর্জন করিতে পারে নাই। বৈষ্ণব ভক্তের কাছে চৈতন্যভাগবত বা চৈতন্যচরিতামৃত যতদূর আদৃত, জয়ানন্দের চৈতন্যমঙ্গল ততদূর আদৃত নয়। চৈতন্যভাগবতে অলৌকিক পরিবেশ বা ঘটনা ইতস্তত বর্ণিত দেখা যায়। বৃন্দাবনদাস ভাগবতের অনুসরণে তিনি এই গ্রন্থ প্রণয়ন করেন। জয়ানন্দের চৈতন্যদেবের চরিত্রে মানবিকতার আরোপ বেশী পরিস্ফুট এবং মানবকে দেবত্বে পরিণত করিবার পরিকল্পনা তাঁহার চৈতন্যমঙ্গলে বর্তমান।

কবির আত্মপরিচয়ে জানা যায় যে তাহার পিতার নাম সুবুদ্ধি মিশ্র, ও গদাধর গোস্বামী তাঁহার পিতার গুরুদেব ছিলেন। তাঁহার মাতার নাম ছিল রোদিনী দেবী।

আমাদের পুঁথিশালায় প্রায় ২৫—টির উপর জয়ানন্দের চৈতন্যমঙ্গলের পুঁথি রহিয়াছে। ৪।৫ টা সম্পূর্ণ হইবে, বেশীভাগই চৈতন্যমঙ্গলের বৈরাগ্যখণ্ড পালা। কবির বৈরাগ্যখণ্ড জনসাধারণের মধ্যে বিশেষ আগ্রহের সৃষ্টি

করিয়াছিল বলিয়া মনে হয়, তাহার অন্যতম কারণ মঙ্গলকাব্যের অন্তর্ভুক্ত বৈরাগ্যখণ্ডের পুঁথির প্রাচুর্য। অদ্বৈতের জীবন-চরিত সম্বলিত একটি পুঁথি আমাদের সংগ্রহালয়ে রহিয়াছে—গ্রন্থটির নাম অদ্বৈতমঙ্গল[১]। লেখকের নাম হরিচরণ দাস। কৃষ্ণদাসের অদ্বৈতসূত্রকড়চা বা অদ্বৈতপ্রভুর মূল কড়চা[২] নামে যে গ্রন্থদ্বয় পাওয়া গিয়াছে তাহা মূলত তত্ত্বমূলক হইলেও তাহাতে অদ্বৈত প্রভুর জীবনকাহিনীর কিঞ্চিৎ সন্ধান মিলে।

অষ্টাদশ শতাব্দে যে কয়েকখানি চৈতন্যজীবনী লেখা হইয়াছিল, তাহার মধ্যে প্রেমদাসের চৈতন্যচন্দ্রোদয়-কৌমুদী[৩] সর্বপ্রধান। গ্রন্থখানি কবিকর্ণপুরের চৈতন্যচন্দ্রোদয় নাটকের অনুবাদ। অনুবাদকের পুরা নাম পুরুষোত্তম-দাস, উপাধি সিদ্ধান্তবাগীশ।

ভগীরথ বন্ধুর চৈতন্যসংহিতা[৪] ও জগদানন্দের শ্যামচন্দ্রোদয়[৫] নামক দুইটি পুঁথি ক্ষুদ্র হইলেও উপেক্ষণীয় নহে।

"শ্যামানন্দ প্রকাশের"[৬] লেখক কৃষ্ণদাস শ্যামানন্দের জীবনের অনেক অলৌকিক কাহিনী পরিবেশন করিয়াছেন যাহা অবিশ্বাসীদের নিকট গ্রাহ্য হইবে না।

১৮শ শতাব্দের পুরাণের অনুবাদ

পদ্মপুরাণের অন্তর্গত ক্রিয়াযোগসারের অনুবাদ আমাদের পুঁথিসংগ্রহালয়ে দুইজন লেখকের রহিয়াছে—এক প্রাণনারায়ণের[৭] ও অন্যটি রামসুন্দরের[৮]। মাধব-সুলোচনার উপাখ্যান, এই রামসুন্দরের অনূদিত গ্রন্থে পাওয়া যায়। বরাহপুরাণ অবলম্বন করিয়া নন্দকিশোর দাস বৃন্দাবনলীলামৃত[৯] রচনা করেন। "একাদশী-মাহাত্ম্য"-এর বিষয়টি নারদীয় পুরাণের অংশবিশেষ অবলম্বনে লেখা[১০]। আমাদের সংগ্রহশালায় দ্বিজ বসুদেবের "একাদশী পাঁচালী" রহিয়াছে।

কৃষ্ণ-বলরামের গুরুদক্ষিণা কাহিনী বিভিন্ন লেখকের যথা (১) শ্যামদাস দত্ত[১১] (২) মহাদেব দাস[১২] প্রভৃতি আমাদের সংগ্রহে রহিয়াছে।

"প্রহ্লাদ চরিত্র" নিবন্ধটি কৃষ্ণদাসের,[১৩] কবিচন্দ্রের,[১৪] ভরতপণ্ডিতের[১৫] ও কবিশঙ্করের[১৬] নামে পাওয়া গিয়াছে। সকল পুঁথিতে প্রহ্লাদ নামটি পহ্লাদরূপে লিখিত দেখা যায়। প্রায় ২০টি পুঁথি আমাদের সংগ্রহে রহিয়াছে। কবিচন্দ্রের "প্রসাদ চরিত"[১৭] পুঁথির সংখ্যা প্রায় ৩৫টি হইবে। "উষাহরণ পালা" কবিচন্দ্রের লেখা ৪টি পুঁথি[১৮] আমাদের পুঁথিশালায় আছে, ঐ পালা কবিবল্লভ[১৯] ও কেতকীদাসের[২০] নামেও রহিয়াছে। কেতকী-দাসের উষাহরণ পালাটি মনসামঙ্গলের অংশবিশেষ হইবে। "অর্জুনসংবাদ" নিবন্ধ মুকুন্দদাস [২১], গুণরাজ খান[২২], কৃষ্ণদাস[২৩], ভক্তিদাস[২৪] ও আনন্দদাস[২৫] লেখকের নামে ৬টি পুঁথি পাওয়া গিয়াছে। উৎকলখণ্ড অবলম্বনে "জগন্নাথ-বন্দনা" রঘুনাথ[২৬], দয়ারামদাস[২৭], কৃত্তিবাস[২৮] ও হরগোবিন্দের[২৯] লেখা পুঁথি পাওয়া গিয়াছে। গীতগোবিন্দের অনুবাদ গ্রন্থের যে দুইটি পুঁথি আছে, তাহার একটির লেখক গিরিধর দাস[৩০] ও অপরটির রসময় দাস[৩১]।

রসময় দাসের ভনিতায় আমরা আর একটি নিবন্ধ পাইতেছি, নিবন্ধের নাম "কৃষ্ণভক্তিবল্লী"। বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় "ভক্তিরসামৃতপয়ার" (ক ৫০৫৬) বলিয়া যে পুঁথিটি আমরা পাই তাহা এই "কৃষ্ণভক্তিবল্লরী"

---

১ ক ৩২২৩ ২ ক ১১৯৯,৩৯৪৮,৪২৫৬ ৩ ক ২৭০৫,২৭০৭,৩৩১৩,২০৪৪ ৪ ক১১৭৩
৫ ক ১১৬৭ ৬ ক ১৮৯১ ৭ ক ৩১২৪ ৮ ক ৪৮৩২ ৯ ক ২১৮৮
১০ বাঃ সাঃ ইঃ ১ম দ্বিতীয়ার্ধ—পৃঃ ৩৬৬ ১১ ক ৯২২ (লিপি-১১০০ সাল) ১২ ক ১৩৩৮
১৩ ক ৩১৯৫ ১৪ ক ৩৭৯২ ১৫ ক ১০১৮ ১৬ ক ৩০৬০ ১৭ ক ৬২৪-৭১৭,
ক ৯১১, ক ৯৩৩, ক ১৪২৫ ইত্যাদি ১৮ ক ৭৮০, ক ৭৮১, ক ৭৮২, ক ৭৮৩ ১৯ ক ৪০৩১ ২০ ক ৩২৯১
২১ ক ৩৪৭০ ২২ ক ২০২০ ২৩ ক ৫৩৩৭ ২৪ ক ২১১৭, ২৫ ক ১৬৬৪, ২৬ ক ১৫০২ ২৭ ক ১৫০৫
২৮ ক ২৮৩১ ২৯ ক ৪৬৫৯ ৩০ ক ১৪৩৮-৪১ ৩১ ক ১৪৪২, ক ১৪৪৩

অন্যতম পুঁথি। সমগ্র গ্রন্থটি চারিটি লহরীতে বিভক্ত,—সামান্যভক্তি, সাধনভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তি। বিশ্ববিদ্যালয়ের পুঁথিটিতে কিন্তু বন্দনাভক্তিলহরী, সাধনাভক্তিলহরী, ভাবভক্তিলহরী ও প্রেমভক্তিলহরী—এই চারিটি অধ্যায় আছে। "গীতগোবিন্দ" অনূদিত গ্রন্থটিতে বৈধী ও রাগমার্গের উপাসনা, শুদ্ধা ভক্তির লক্ষণ, রাসস্থলী বর্ণন রসময় দাসের "কৃষ্ণভক্তিবল্লী" গ্রন্থে পুনরুক্তরূপে দেখিতে পাই। রসময়দাসের গ্রন্থটি "ভক্তিরসামৃতসিন্ধুর" ভাবানুবাদ হইলেও গ্রন্থ-মধ্যে লেখকের মৌলিকতা যথেষ্ট দেখা যায়।

রামানন্দ রায়ের "জগন্নাথবল্লভ" নাটকের অনুবাদ পাওয়া গিয়াছে—এক গোপালদাসের[১] ও অপরটি পরাণদাসের[২]। "পাষণ্ডদলনের"[৩] গ্রন্থটি গোপালদাসের নামে পাওয়া যায়।

অলঙ্কার-নিবন্ধ

বাংলাভাষায় বৈষ্ণব-অলঙ্কারের গ্রন্থ সম্পূর্ণ দুর্লভ ছিল। "শ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থটিতে বৈষ্ণব-রসশাস্ত্র সম্বন্ধে আলোচনা আছে, তবে সেগুলি সম্পূর্ণ প্রাসঙ্গিক, বিস্তারিত আলোচনার অবকাশ সেস্থলে হয় নাই। গোবিন্দদাস কবিরাজের পৌত্র ঘনশ্যাম—"গোবিন্দরতিমঞ্জরী" নামক একটি পদসঙ্কলন গ্রন্থ প্রণয়ন করেন। এই পদসঙ্কলনের অন্তরালে অলঙ্কারের বিভিন্ন পর্যায় লক্ষ্য করা যায়। তবে এই গ্রন্থটি পদসঙ্কলন মাত্র, অলঙ্কার-গ্রন্থ নহে।

রামগোপালদাস বাঙ্গলায় বৈষ্ণবরসশাস্ত্র প্রচার বিষয়ে পথিকৃৎ। বর্ধমান জেলার শ্রীখণ্ড গ্রামে সপ্তদশ শতাব্দীতে ইহার জন্ম। ১৫৯৫ শকাব্দ বা ১৬৭৩-৭৪ খ্রীষ্টাব্দে ইনি "রাধাকৃষ্ণ-রসকল্পবল্লী" নামক এক বৈষ্ণব অলঙ্কার-গ্রন্থ প্রণয়ন করেন। এই গ্রন্থ রচনার উদ্দেশ্য সম্বন্ধে তিনি এইরূপ বলিয়াছেন,—

> "দুই চারি বৈষ্ণব মোরে কৈল উপরোধ।
> সংস্কৃত বুঝিতে মোর নাহি কিছু বোধ॥
> ভাষা করিয়া রস বুঝাহ আমারে।
> অতএব সংক্ষেপ কহি না হয় বিস্তারে॥"

রামগোপালদাসেরকে গ্রন্থটি শ্রীরূপগোস্বামীর "উজ্জ্বলনীলমণি" গ্রন্থটির যথাযথ অনুবাদ বা পূর্ণ অনুসরণ না বলিয়া তাহার উদ্দেশ্যের অনুসরণ বলা যায়।

আমাদের পুঁথি-সংগ্রহশালায় যে চারিটি "রাধাকৃষ্ণ-রসকল্পবল্লী"র পুঁথি রহিয়াছে, তাহা বিশেষ উল্লেখযোগ্য। একটি কাশিমবাজারের রাজকুমার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাঙ্গালা প্রাচীন পুঁথি বিভাগকে দান করিয়াছেন। সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে "রসকল্পবল্লী" নামক যে গ্রন্থটি প্রকাশিত হইয়াছে, সেই গ্রন্থের মূল নিবন্ধ "শ্রীরাধাকৃষ্ণ-রসকল্পবল্লী" এই কাশিমবাজারের মূল পুঁথিকে (ক ৬৬৪২) আদর্শ করিয়া সম্পাদিত হইয়াছে। পুঁথিটীর পত্র-১-৫৩, পুঁথিটির তারিখ—"বাণ অঙ্ক শর ব্রহ্ম" অর্থাৎ ১৫৯৫ শকাব্দ।

২য় পুঁথি, ক পৃষ্ঠা ১-৪৮, শেষপত্রে রচনার সমাপ্তিকাল ও স্থানের নাম দেওয়া আছে।

"কেতুগ্রামে আরম্ভ সম্পূর্ণ বৈদ্যখণ্ডে। বৈষ্ণব গোসাঞি দর্শন পাইল সেই দণ্ডে॥"

৩য় পুঁথি ক ৬৬৪৫—এই পুঁথি শ্রীখণ্ড হইতে সংগৃহীত, পুঁথিটির শেষ-দিক খণ্ডিত, পুঁথিটির পাঠের গুরুত্ব এই যে, ইহা কবির জন্মভূমি হইতে সংগৃহীত।

৪র্থ পুঁথি, ক ৬৬৪৬—ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগৃহীত পুঁথির অনুলিপি।

রামগোপালদাসের অনুগামীদিগের মধ্যে যে সকল বৈষ্ণব-আলঙ্কারিকের গ্রন্থ আমাদের পুঁথিশালায় রহিয়াছে, তাহার মধ্যে রসময়দাসের "কৃষ্ণভক্তিবল্লী"র নাম করা উচিত। এই গ্রন্থটির সম্বন্ধে আমরা ইতোপূর্বে আলোচনা করিয়াছি।

শ্রীরূপগোস্বামী প্রণীত "উজ্জ্বলনীলমণি" গ্রন্থটিকে আদর্শ করিয়া একাধিক ব্যক্তি ভাষায় বৈষ্ণব-অলঙ্কারের নিবন্ধ

---

১ ক ২৫৮২, ২ ক ৩৮২০ ৩ ক ১৯৯৫

রচনা করিতে ব্রতী হন। নারায়ণ দাস "উজ্জ্বলরসবিবরণ[১]", জগন্নাথ দাস "উজ্জ্বলরস" ও শচীনন্দন "উজ্জ্বলচন্দ্রিকা" নামে নিবন্ধ রচনা করেন। আমাদের পুঁথির সংগ্রহাগারে "উজ্জ্বলরসবিবরণ" নামক পুঁথিটি আছে। ইহা ছাড়া "উজ্জ্বলনীলমণি" নামে দুইটি পুঁথি[২] আছে, কোনও লেখকের নামের উল্লেখ নাই।

নন্দকিশোরের "রসকলিকা[৩]" পুঁথিটি যথাযথভাবে শ্রীরূপগোস্বামীর আদর্শে রচিত। "রসকলিকা"র কয়েকটি পুঁথি আমাদের সংগ্রহে আছে।

রামগোপালের পুত্র পীতাম্বর দাস "অষ্টরস ব্যাখ্যা"[৪] ও "রসমঞ্জরী" নামক দুইটি নিবন্ধ রচনা করেন। এই অষ্টরস ব্যাখ্যায় তিনি অষ্টনায়িকার ভাব অনুযায়ী পদসঙ্কলন করিয়াছেন। ইহাতে গোবিন্দদাসের পদগুলি বিশেষ প্রাধান্য লাভ করিয়াছে দেখা যায়।

পীতাম্বর দাসের উল্লেখযোগ্য গ্রন্থের নাম "রসমঞ্জরী", সংস্কৃত ভাষায় "রসমঞ্জরী" নামে ভানুদত্তের একটি অলঙ্কার গ্রন্থ আছে। পীতাম্বরের 'রসমঞ্জরী'র সহিত এই গ্রন্থের কোনও সংস্রব নাই। পীতাম্বরদাস তাঁহার গ্রন্থ রচনা করিবার কারণ সম্বন্ধে এইরূপ লিখিয়াছেন ;—

রসকল্পবল্লী গ্রন্থের অষ্টম কোরকে।
তত্ত্ব সূক্ষ্ম করিতে পিতা আজ্ঞা দিল মোকে॥
তাহার করচা কিছু আছিল বর্ণন।
গ্রন্থ বিস্তার ভয় না কৈল লিখন॥
সেই অষ্টদলের মঞ্জরী কথোক পাইল।
রসমঞ্জরী বলি তবে গ্রন্থ জানাইল॥

ইতোপূর্বে আমরা রামগোপালদাসের "রসকল্পবল্লী নামক গ্রন্থের কথা উল্লেখ করিয়াছি। সেই গ্রন্থের অষ্টম কোরকে অষ্টনায়িকার বিবরণ আছে। পীতাম্বরের পিতা রামগোপালদাস পুত্রকে অষ্টম কোরক অবলম্বন করিয়া "রসমঞ্জরী" গ্রন্থ প্রণয়ন করিতে আদেশ দিয়াছিলেন। এই গ্রন্থে অষ্টপ্রকার নায়িকার প্রত্যেকটির আবার আটপ্রকার বিভাগ করিয়া তাহার বৈশিষ্ট্যের দৃষ্টান্ত পদাবলী হইতে প্রদর্শিত হইয়াছে।

বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় "অষ্টরস ব্যাখ্যা" পুঁথি রহিয়াছে, পীতাম্বরের এই পুঁথিটি আর কোথায়ও পাওয়া যায় না। "রসমঞ্জরী" গ্রন্থ প্রায় ৫।৬ টা রহিয়াছে[৫]।

কলিকাতা বিশ্ববিদ্যালয় পুঁথিশালার সংগ্রহে নরোত্তমের ভনিতার তিনশতাধিক পুঁথি আছে। ইহাদের মধ্যে নরোত্তমের সর্বাধিক প্রচারিত নিবন্ধ "প্রেমভক্তিচন্দ্রিকা" এবং প্রার্থনার পদসংগ্রহের পুঁথিই সবচেয়ে বেশী। প্রেমভক্তি-চন্দ্রিকার ৯৬ টি এবং প্রার্থনা-পদের ৩০ টির বেশী পুঁথি এই সংগ্রহে আছে। অন্যান্য রচনার মধ্যে যেগুলি নরোত্তমের বলিয়া একরূপ নিঃসন্দিগ্ধ হওয়া গিয়াছে, যেমন "ভক্তি-উদ্দীপন," "সাধ্যপ্রেমচন্দ্রিকা," "রসভক্তিচন্দ্রিকা," চমৎকারচন্দ্রিকা, "গুরুশিষ্যসংবাদ," "উপাসনাতত্ত্ব," "চতুর্দ্দশপটল," "রাধারসকারিকা," "নামসংকীর্ত্তন," "স্মরণমঙ্গল," "বৈষ্ণবামৃত" এই সকল পুঁথির সংখ্যা যথাক্রমে ৭,১২,৪,৬,১২,১৪,১১,৬,২২ এবং ১০। অন্যান্য রচয়িতাদের সঙ্গে নরোত্তমের দুই-একটি পদ রহিয়াছে, এমনি ১৭ খানি পুঁথি আমাদের পুঁথিশালায় রহিয়াছে। এই পুঁথিগুলির প্রায় সবগুলিই দুই এক পাতার পুঁথি। ইহা ব্যতীত নরোত্তমের নামে আরও অনেকগুলি পুঁথি রহিয়াছে ; যথা "অভিরাম পটল" ১টি, "সহজিয়া পটল" ১টি, "হরিনাম পটল" ১টি, "প্রেমভক্তিচিন্তামণি" ২টি, "হাটপত্তন" ১টি, "দেহকড়চা" ২টি, "স্বরূপ কল্পতরু" ১টি, "স্বরূপ কল্পলতা" ২টি, "বস্তুতত্ত্ব" ১টি, "আশ্রয়তত্ত্বসার" ১টি, "রাধাতত্ত্ব" ১টি, "রাগমালা"-৪টি, "ভক্তিলতিকা" বা "ভক্তিলতাবলী"

১ ক ৪৭৯২
২ ক ১২৯৬, ক ১৯৩৮
৩ ক ১৯৪৩, ক ৪৭৮, ক ১১২৩
৪ ক ৬৬৪৩-৪
৫ ক ১৪৪৪, ২০৭৫, ২৫৪৫, ৩৬৫১, ৩৯৫৮, ক ৫৪১১, ৫৬৮৫, ৫৭১৪, ৫৮৩০, ৫৪৯-৫১

২টি, "শিক্ষার্থদীপিকা" বা "শিক্ষাতত্ত্বদীপিকা" ২টি, "কুঞ্জবর্ণন" ১টি, "রসপুরকারিকা" ২টি, "রসনির্য্যাসতত্ত্ব" ১টি, "গুরুভক্তিচন্দ্রিকা" বা "গুরুভক্তিচিন্তামণি" ১টি, "মণিমঞ্জরী" ১টি, "ব্রজনিগূঢ়তত্ত্বসার" ২টি, "কাঁকড়াবিছা" গ্রন্থ ১টি, "রসতত্ত্ব" ১টি, "সাধ্যকৌমুদী" ১টি, "ব্রজপুরকারিকা"-২টি, "স্মরণীয় টিকা" ১টি, "সাধন টিকা" ১টি, "ধ্যানচন্দ্রিকা" ১টি, গুরুতত্ত্ব ১টি, "দেহতত্ত্ব" ১টি, "পদ্মমালা" ১টি, এই সকল ব্যতীত আরও দুই-চারিটি আছে।

উল্লিখিত ৩০০পুঁথির অনেকগুলি খণ্ডিত এবং বেশ কিছু সংখ্যক পুঁথিতে তারিখ নাই। যে পুঁথিগুলিতে তারিখ পাওয়া গিয়াছে তাহার মধ্যে উনিশ শতকের পুঁথিই বেশী। ১৯ শতকের নকল করা "প্রেমভক্তিচন্দ্রিকার" পুঁথির সংখ্যা ৪৬, "ভক্তি-উদ্দীপনে"র ১টি, "সাধ্য প্রেমচন্দ্রিকা" ১টি, "রসভক্তিচন্দ্রিকা" ১টি, "চমৎকারচন্দ্রিকা" ৩টি, "গুরুশিষ্যসংবাদ"-এর ২টি, "উপাসনাতত্ত্ব"-এর ৫টি, "চতুর্দ্দশ পটলে"র ৪টি এবং "স্মরণমঙ্গলে"র ৪টি। নরোত্তমের যে সব রচনা ১৮ শতকে নকল করা হইয়াছে তাহাদের মধ্যে "প্রেমভক্তিচন্দ্রিকা"র পুঁথি হইল ৮ খানি, "ভক্তি-উদ্দীপন" ২টি, "সাধ্যপ্রেমচন্দ্রিকা" ২টি, "গুরুশিষ্যসংবাদ" ৪ খানি, "উপাসনাতত্ত্ব" ২টি, "চতুর্দ্দশ পটল" ৩টি, "স্মরণমঙ্গল" ২টি এবং "বৈষ্ণবামৃত" ১টি। ১৭শ শতকে ১৪টি "প্রেমভক্তিচন্দ্রিকা"র, ২টি সাধ্যপ্রেমচন্দ্রিকার ২টি, গুরুশিষ্যসংবাদের ২টি, "উপাসনাতত্ত্বে"র ২টি, "চতুর্দ্দশপটলে"র এবং ২টি "স্মরণ-মঙ্গলের"।

বৈষ্ণব-সাধনা-বিষয়ক নিবন্ধ

বৈষ্ণব-সাধনা-সম্পৃক্ত যে নিবন্ধগুলি বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় পাওয়া গিয়াছে, সেগুলির সংখ্যা উপেক্ষণীয় নহে। নিবন্ধগুলির রচয়িতারূপে যে নামগুলি ব্যবহৃত হইয়াছে, তাঁহারা আদৌ উক্ত নিবন্ধগুলি রচনা করিয়াছিলেন কিনা তদ্বিষয়ে সন্দেহ আছে। বৈষ্ণব-সাধনা নিবন্ধের অন্তরালে সহজিয়া সম্প্রদায়ের যে পুঁথি রহিয়াছে বলিয়া মনে করা হয় তাহা ঠিক নহে।

মুকুন্দদাসের সঠিক পরিচয় আমাদের অজ্ঞাত, তাঁহার নামে লিখিত আমরা নিম্নলিখিত পুঁথি পাইতেছি,—

(১) অমৃতরত্নাবলী[১], (২) চমৎকারচন্দ্রিকা[২] (৩) বৈষ্ণবামৃত[৩] (৪) শ্রীচৈতন্য-অমৃতবিন্দু সর্বতত্ত্বসার[৪] রঘুনাথ গোস্বামীর আত্মনির্ণয়,[৫] প্রেমকল্পতরু[৬], যুগলদাসের আগম[৭], বলরামদাসের পাষণ্ডদলন[৮], শ্রীনিবাস-আচার্যের কারিকাপটল[৯], শ্রীকৃষ্ণদাসের বৃন্দাবনলীলা[১০], শ্রীরূপের ব্রহ্মতত্ত্বনিবর্ত্ত[১১] লোচনদাসের বৃহৎনিগম[১২], দামোদর দাসের বৃন্দাবনপত্তন[১৩] কৃষ্ণমোহনদাসের ভক্তিমঞ্জরী[১৪] ও নিত্যানন্দলহরী[১৫], জগন্নাথদাসের তত্ত্বকথা[১৬] নিত্যানন্দ দাসের রসকল্পসার[১৭], রত্নদাসের ভজনতত্ত্বকথা[১৮] বৈষ্ণবদাসের সাধ্যসাধনতত্ত্ব[১৯],। এতদ্ব্যতীত অদ্বৈতসূত্রকড়চা[২০] বৃন্দাবন-ধ্যান[২১], দণ্ডাত্মিকা[২২] ও নূলোকসার-চিন্তামণি[২৩] প্রভৃতি পুঁথি কৃষ্ণদাসের নামে রহিয়াছে দেখা যায়।

বৈষ্ণব-সহজিয়া-তত্ত্ব, ও তৎবিষয়ক নিবন্ধ বিশ্ববিদ্যালয়ের পুঁথিসংগ্রহশালায় বহু রহিয়াছে। সহজকলিকা[২৪], সহজ পটল,[২৫] সহজ পুঁথি[২৬], সহজতত্ত্ব[২৭], সহজতত্ত্ব গ্রন্থ[২৮], সহজ-উপাসনা[২৯], সহজবস্তু[৩০], সহজবস্তুতত্ত্ব-সার[৩১], সহজিয়া[৩২] প্রভৃতি নামে সহজ-সাধনা-বিষয়ক পুঁথি আমাদের সংগ্রহশালায় পাওয়া যায়। বৈষ্ণব-সহজিয়া-অলঙ্কার গ্রন্থের পুঁথিরও অভাব নাই।

প্রাচীন পুঁথিতে বানান সমস্যা

প্রাচীনকালে মুদ্রাযন্ত্র ছিল না। লোকে মুদ্রাযন্ত্রের কাজ লেখনীর দ্বারাই সাধন করিত। প্রদেশ বা অঞ্চল

---

১ ক ১২১৭ ২ ক ৩৫১১ ৩ ক ১২০২ ৪ ক ১৪২৮ ৫ ক ১৯৪৯ ৬ ক ৪২৭৫
৭ ক ৬০৫৭ ৮ ক ১৪৯৭ ৯ ক ২৭৭৮ ১০ ক ১৩৮৮ ১১ ক ১১৮৫ ১২ ক ৩৫৩৭
১৩ ক ২৬০৬ ১৪ ক ২৫৮৯ ১৫ ক ২৫৯০ ১৬ ক ১২২৯ ১৭ ক ১৭০২ ১৮ ক ১৯৪৭
১৯ ক ১৬০৪ ২০ ক ৩৯৫৮ ২১ ক ১৩৮৮ ২২ ক ১৩৯৭ ২৩ ক ৫০৩৪ ২৪ ক ২৮২৮
২৫ ক ৪০২০ ২৬ ক ৪০২২-২৩ ২৭ ক ১৮৬৩ ২৮ ক ৬০৭ ২৯ ক ৫১৭৫ ৩০ ক ৫৩৫৯
৩১ ক ১৩৯৩ ৩২ ক ৪৬৮৩

ভেদে উচ্চারণের পার্থক্য যথেষ্ট ঘটিত। এখনকার তুলনায় তখন নিরক্ষরতা ছিল অনেক বেশী। শব্দের উৎপত্তি সম্বন্ধে জ্ঞান, শব্দের অর্থবোধ, বিশেষভাবে, সংস্কৃত অভিজ্ঞ ব্যক্তি ব্যতিরিক্ত অন্য কাহারও থাকিত না। এই সকল কারণে পুঁথিলেখার যুগে অর্থাৎ খ্রীষ্টীয় পঞ্চদশ শতক হইতে অষ্টাদশ শতকের শেষ পর্যন্ত বাংলা বানান বিভ্রাট বরাবর চলিয়া আসিতেছিল। এমন কি, নব্যভারতীয় আর্যভাষাগুলির উৎপত্তির পূর্বেও বানান বিভ্রাটের কারণ খুঁজিয়া পাওয়া যায়। অপভ্রংশ শব্দেও একাকারত্ব এবং তাহার উপর সংস্কৃতের প্রভাব শব্দের উচ্চারণ ও বানানকে অনেক সময়ে প্রভাবিত করিয়াছিল, তাহার ফলে একই সংস্কৃত শব্দের বানান দুই দেশ বা দুই অঞ্চলে দুই ভাবে লেখা হইতেছিল, উদাহরণস্বরূপ, —সূর্য্য-সূর্য, আর্য্য—আর্য, কাত্তিক—কার্তিক—ইত্যাদির উল্লেখ করা যাইতে পারে।

প্রাকৃত অপেক্ষা সংস্কৃত শব্দের বানানে বর্ণবিভ্রাট বেশী ঘটিত, ইহার কারণ দুইটি, সংস্কৃত শব্দের ব্যুৎপত্তি সাধারণ লোকের জানা থাকিত না এবং উচ্চারণের অনুসারে বানান লেখা হইত। বানান শব্দের ব্যুৎপত্তি অনুসারে হয়, এবং উচ্চারণ অনুসারে হয়। কিন্তু প্রাচীন কালে এই উভয়ের মিশ্রণ চলিত। এইরূপ কোন আদর্শের অভাবে যতদিন না মুদ্রাযন্ত্র আসিয়াছিল বর্ণ-ব্যত্যয় ততদিন অবাধে চলিয়াছিল। বাঙ্গালা ভাষার উপভাষা যেমন আজিও আছে, তেমনি পূর্বেও ছিল। লক্ষ্য করিলে দেখা যায় উচ্চারণের পার্থক্য পরিবার (Family) হইতে পল্লীতে এবং পল্লী হইতে অঞ্চল বিশেষে (Community) ব্যক্ত হইয়া একটি উপভাষার সৃষ্টি করিতেছে, যথা সংস্কৃত বৈদ্য>বেজ্জ>বেজ্জা-বেজো> বেজ্জী-বৈজি। এখন লক্ষ্য করিলে দেখা যাইবে শব্দশেষের আকার-ওকার স্থানে ঈ-কার প্রতিষ্ঠিত হইতেছে, এবং শেষ পর্যন্ত চন্দ্রবিন্দু (Nasalization) যুক্ত হইতেছে। দক্ষিণ-পশ্চিম বাংলায় বৈঁজি উচ্চারণ করিলেও অন্যত্র আজিও ইহার বেজি উচ্চারণ প্রচলিত আছে।

প্রাচীন বাংলা বিভিন্ন পুঁথিতে এই সকল সূত্রের ব্যাখ্যাস্বরূপ বিভিন্ন উপভাষাগত বানান যথেষ্ট দেখা যায় ;—

আত্মীয়—আত্তিঁয়, আঁত্তীয়, আত্যিয়, আঁত্যিয় ইত্যাদি।

যেখানে মূল শব্দে আনুনাসিক ধ্বনি নাই, সেখানে উচ্চারণের পার্থক্য বা বৈচিত্র্য আনুনাসিক ধ্বনি প্রবিষ্ট করাইয়া দিতেছে, যথা অশ্বমেধ—অস্বমেধ, অকস্মাৎ—অকস্তাৎ।

ই, ঈ এবং উ বা ঊ তে পার্থক্য লিখিতরূপে রক্ষিত হইত না। ইহার প্রচুর নিদর্শন পুঁথিগুলিতে পাওয়া যায়।

অ এবং যকারের মধ্যে মূলত পার্থক্য থাকিলেও প্রাদেশিক উচ্চারণে তাহা লুপ্ত হইতে বসিয়াছিল, অধোমুখ না লিখিয়া যধমুখ লেখা হইত আত্মারাম যাত্যারাম লেখা হইত।

য ফলা, ম ফলা, ব ফলার একাকারত্ব পুঁথিগুলিতে প্রায়ই চোখে পড়ে। বিদ্বান বিদ্মান, গোস্বামী গোস্তামি লেখা হইত।

স, ষ ও শ—এই তিন "শ" ধ্বনির শুদ্ধতা বানানে কোথাও বজায় নাই। যথা সৃষ্টিকে সৃষ্টি, স্বামীকে শামী লেখা হইত। আশীর্ব্বাদকে আসীর্ব্বাদ লেখা পাওয়া যায়।

"জ" ও "য" এর মধ্যে এইরূপ ব্যভিচার চলিত, অর্থাৎ উচ্চারণের অনুযায়ী বানান লেখা হইত। যদিকে জদি যত্নকে জত্ন, যোগিনীকে জোগিনী—এইরূপে বানান পুঁথিগুলিতে সচরাচর দেখা যায়।

ঋ ও র ফলার মধ্যেও এইরূপ ব্যভিচার দেখা যায়,—'ত্রিপদী', 'দৃঢ়' প্রভৃতি শব্দগুলি তৃপদী, দ্রঢ় রূপে পুঁথিগুলিতে দেখিতে পাই।

'খ' ও 'ক্ষ'র মধ্যেও এইরূপ ব্যভিচার পুঁথিতে দেখা যায়। উচ্চারণের ত্রুটির, ফলে বানানের মধ্যে দোষ দেখা দিত। যথা সংখ্যার স্থলে সংক্ষা পাই, এবং ক্ষিতির স্থলে 'খিতি' বানান পুঁথিতে পাই।

'ন' ও 'ণ'-এর মধ্যে বানানে কোন পার্থক্য ছিল না বলিয়াই বোধ হয়।

অসমাপিকা ক্রিয়া যথা, করিয়া, খাইয়া, যাইয়া-র 'য়া' উচ্চারণের তারতম্যে 'য়্যা'কার দিয়া কাজ সারা হইত।

অল্পপ্রাণ ও মহাপ্রাণের মধ্যে এইরূপ ব্যভিচার যথেষ্টই চক্ষে পড়ে, যথা—ভারতীর স্থলে ভারথী।

বাঙ্গালা লিপি, পুঁথিতে উল্লেখিত সন-সালের তারিখ ও পুঁথির পুষ্পিকা

খৃষ্টীয় ১০ম শতক পর্য্যন্ত উত্তর ভারতের সর্বত্র নাগরী লিপির প্রচলন ছিল। কালক্রমে নাগরী লিপির পূর্বদেশীয় সংস্করণ প্রস্তুত হইতে থাকে। তাহার আখ্যা হয় কুটিল লিপি, মতান্তরে তিরহুতি লিপি। এই লিপিতে 'হ', 'দ', 'জ', প্রভৃতি ব্যঞ্জনবর্ণের রূপ পরিবর্তিত দেখা যায়। ইহার প্রমাণস্বরূপ ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার বেলাব গ্রামে প্রাপ্ত, ভোজবর্মদেবের তাম্রশাসন, হরিবর্মদেবের প্রধানমন্ত্রী ভট্টভবদেবের ভুবনেশ্বরে অনন্ত বাসুদেবের মন্দির গাত্রে প্রশস্তির উল্লেখ করিতে পারি।

বাংলার বৈশিষ্ট্য লইয়া বাংলালিপির ক্রমবিকাশ মোটামুটিভাবে দ্বাদশ শতকে হইয়াছিল। রাজশাহী জেলার দেবপাড়া গ্রামে প্রদ্যুম্নেশ্বর শিবের মন্দিরগাত্রে উৎকীর্ণ বিজয়সেনদেবের প্রশস্তি, যাহা উমাপতিধরের রচনা, বারাকপুরে প্রাপ্ত বিজয়সেনদেবের অনুশাসনে তিরহুতি লিপি হইতে বাংলালিপি বিকাশের প্রাথমিক অবস্থার পরিচয় পাওয়া যায়। ইহার পর কাটোয়ার কাছে—নৈহাটীতে প্রাপ্ত বল্লালসেনের তাম্রশাসনে এবং আনুলিয়া, গোবিন্দপুর, তর্পণদিঘি ও শক্তিপুর গ্রামে প্রাপ্ত লক্ষ্মণসেনের অনুশাসনগুলিতে বাংলালিপির বিবর্তন সুষ্ঠু ও পরিণতরূপে দেখা যায়। তাম্রপট্টে, কাষ্ঠে ও প্রস্তরগাত্রে বাংলালিপির যে বিবর্তনের ধারা চলিয়াছিল, তাহার অনুসরণে মৃত্তিকাফলকে ও তালপত্রে প্রাচীন কালে যে সাহিত্য রচিত হইত, তাহার কিছুমাত্র অংশও আমাদের হস্তগত হয় নাই। প্রাচীনতম পুঁথি বলিতে আমরা শান্তিদেবকৃত বোধচর্যাবতারের, একখানি সংস্কৃত ন্যায়শাস্ত্রের পুঁথি (ন্যায়কন্দলি), বৌদ্ধদের পঞ্চরক্ষা এবং বাঁকুড়ায় প্রাপ্ত শ্রীকৃষ্ণকীর্তনের পুঁথি আমাদের অবলম্বন। ঐতিহাসিক রাখালদাস বন্দোপাধ্যায়ের Origin of the Bengali Script গ্রন্থে এই সকল পুঁথিতে প্রাপ্ত বাংলা লিপির সংগঠনের বিচার ও প্রমাণ দেখিতে পাওয়া যায়। Asiatic Society-র ও বঙ্গীয়-সাহিত্য-পরিষদের গ্রন্থাগারে এই সকল পুঁথি সযত্নে রক্ষিত হইয়াছে, পূর্বোক্ত ঐতিহাসিকের বিচারে এই প্রাচীন বঙ্গাক্ষর আনুমানিক পঞ্চদশ শতকের।

পঞ্চাশ শতক হইতে অষ্টাদশ শতকের শেষ পর্যন্ত সময়ের মধ্যে বাংলালিপির অল্পস্বল্প পরিবর্তন ঘটিয়াছিল ; মূলতঃ তাহা কোন স্বরমাত্রাদিযুক্ত ব্যঞ্জনাক্ষরে এবং যুক্তব্যঞ্জনের মধ্যেই সীমাহিত। যুক্তব্যঞ্জন বলিতে দুইটি ব্যঞ্জন এবং তিনটি ব্যঞ্জন অক্ষরের একত্র সমবায় বুঝাইতে চাই। ইহাদিগের মধ্যে কুটিল লিপির প্রাচীনতার আভাস এখনও পাওয়া যায়। উদাহরণস্বরূপ বলিতে চাই, ষ্ক, ক্ত, ক্র, ত্র, ন্ন, হৃ, ঙ্গ, ক্ব, হ্ব প্রভৃতি ঊনবিংশ শতকের প্রারম্ভে মুদ্রাযন্ত্রের ফাঁদে অক্ষর সরস্বতী আবদ্ধ হওয়ার পরেও সামুদ্রিক জটিলতার সাক্ষী শঙ্খের মতন কুটিল অক্ষরের মৌলিক ভঙ্গী বহন করিতেছে। সার কথা এই যে, বাংলালিপির সংগঠন ভঙ্গী লক্ষ্য করিলে বুঝা যায় যে এই লিপির বিবর্তনে বাঙ্গালী কলাকারদিগের শিল্প-সৌন্দর্য বোধ যথেষ্ট সজাগ ছিল, তাই অক্ষর পুষ্টির মূলে শায়িত ও দণ্ডায়মানভাবে রেখার, কুণ্ডলীর ও অন্যান্য চিহ্নের সুষ্ঠু সংস্থান লক্ষণীয়। বাঙ্গালা লিপির ব্যবহার বাম হইতে দক্ষিণে অন্যান্য লিপির মতই সাধারণ। সংখ্যা লেখার ধরণ উপর হইতে নীচে অন্যান্য লিপির মত। মাত্রামূলকতা বাঙলা লিপির প্রধান শর্ত, ইহাও বোধ হয়, অক্ষর সমূহের পক্ষে সৌন্দর্যোৎপাদক। যে কয়েকটি অক্ষরের মাত্রা নাই, সেগুলি যথাক্রমে, ঋ, ৯, এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ণ, ৎ, ঃ, ঁ। বাঙ্গালায় মোট অক্ষর ৪৫টির স্থানে, ৯-কার বাদে ৪৮টি মৌলিক অক্ষরের প্রয়োগ দেখা যায়। বলা বাহুল্য 'ৎ' বাঙলার নিজস্ব ব্যঞ্জন অক্ষর যেমন, 'য়' (য-এর পাশাপাশি,) আরও একটি এইরূপ অক্ষর।

তাম্রফলক বা তাম্রপট্ট ব্যতীত প্রাচীন বঙ্গলিপির প্রয়োগ আমরা কাষ্ঠ, মৃত্তিকাফলকে, প্রস্তরফলকে, তাম্র ব্যতীত অন্যান্য ধাতুজ পট্টে ও ফলকে, তালপত্রে, তুলট বা বালির কাগজে দেখিয়াছি। ভূর্জ পত্রে কোথায়-ও বাংলালিপি দেখি নাই। তুলট কাগজে লেখা বাংলা সাহিত্য প্রচুর আমাদের হস্তগত হইয়াছে।

প্রাচীন বাঙ্গালা পুঁথির লেখক ও অনুলিপিকরেরা গ্রন্থ প্রারম্ভ ও সমাপন ব্যপদেশে বিবিধ সালের উল্লেখ করিয়া গিয়াছেন, এই সালগুলির মধ্যে সর্বভারতে প্রচলিত শকাব্দ ব্যতীত মল্লাব্দ, মঘী সালের উল্লেখ পুঁথিগুলিতে পাওয়া

যায়। শকাব্দের সহিত ৭৮ সংখ্যা যোগ করিলে খ্রীষ্টাব্দ, মল্লসনের সহিত ১০১ সংখ্যা যোগ করিলে বাঙ্‌লা সন পাওয়া যায়। বিষ্ণুপুর অঞ্চলে প্রাপ্ত বাংলা পুঁথিগুলিতে মল্লসনের উল্লেখ থাকা এক অবিসংবাদিত সত্য, বিষ্ণুপুর অঞ্চলে প্রাপ্ত অনেক পুঁথিতে আবার মল্লসনের উল্লেখ থাকে না, সেক্ষেত্রে পুঁথির অক্ষর দেখিয়া অনুলিপির বয়স ঠিক করা উচিত হইবে চট্টগ্রাম অঞ্চলে প্রাপ্ত পুঁথিগুলিতে মঘীসন দেওয়ার রীতি দেখা যায়, মঘীসন বাঙ্গলা সনের ৪৫ বৎসরের পূর্ববর্তী। উনবিংশ শতাব্দে রচিত বাঙ্গালা কোন কোন পুঁথি শকও সালের সঙ্গে খ্রীষ্টাব্দের উল্লেখও বিরল নহে। অনুলিপিকরগণ সাল বা শকাব্দের সঙ্গে বার তিথি এমন কি দণ্ডপলের যথাযথ সংবাদও পরিবেশন করিয়াছেন।

পুঁথিলেখক তাহার পরিচয়ের সঙ্গে তাঁহার পূর্বপুরুষদিগের নাম, ধাম, গোত্রও উল্লেখ করিতেন, যাহার জন্য পুঁথি নকল করিয়া দিতেছেন, তাহার পরিচয়ও দিতে ভুলিতেছেন না, পুষ্পিকায় পুঁথি লিখিবার জন্য পারিশ্রমিকের কথা ত থাকিতই, বানান ভুলের জন্য যে দোষ হইয়াছে তাহার জন্য পাঠকদিগের নিকট ক্ষমা প্রার্থনাকারি কথা, ভীমস্যাপি রণে ভঙ্গ মুনীনাঞ্চ মতিভ্রমঃ, জথা দিষ্টং তথা লিখিতং লিখকো দোষ নাস্তি—প্রভৃতি একই প্রকার গৎ আমরা প্রতি পুঁথিতেই লক্ষ্য করিয়াছি। চোরের উপর অভিশাপ বর্ষণ ও কোন কোন পুঁথিতে দেখা যায়।

প্রাচীন বাঙ্গালা পুঁথির উপর নির্ভর করিয়া গ্রন্থাদির সুষ্ঠু সম্পাদন ও তাহাদের প্রকাশ করা এক বিশেষ সমস্যা। একই কবির রচিত গ্রন্থের যদি বিভিন্ন পুঁথির সন্ধান পাওয়া যায়, তবে দেখা যাইবে বিভিন্ন পুঁথির পাঠের মধ্যে যথেষ্ট গরমিল বা অতিরিক্ত পাঠের অস্তিত্ব বিদ্যমান রহিয়াছে। বিশিষ্ট কোনও গ্রন্থের সংস্করণ করিতে বিভিন্ন কয়েকটি পুঁথির উপর নির্ভর করিয়া অগ্রসর হওয়া যায়, তবে সম্পাদকের নিম্নলিখিত বিষয়ে অবহিত হওয়া দরকার,—

বিভিন্নপ্রকার বানানের মধ্যে সাম্য রক্ষা, লিপিবিষয়ক জ্ঞান, ধ্বনিবিজ্ঞান, ও ধ্বনিতত্ত্ব সম্বন্ধে অভিজ্ঞতা, প্রাদেশিক উপভাষা ও ভাষাতত্ত্ব সম্বন্ধে জ্ঞান, ঐতিহাসিক কালানুক্রম, সংশ্লিষ্ট বিষয়বস্তু ও সাহিত্য সম্বন্ধে মোটামুটি পরিচিতি, ঋণাত্মক শব্দ সম্বন্ধে চেতনা, মূল পাঠ নির্বাচনে সবিশেষ অধিকার থাকা দরকার। মূল রচনার পাঠান্তর বা প্রক্ষিপ্ত অংশ ও অনুলেখক বিশেষের হস্তে পড়িয়াই জন্মলাভ করে, এবং মূল রচনার সহিত এইরূপ অঙ্গীভূত স্থিতিলাভ করে যে তাহা বিশ্লেষণ করিয়া ফেলা কঠিন কাজ। হরিবংশের প্রাচীন পুঁথির সহিত উক্ত নিবন্ধের বিভিন্ন পুঁথি মিলাইয়া দেখিয়াছি যে মূল প্রাচীন পুঁথির সহিত পরবর্তীযুগে বা স্থানান্তরে লিখিত পাঠের বিভিন্ন তারতম্য ঘটিয়াছে। উক্ত গ্রন্থের প্রাচীন পুঁথিতে একটি বিশেষ কাহিনীর উল্লেখমাত্র ছিল, পরবর্তী যুগের পুঁথিতে উক্ত কাহিনীর পল্লবায়িত রূপ দেখিতে পাই। এক্ষেত্রে কাহিনীটির বিস্তারিত রূপ যে মূল পুঁথির অঙ্গীভূত ছিল না তাহা সহজেই অনুমান করা,চলে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের পক্ষ হইতে রামতনুলাহিড়ী অধ্যাপক ডঃ শশিভূষণ দাশগুপ্ত মহাশয় বাঙ্গালা পুঁথির সংক্ষিপ্ত পরিচয় প্রণয়ন ও সম্পাদনের যে ভার আমার উপর অর্পণ করিয়াছিলেন তাহার জন্য আমি তাঁহাকে এবং বাগেশ্বরী অধ্যাপক ডঃ নীহাররঞ্জন রায়, রবীন্দ্র অধ্যাপক প্রমথনাথ বিশী, রেজিষ্টার ডঃ গোলাপ চন্দ্র রায়চৌধুরী—মহোদয়গণের সস্নেহ পৃষ্ঠপোষকতার জন্য সশ্রদ্ধ কৃতজ্ঞতা জানাইতেছি। অধ্যাপক ডঃ আশুতোষ ভট্টাচার্য, অধ্যাপক চিন্তাহরণ চক্রবর্তী, অধ্যাপক সত্যব্রত রায়, শ্রীঅক্ষয় কয়াল প্রভৃতি মহোদয়গণ অকৃপণ ভাবে আমার এই সম্পাদন কার্যে বিশেষ সহায়তা করিয়াছেন। আমি ইহাদিগের নিকট বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। ইহাও স্বীকার্য যে বিশ্ববিদ্যালয়ের পুঁথিগুলির তালিকার অনুলিপি প্রস্তুত করিতে শ্রীরবি মিত্র ও শ্রীসুকুমার মিত্র আমার শ্রমের লাঘব করিয়াছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রকাশন বিভাগের সম্পাদক ডঃ পীযূষকান্তি মহাপাত্র ও সরস্বতী প্রেসের শ্রীঅরুণ কুমার বসু গ্রন্থটির দ্রুত মুদ্রণ ও প্রকাশনের সুব্যবস্থা করায় আমি বিশেষ ঋণী রহিলাম। গ্রন্থটির প্রুফ দেখার কার্যে আমার স্ত্রী শ্রীকমলা পাল আমাকে বিশেষ সহায়তা করিয়াছেন, সেইজন্য তাঁহার কাছে আমি কৃতজ্ঞ।

২৯শে জুন '৬৪ শ্রীপ্রফুল্লচন্দ্র পাল
২৫বি, বেলতলা রোড, কলিকাতা-২৬

A General Catalogue of Bengali Manuscripts in the Library of the University of Calcutta.

Vol. II

No.	Name	Author	Folia	Date	Remarks
2112	Rādhikār Stotra, Rādhikā-Kavaca, Rāga-Siddha-Kārikā	Raghunātha Dāsa	1-3, 5-7	1271 B. S., 1864 A. D.	Incomplete
	রাধিকার স্তোত্র, রাধিকা-কবচ, রাগ-সিদ্ধ-কারিকা	রঘুনাথ দাস	১-৩, ৫-৭	সন ১২৭১ সাল, খৃঃ ১৮৬৪	অসম্পূর্ণ
2113	Mahābhārata—Musala-Parva	Kāśīrāma Dāsa	1-8	1243 B. S., 1836 A. D.	Complete
	মহাভারত—মুসলপর্ব্ব	কাশীরাম দাস	১-৮	সন ১২৪৩ সাল, খৃঃ ১৮৩৬	সম্পূর্ণ
2114	Yogādyār Vandanā		2, 4	1271 B. S., 1864 A. D.	Incomplete
	যোগাদ্যার বন্দনা		২, ৪	সন ১২৭১ সাল, খৃঃ ১৮৬৪	অসম্পূর্ণ
2115	Braja-Līlā ব্রজলীলা		10-11, ১০-১১		Incomplete ঐ
2116	Caitanya-Candra-Vastu-Nirūpaṇa চৈতন্যচন্দ্র-বস্তুনিরূপণ		1-11	1273 B. S., 1866 A. D.	Complete
			১-১১	সন ১২৭৩ সাল, খৃঃ ১৮৬৬	সম্পূর্ণ
2117	Maṇi-Mañjuri মণিমঞ্জুরি	Narottama Dāsa	1-5	1273 B. S., 1866 A. D.	Complete
		নরোত্তম দাস	১-৫	সন ১২৭৩ সাল, খৃঃ ১৮৬৬	সম্পূর্ণ
2118	Rāga-Siddha-Kārikā and other Sahajiyā Mss.		1-6		
	রাগ-সিদ্ধ-কারিকা ও অন্যান্য সহজিয়া পুঁথি		১-৬		
2119	Nameless Mss. (Vaiṣṇava)		1-4		Incomplete
	নামহীন পুঁথি (বৈষ্ণব)		১-৪		অসম্পূর্ণ

No.	Name	Author	Folia	Date	Remarks
2120	Rasatattvasār-Kārikā	Rasamaya Dāsa	2-11	1107 B. S., 1700 A. D.	Incomplete
	রসতত্ত্বসার-কারিকা	রসময় দাস	২-১১	সন ১১০৭ সাল, খৃঃ ১৭০০	অসম্পূর্ণ
2121	Tulasī-Māhātmya	Dvija Bhagīratha	1-5		Incomplete
	তুলসী-মাহাত্ম্য	দ্বিজ ভগীরথ	১-৫		অসম্পূর্ণ
2122	Svarūpa-Varṇana	Kṛṣṇa Dāsa	1-7	1078 B. S., 1671 A. D.	Complete
	স্বরূপবর্ণন	কৃষ্ণ দাস	১-৭	সন ১০৭৮ সাল, খৃঃ ১৬৭১	সম্পূর্ণ
2 23	Premāmṛta Grantha	Narahari Dāsa	1-3		Complete
	প্রেমামৃত গ্রন্থ	নরহরি দাস	১-৩		সম্পূর্ণ
2124	Javāmañjuri (Sahajiyā)				
	জবামঞ্জুরি (সহজিয়া)				
2125	Sādhya-Prema-Candrikā	Narottama Dāsa	1-7		Complete
	সাধ্য-প্রেম-চন্দ্রিকা	নরোত্তম দাস	১-৭		সম্পূর্ণ
2126	Nameless Mss. and some stray leaves	Kavicandra			
	নামহীন পুঁথি ও কতকগুলি ছিন্ন পত্র	কবিচন্দ্র			
2127	Mahābhārata—Karṇa-Parva	Kāśirāma Dāsa (?)	1-24		Complete
	মহাভারত—কর্ণপর্ব্ব	কাশীরাম দাস (?)	১-২৪		সম্পূর্ণ
2128	Nāradīya Purāṇa	Kṛṣṇajīvana	1-16	1190 B. S., 1783 A. D.	Complete
	নারদীয় পুরাণ	কৃষ্ণজীবন	১-১৬	সন ১১৯০ সাল, খৃঃ ১৭৮৩	সম্পূর্ণ
2129	Mahābhārata		37-38, 40-50, 52-96 116-124, 126-204,		Incomplete
	মহাভারত		৩৭-৩৮, ৪০-৫০, ৫২-৯৬, ১১৬-১২৪, ১২৬-২০৪,		অসম্পূর্ণ
2130	Bh gavata—Chapter X		1-17		Complete
	ভাগবত—দশম পরিচ্ছেদ		১-১৭		সম্পূর্ণ

No.	Name	Author	Folia	Date	Remarks
2131	Mahābhārata—Santi-Parva	Kāśirāma Dāsa	1-80	1232 Śaka, 1310 A. D.	Complete
	মহাভারত—শান্তিপর্ব্ব	কাশীরাম দাস	১-৮০	শক ১২৩২, খ: ১৩১০	সম্পূর্ণ
2132	Mahābhārata—Virāṭa-Parva	Kaśirāma Dāsa	35		Incomplete
	মহাভারত—বিরাটপর্ব্ব	কাশীরাম দাস	৩৫		অসম্পূর্ণ
2133	Premavilāsa	Nityānanda Dāsa	1-72		Incomplete
	প্রেমবিলাস	নিত্যানন্দ দাস	১-৭২		অসম্পূর্ণ
2134	Mahābhārata—Sabhā-Parva	Kāśirāma Dāsa	1-50	1206 B. S., 1799 A. D.	Complete
	মহাভারত—সভাপর্ব্ব	কাশীরাম দাস	১-৫০	সন ১২০৬ সাল, খৃ: ১৭৯৯	সম্পূর্ণ
2135	Padāvali	Nayanānanda	1-14		Complete
	পদাবলী	নয়নানন্দ	১-১৪		
2136	Premavilāsa	Nityānanda	1-84		Incomplete
	প্রেমবিলাস	নিত্যানন্দ	১-৮৪		অসম্পূর্ণ
2137	Mahābhārata—Gadā-Parva	Kaśirāma Dāsa	1-6		Complete
	মহাভারত—গদাপর্ব্ব	কাশীরাম দাস	১-৬		সম্পূর্ণ
2138	Draupadir Vastraharaṇa	Kavichandra	1-8		Complete
	দ্রৌপদীর বস্ত্রহরণ	কবিচন্দ্র	১-৮		সম্পূর্ণ
2139	Mahābhārata—Karṇa-Parva	Kāśirama Dāsa	1-26	1282 B. S., 1875 A. D.	Complete
	মহাভারত—কর্ণপর্ব্ব	কাশীরাম দাস	১-২৬	সন ১২৮২ সাল, খৃ: ১৮৭৫	সম্পূর্ণ
2140	Mahābhārata—Droṇa-Parva	Nandarāma Datta	62, 66-69		Incomplete
	মহাভারত—দ্রোণপর্ব্ব	নন্দরাম দত্ত	৬২, ৬৬-৬৯		অসম্পূর্ণ
2141	Gośinger Yuddha		1-13	1272 B. S., 1865 A. D.	Complete
	গোশিঙ্গের যুদ্ধ		১-১৩	সন ১২৭২ সাল, খৃ: ১৮৬৫	সম্পূর্ণ
2142	Akrurāgamana	Candraśekhara	2-4, 6-7, 10-13, 15-22	1238 B. S., 1831 A. D.	Incomplete
	অক্রূরাগমন	চন্দ্রশেখর	২-৪, ৬-৭, ১০-১৩, ১৫-২২	সন ১২৩৮ সাল, খৃ: ১৮৩১	অসম্পূর্ণ
2143	Mahābhārata—Ādi-Parva	Kāśirama Dāsa	2-82	1204 B. S., 1797 A. D.	Incomplete
	মহাভারত—আদিপর্ব্ব	কাশীরাম দাস	২-৮২	সন ১২০৪ সাল, খৃ: ১৭৯৭	অসম্পূর্ণ

No.	Name	Author	Folia	Date	Remarks
2144	Premavilāsa	Nityānanda Dāsa	1-149		Complete
	প্রেমবিলাস	নিত্যানন্দ দাস	১-১৪৯		সম্পূর্ণ
2145	Caitanyac-androdaya-Kaumudī	Premadāsa	1-177	1106 B. S., 1699 A. D.	Complete
	চৈতন্য-চন্দ্রোদয়-কৌমুদী	প্রেমদাস	১-১৭৭	সন ১১০৬ সাল, খৃঃ ১৬৯৯	সম্পূর্ণ
2146	Purāṇa-Pramāṇa	Kṛṣṇadāsa	1-23	1213 B. S., 1806 A. D.	Complete
	পুরাণ-প্রমাণ	কৃষ্ণদাস	১-২৩	সন ১২১৩ সাল, খৃঃ ১৮০৬	সম্পূর্ণ
2147	Govinda-Ratimañjurī	Ghanaśyāma Dāsa	1-18		Complete
	গোবিন্দ-রতিমঞ্জুরী	ঘনশ্যাম দাস	১-১৮		সম্পূর্ণ
2148	Mahābhārata	Kavīndra Parameśvara	1-305		Incomplete
	মহাভারত	কবীন্দ্র পরমেশ্বর	১-৩০৫		অসম্পূর্ণ
2149	Mahābhārata—Droṇa-Parva	Kāśirāma Dāsa	1, 3-24, 26-39, 41-46	1118 B. S., 1711 A. D.	Incomplete
	মহাভারত—দ্রোণপর্ব্ব	কাশীরাম দাস	১, ৩-২৪, ২৬-৩৯, ৪১-৪৬	সন ১১১৮ সাল, খৃঃ ১৭১১	অসম্পূর্ণ
2150	Mahābhārata—Udyoga-Parva	Kāśirāma Dāsa	1-27		Incomplete
	মহাভারত—উদ্যোগপর্ব্ব	কাশীরাম দাস	১-২৭		অসম্পূর্ণ
